উত্তরবঙ্গের আত্মার আত্মীয়

# উত্তরবঙ্গ সংবাদ


সেনসেক্স : ৮৩,৭৫৫.৮৭ (+১০০০.৩৬)
নিফটি : ২৫,৫৪৯.০০ (+৩০৪.২৫)

**ব্ল্যাক বক্স উদ্ধার, কারণ অধরাই**
দুর্ঘটনাগ্রস্ত এআই-১৭১'এর ব্ল্যাক বক্স থেকে তথ্য উদ্ধার করা সম্ভব হয়েছে বলে দাবি করেছে কেন্দ্র। যদিও বিমান দুর্ঘটনার আসল কারণ এখনও অধরা। » ১০

**ডিএ ঘোষণা নেই**
২৭ জুনের মধ্যে বকেয়া ডিএ'র ২৫ শতাংশ দেওয়ার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। কিন্তু বৃহস্পতিবারও রাজ্যের তরফে বকেয়া মহার্ঘ ভাতা নিয়ে কোনও ঘোষণা করা হল না। » ৭

আজকের সম্ভাব্য তাপমাত্রা

| | শিলিগুড়ি | জলপাইগুড়ি | কোচবিহার | আলিপুরদুয়ার |
|---|---|---|---|---|
| সর্বোচ্চ | ৩৩° | ৩৩° | ৩৪° | ৩৩° |
| সর্বনিম্ন | ২৫° | ২৬° | ২৬° | ২৬° |

**এত ক্যাচ ফেলে জেতা যায় না : সামি** » ১১




শিলিগুড়ি ১২ আষাঢ় ১৪৩২ শুক্রবার ৫.০০ টাকা 27 June 2025 Friday 12 Pages Rs. 5.00 ইন্টারনেট সংস্করণ www.uttarbangasambad.in Vol No. 46 Issue No. 40


উত্তরের খোঁজে

## বিধানসভার আভিজাত্য নষ্ট করছে দুই পার্টি

**রূপায়ণ ভট্টাচার্য**



পাশ দিয়ে হেঁটে যাওয়ার সময় চন্দ্রমল্লিকা ও ডালিয়ার রকমারি অবস্থান দেখে ঢোকার ইচ্ছে জাগে মাঝে মাঝে। শীতের সময় তখন।

ওই যে বিশাল সাদা রঙের বাড়ি সম্মোহিত করে হাতছানি দিয়ে ডাকে, তা উপেক্ষা করা কঠিন। ইতিহাসের বাড়িটার ভেতরে না জানি কত কী রয়েছে!

এখন সেই মোহ ভেঙে খানখান বহুদিন। আর ইচ্ছে হয় না। বরং মন বলে, ওই বাড়ি বাঙালির বড় ক্ষতি করে দিচ্ছে। অনেকটা লখনউয়ের শাহ নজফ ইমামবাড়ার স্টাইলে তৈরি ওই বাড়িতে তৈরি হচ্ছে গুন্ডারাজ।

মানুষ কাদের দেখে শেখে? বড়দের দেখে তো। যে বাড়িটা নিশির ডাকের মতো রহস্যময়, সেই বিধানসভা এখন কুৎসিত কদাকার এক দুঃস্বপ্নের হদিস দিচ্ছে। বাংলার যে গভর্নরের আমলে ১৯৩১ সালে, ২১ লক্ষ ৩৪ হাজার টাকায় তৈরি হয় বাড়িটা, সেই ফ্রান্সিস স্ট্যানলি জ্যাকসন কবরে নড়ে বসবেন বিরক্তিতে।

জ্যাকসন ইংল্যান্ডের হয়ে টেস্ট খেলেছেন, উইজডেনের বর্ষসেরা হয়েছেন। *এরপর আটের পাতায়*

ইতিহাস ও উল্লাস





*আন্তর্জাতিক মহাকাশকেন্দ্রে পৌঁছে ইতিহাস গড়লেন ভারতের শুভাংশু শুক্লা (বাঁয়ে)। মহাকাশে পৌঁছোতেই অভিবাদন স্ত্রী ও বাবা-মা'র। বৃহস্পতিবার।*

# বন্ধ বাড়িতে নরকঙ্কাল

**শমিদীপ দত্ত**



**খুনের সন্দেহ**

- গত বছরের অগাস্ট মাস থেকে নিখোঁজ সিকিমের পাসাং ডোমা শেরপা
- শিলিগুড়ির দেবীডাঙ্গায় একটি বাড়ি রয়েছে তাঁর
- প্রায়শই দ্বিতীয় স্বামীর সঙ্গে সেখানে এসে থাকতেন পাসাং
- বৃহস্পতিবার ওই বাড়িতে এক মহিলার কঙ্কাল মিলেছে
- সন্দেহ সেই কঙ্কালটি আদতে পাসাংয়েরই

**শিলিগুড়ি, ২৬ জুন :** শিলিগুড়িতে ফের হাড়হিম কাণ্ড। বন্ধ বাড়িতে মিলল মহিলার কঙ্কাল। পুলিশের প্রাথমিক অনুমান, কঙ্কালটি বাড়ির মালকিন পাসাং ডোমা শেরপার (৫৭)। তবে তা নিশ্চিত হতে কঙ্কালটি ডিএনএ পরীক্ষার জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে পুলিশ।

বৃহস্পতিবার দেবীডাঙ্গার হিমকোর্স ভবন এলাকার এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। কঙ্কালটি কতদিন ধরে বাড়িতে পড়ে রয়েছে, সেটাও নিশ্চিত নয়। বাড়িটিতে পাসাংয়ের পাশাপাশি থাকতেন তাঁর দ্বিতীয় স্বামী ধনঞ্জয়কুমার ভগৎ। বাড়িটিও এখন তাঁর নামে। রহস্য বেড়েছে, ধনঞ্জয়ের হদিস না মেলায়।

প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার বলছেন, 'আমরা খুনের মামলা রুজু করেই তদন্ত শুরু করেছি। ডিএনএ রিপোর্টের ভিত্তিতে পরবর্তী পদক্ষেপ করা হবে।'

পাশাং নিখোঁজ হয়েছিলেন প্রায় ১০ মাস আগে। সেসময় সিকিমের টেমি থানায় মিসিং ডায়েরিও করেছিলেন প্রথম পক্ষের ছেলে অশোক লিম্বু। কিন্তু তন্নতন্ন করে খুঁজেও হদিস মিলছিল না পাসাংয়ের। পরে অশোক জানতে পারেন, প্রধাননগর থানা এলাকার দেবীডাঙ্গায় পাসাংয়ের একটি বাড়ি রয়েছে। সেই কারণে চলতি বছরের জানুয়ারি মাসে প্রধাননগর থানাতেও একটি মিসিং ডায়েরি লেখান অশোক। যদিও বাড়ি ঠিক কোনটা, না চেনায় বিপদে পড়তে হয় তাঁকে। শেষমেশ বাড়িটি চিহ্নিত করে বৃহস্পতিবার ম্যাজিস্ট্রেটের ওয়ারেন্ট নিয়ে সিকিম পুলিশের সঙ্গে এখানে আসেন অশোক। প্রধাননগর থানার পুলিশও যৌথভাবে বাড়িটি চিহ্নিত করে।

বাড়িটির সামনে পৌঁছাতেই মেইন গেটে তালা দেখতে পায় পুলিশ। সেই তালা ভেঙে দ্বিতীয় তলায় ওঠার পরই বিছানায় নজরে আসে নরকঙ্কাল। গোটা ঘরটাই লন্ডভন্ড।

প্রায় ২৫ বছর ধরে মায়ের সঙ্গে কোনও যোগাযোগ ছিল না অশোকের। যদিও ওই কঙ্কালের গায়ে জড়ানো পোশাকের ধরন দেখে অশোকের অনুমান, সেটা তাঁর মায়েরই। এদিন হাড়হিম দৃশ্য দেখে নিজেকে ঠিক রাখতে পারছিলেন না অশোক। কাঁদতে কাঁদতেই বারবার বলছিলেন, 'মায়ের মৃত্যুর তদন্ত হোক।' *এরপর আটের পাতায়*

# বিহার বাহানা, বাংলা নিশানা

## ভোটার তালিকায় চক্রান্ত দেখছেন মমতা

**চিত্ত মাহাতো ও দীপ্তিমান মুখোপাধ্যায়**

**দিঘা ও কলকাতা, ২৬ জুন :** ভোটার তালিকার সার্বিক সংশোধনের সিদ্ধান্তে সিঁদুরে মেঘ দেখছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তালিকায় বেআইনিভাবে কেউ থেকে থাকলে তাঁকে বাদ ও প্রকৃত ভোটারদের অন্তর্ভুক্ত করার লক্ষ্যে নির্বাচন কমিশনের পদক্ষেপকে সন্দেহের চোখে দেখছেন তিনি। বিহার বিধানসভার আসন্ন নির্বাচনের লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ ঘোষণা করেছে নির্বাচন কমিশন। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রীর ভাষায়, 'বিহার বাহানা মাত্র, নিশানায় আসলে বাংলা।'

রথযাত্রার প্রস্তুতির তদারকি করতে বুধবার থেকে দিঘায় আছেন তিনি। সেই কাজের ফাঁকে সাংবাদিক বৈঠক ডেকে ভোটার তালিকা প্রসঙ্গ টেনে আনায় স্পষ্ট, নির্বাচন কমিশনের পদক্ষেপকে তিনি কতটা গুরুত্ব দিচ্ছেন। তাঁর অভিযোগ, মহারাষ্ট্রের স্টাইলে নির্বাচন কমিশনকে সামনে রেখে ভোটে কারচুপি করতে চাইছে বিজেপি। মমতার মতে, গরিব ও পরিযায়ী শ্রমিকদের ভোটার তালিকা থেকে সরাতে এই 'চক্রান্ত।'

নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, ভোটার তালিকার সার্বিক সংশোধনের লক্ষ্যে বাড়ি বাড়ি সমীক্ষা করা হবে। সেই সমীক্ষায় ২০০৩ সালের ভোটার তালিকাকে ভিত্তি ধরা হচ্ছে। ওই তালিকায় যাঁদের নাম নেই, নাগরিকত্বের সপক্ষে সরকারি নথি না দিতে পারলে তাঁদের আর নথিভুক্ত করা হবে না। ওই নথি বলতে জন্মস্থানের প্রামাণ্য নথি। এছাড়া ১৯৮৭ সালের ১ জুলাইয়ের আগে জন্ম হয়ে থাকলে শুধু জন্মস্থান নয়, জন্ম তারিখেরও সরকারি প্রমাণ পেশ করতে হবে। *এরপর আটের পাতায়*






**সার্বিক সংশোধন**

- ২০০৩-এর ভোটার তালিকাই ভিত্তি
- ওই তালিকায় নাম না থাকলে নাগরিকত্বের প্রমাণ দিয়ে আবেদন
- ১৯৮৭-এর ১ জুলাইয়ের আগে জন্ম হলে জন্ম তারিখ ও জন্মস্থানের প্রমাণ দাখিল
- ১৯৮৭-এর ১ জুলাই থেকে ২০০৪-র ১২ ডিসেম্বরের মধ্যে জন্ম হলে বাবা বা মায়ের ওই দুই নথি প্রয়োজন
- ২০০৪-এর ১২ ডিসেম্বরের পর জন্ম হলে বাবা ও মা-দুজনেরই নথি বাধ্যতামূলক
- ২৫ জুলাইয়ের মধ্যে ফর্ম জমা না করলে খসড়া ভোটার তালিকায় বাদ
- খসড়া ভোটার তালিকা প্রকাশ ১ অগাস্ট। এরপর দাবি বা আপত্তি জানানোর সুযোগ







# নেশামুক্তিতে নতুন ভোরের গল্প

**অনসূয়া চৌধুরী**

জলপাইগুড়ি, ২৬ জুন : একটা সময় ছিল, যখন পুলিশের ভ্যানের আওয়াজ কানে এলেই গা-ঢাকা দেওয়াটা ছিল অভ্যাস। হবেই বা না কেন, পাড়ার বাড়ি বা নিজের ঘর, নেশার টাকা জোগাড়ে তাঁর হাতসাফাই ছিল নিত্যদিনের ঘটনা। এমনকি ২০-৩০ টাকার জন্য নিজের জামাকাপড় পর্যন্ত বিক্রি করেছেন। সেই শিলাজিৎ চক্রবর্তী বৃহস্পতিবার আন্তর্জাতিক মাদকবিরোধী দিবসে জলপাইগুড়ি জেলা পুলিশের তরফে আয়োজিত অনুষ্ঠানে পুলিশকর্তাদের পাশে, বিশেষ বক্তা।

নেশাগ্রস্ত চোর থেকে নেশামুক্তিকেন্দ্রের কাউন্সেলার, বদলে যাওয়া জীবনের এই উত্তরণ শোনাতে গিয়ে বারবার অতীতের পথে হেঁটেছেন শিলাজিৎ। তখন বয়স মাত্র ১২। বন্ধুদের সঙ্গে গলায় ঢেলেছিলেন সামান্য মদ।



*মাদক বিরোধী নাটকে শিলাজিতের দল।*

নতুন ঘোর। এই ঘোরের টানেই মদ হয়ে ওঠে নিত্যদিনের সঙ্গী। কিন্তু গন্ধটাকে তাঁর নাক সহ্য করতে পারেনি। তাই হাতে তুলে নেওয়া গাঁজার কলকে। একটা সময় গাঁজাতেও নেশা ধরে না। শুরু হয়ে যায় শরীরে ড্রাগসের ইনজেকশন। এদিন তিনি বলছিলেন, 'প্রথম ইনজেকশন নিয়ে ঘুমিয়েছিলাম। ঘুম থেকে ওঠার পর মা বলেছিলেন দেড়দিন পর উঠলাম। ব্যাস, সেই থেকে নেশার প্রতি আসক্তি বেড়েই চলল। বাবা চেয়েছিলেন তাঁর মতো আমিও ইঞ্জিনিয়ার হব। কিন্তু নেশার পথ আঁকড়ে উলটো রাস্তা ধরলাম আমি।'

১৭ বছর বয়সে নেশার টাকা না পেয়ে যন্ত্রণার জীবনটাকে শেষ করে দিতে চেয়েছিলেন শিলাজিৎ। তাঁর চোখের সামনে ভেসে ওঠে নাইলনের একটি দড়ি। বেছে নেন আত্মহত্যার পথ। কিন্তু বরাতজোরে বেঁচে যান। বলছিলেন, 'হাসপাতালের বেডে শুয়ে অনুভব করেছিলাম নেশার জন্য কত ছেলে জীবন শেষ করেছে। সন্তান হারিয়ে কত মা দিনের পর দিন কেঁদেছেন। এই ভাবনার মাঝেই একজন বললেন নেশা ছাড়তে চাও? শুধু মাথা নেড়ে সম্মতি জানিয়েছিলাম।' ওই রিহ্যাবিলিটেশন সেন্টারই শিলাজিতের জীবনে নতুন ভোর নিয়ে আসে। 'নিজেকে এবং অন্যকেও বাঁচাতে পারি, এই বিশ্বাসটা জন্ম নিয়েছিল মনের মধ্যে', বললেন শিলাজিৎ।

নিজেকে তো অন্য মোড়ে নিয়ে গিয়েছেন, বাঁচিয়ে তুলছেন হাজার হাজার ছেলেমেয়েকেও। ২১ বছর ধরে কাউন্সেলার হিসেবে কলকাতা তো বটেই, চষে বেড়াচ্ছেন অসম, পঞ্জাব, হায়দরাবাদে। শিলাজিতের কাউন্সেলিংয়ে জীবনের মূলস্রোতে ফিরে আসা ছেলেরা এদিন একটি নাটকও মঞ্চস্থ করেন জলপাইগুড়ি পুরসভার প্রয়াস হলে। ছিলেন শিলাজিৎও।

নাটকটি দেখার সময় অনেক পুলিশ আধিকারিকের হাত চলে যাচ্ছিল চোখে। হয়তো অশ্রু সংবরণ করার জন্য। চোখের কোণ ভেজা রেখেই শিলাজিৎ বললেন, 'আমার জীবনের ভয়ংকর দিনগুলি যেন আর কোনও শিলাজিৎকে স্পর্শ না করে।'

## বিদ্যুতে চলবে রাজধানী

আলিপুরদুয়ার, ২৬ জুন : ডিব্রুগড়-নয়াদিল্লি রাজধানী এক্সপ্রেস সহ একাধিক গুরুত্বপূর্ণ ট্রেন বৈদ্যুতিক লাইনে চলা শুরু হল। ডিব্রুগড়, তিনসুকিয়া, লামডিং, গুয়াহাটি রুটে বৈদ্যুতিকরণ শেষ হওয়ায় এটা সম্ভব হয়েছে। এছাড়া কাজিরাঙ্গা এক্সপ্রেস, সরাইঘাট এক্সপ্রেস, ক্যাপিটাল এক্সপ্রেস সম্পূর্ণ বিদ্যুতে চলাচল করছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক (সিপিআরও) কপিঞ্জলকিশোর শর্মা বলেন, 'সম্পূর্ণ রুটের বৈদ্যুতিকরণের ফলে ট্রেন চলাচলে সময় কম লাগবে।'

**DMMU, Siliguri & DRDC, SMP**
**Haren Mukherjee Road, Hakim Para, Siliguri-734001**

NIeT No.- 21/DRDC/SMP/2025 dt. 25/06/2025

On behalf of **DMMU, Siliguri & DRDC, SMP**, e-tender is invited by ADMD, DMMU & PD, DRDC, SMP from renowned Printing Press for printing of SHG Documents under NRLM.

Start date of submission of bid: 27.06.2025 from 11:30 a.m. (server clock)

Last date of submission of bid: 10.07.2025 up to 03:00 p.m. (server clock)

All other details will be available from Notice Board of DMMU, Siliguri & DRDC, SMP Intending tenderers may visit the website, namely - http://wbtenders.gov.in for further details.

Sd/-
ADMD, DMMU
& PD, DRDC, SMP

**GOVERNMENT OF WEST BENGAL**
**E-TENDER NOTICE**

The Deputy Director of Agriculture (Admn), Malda has invited e-Tender Notice vide Notice Nos. AGRI/MLD/e-NIT-14/2025-26 dt. 26.06.2025 (2nd Call) Tender Id - 2025_DOA_870978 for rate contract for procurement of Micro-nutrient/ Bio-Fertilizer. Bid submission date starts from 26.06.2025 18:55 Hours & Bid submission End date 19.07.2025 at 14.00 Hours. Details will be available from the office of the undersigned on any working day between 11a.m. and 4 p.m. or visit e-tender portal https://wbtenders.gov.in. of Govt. of West Bengal.

Sd/- Deputy Director of Agriculture (Admn)
Malda

**পূর্ব রেলওয়ে**

ওপেন ই-টেন্ডার বিজ্ঞপ্তি নম্বর ঃ ৭৬, ৭৭ অ্যান্ড ৭৯, তারিখ ঃ ২৫.০৬.২০২৫। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, মালদা টাউন অফিস বিল্ডিং, পো.অ.ঃ ঝলঝলিয়া, জেলাঃ মালদা, পিন-৭৩২১০২ (পশ্চিমবঙ্গ) নিম্নলিখিত কাজের জন্য ওপেন ই-টেন্ডার আহ্বান করছেনঃ ক্র.নং-১। টেন্ডার নম্বর ঃ ৭৬-এমএলডিটি-২৫-২৬। অবস্থান সহ কাজের নাম ঃ ডিভিসনাল ইঞ্জিনিয়র/I/পূর্ব রেলওয়ে, মালদার অধিক্ষেত্রে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়র, মালদার অধীনে এসএসই/পিডব্লুআই/মালদার শাখায় মালদা টাউন-নিউ ফারাক্কা (এক্স) (আপ ও ডাউন/এলকেএম-২৯৫/০-২৬১/০)-এ অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ রেল-স্লিপার-স্যুইচ-এসইজে-ফিটিংস-এর ক্যাজুয়াল রিন্যুয়াল, ট্র্যাক-এর ট্যাম্পিং, ডিপ স্ক্রিনিং, ট্র্যাক মেশিন অ্যাসিসটিং ইত্যাদি জাতীয় বিভিন্ন ধরনের ট্র্যাক কার্যকলাপের জন্য ওপেন ই-টেন্ডার। টেন্ডার মূল্যমান ঃ ১,০৫,১০,৬০৫.৩০ টাকা। ক্র.নং-২। টেন্ডার নম্বর ঃ ৭৭-এমএলডিটি-২৫-২৬। অবস্থান সহ কাজের নাম ঃ ডিভিসনাল ইঞ্জিনিয়র/I/পূর্ব রেলওয়ে মালদার অধিক্ষেত্রে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়র, নিউ ফারাক্কার অধীনে এসএসই/পিডব্লুআই/ বারহারোয়ার শাখায় বনিডাঙ্গা লিঙ্ক কেবিন-বারহারোয়া-করণপুরাতো ডাবল লাইন (আপ ও ডাউন/এলকেএম-১৭২/ ২০০-২১৫/২০০) এবং তিনপাহাড়-রাজমহল (০/০-১১/৫৭৬) সিঙ্গল লাইন শাখায় অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ রেল-স্লিপার-স্যুইচ-এসইজে-ফিটিংস-এর ক্যাজুয়াল রিন্যুয়াল, ট্র্যাক-এর ট্যাম্পিং, ডিপ স্ক্রিনিং, ট্র্যাক মেশিন অ্যাসিসটিং ইত্যাদি জাতীয় বিভিন্ন ধরনের ট্র্যাক কার্যকলাপের জন্য ওপেন ই-টেন্ডার। টেন্ডার মূল্যমান ঃ ১,৮২,৩০০ টাকা। ক্র.নং-৩। টেন্ডার নম্বর ঃ ৭৯-এমএলডিটি-২৫-২৬। অবস্থান সহ কাজের নাম ঃ ডিভিসনাল ইঞ্জিনিয়র/I/মালদার অধিক্ষেত্রে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়র, মালদার শাখায় অন্যান্য আনুষঙ্গিক কাজ সহ ইলেকট্রিক সাবস্টেশন, ইলেকট্রিক্যাল অ্যাসেটসমূহের ক্ষমতা বৃদ্ধির সঙ্গে সম্পর্কিত সিভিল কাজের জন্য ওপেন ই-টেন্ডার। টেন্ডার মূল্যমান ঃ ১,২৫,৩০০ টাকা। টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ ১৭.০৭.২০২৫ তারিখে দুপুর ৩.৩০ মিনিট (ক্র.নং. ১ থেকে ৩ প্রতিটির জন্য)। ওয়েবসাইটের বিবরণ এবং নোটিস বোর্ডঃ www.ireps.gov.in/ডি আর এম অফিস/মালদা। (MLD-95/2025-26)
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in/ www.ireps.gov.in-এও পাওয়া যাবে
আমাদের অনুসরণ করুন: @EasternRailway
easternrailwayheadquarter

**৪৮ ফাইবার আর্মার্ড অপটিক্যাল ফাইবার ক্যাবল**

ই-প্রকিউরমেন্ট টেন্ডার নোটিস নং. ০৭/২০২৫ তারিখঃ ২৪-০৭-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারীর দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। টেন্ডার সংখ্যা. ০৪২৫৫০৯২। ক্রমিক সংখ্যা. ১। বিবরণঃ আরডিএসও/এসপিএন/টিসি/১১০/২০২০ (আরইভি.৩) অথবা অনন্তিম অনুসারে ৪৮ ফাইবার আর্মার্ড অপটিক্যাল ফাইবার ক্যাবল। টেন্ডারের পরিমাণঃ ১৩২ কিলোমিটার। টেন্ডার জমা হবে ১৭-০৭-২০২৫ তারিখে ১৫.৩০ ঘণ্টায়।

নোটঃ টেন্ডার নোটিস এবং টেন্ডার প্র-পত্রের সম্পূর্ণ তথ্যের জন্যে টেন্ডারকর্তাগণ (www.ireps.gov.in) ওয়েবসাইটে লগ অন করতে পারেন। প্রত্যাশিত ডাককর্তাগণ যারা উপরোক্ত টেন্ডারে অংশগ্রহণ করতে চায়, যদি উনারা ইতিমধ্যে আইআরইপিএস ওয়েবসাইটে পঞ্জীয়নভুক্ত হয়, তাহলে উনারা উপরোক্ত ওয়েবসাইটে নিজেদের লগ অন করতে হবে এবং ইলেক্ট্রনিক্যালি ওনাদের প্রস্তাব দাখিল করতে হবে। যদি উনারা আইআরইপিএসে পঞ্জীয়ন করে নেই, তাহলে ভারত সরকারের আইটি অ্যাক্ট ২০০০ এর অধীনে অনুমোদিত এজেন্সী থেকে ক্লাস-III ডিজিট্যাল সিগনেচার প্রাপ্ত করার জন্যে এবং উপরোক্ত টেন্ডারে অংশগ্রহণ করার জন্যে উনাদেরকে পরামর্শ দেওয়া হল।

পিসিএসটিই/সিওএন/মালিগাঁও
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
(নির্মাণ সংস্থা)
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

**e-TENDER NOTICE**
**Matiali Panchayat Samiti**
**Matiali :: Jalpaiguri**

Notice inviting e-Tender by the undersigned for different works vide NIT No. WB BLOCK/02/EO/ MATIALI/2025-26. Last date of online bid submission : 03-07-2025 upto 16:00 hours.

For further details following site may be visited http://wbtenders.gov.in

Sd/-
Executive Officer
Matiali Panchayat Samity

**রেলওয়ে বিজ্ঞপ্তি**
**কেন্দ্রীয় চিকিৎসালয়, মালিগাঁওয়ে সাম্মানিক পরিদর্শন বিশেষজ্ঞের তালিকাভুক্ত**

নংঃ এইচ/২০৭/৬(বি)/ভিওএল III/২০২৩ তারিখ ১৬-০৬-২০২৫

নিম্নস্বাক্ষরকারীর থেকে (১) অপথালমোলজি (স্পেশালিটি), (২) রেডিওলজি (স্পেশালিটি), (৩) ইউরোলজি (সুপার স্পেশালিটি), (৪) মেডিকেল অনকোলজি (সুপার স্পেশালিটি) প্রত্যেকটি বিশেষজ্ঞের জন্য অবৈতনিক পরিদর্শন বিশেষজ্ঞ (এইচভিএস) নিয়োগের জন্য আবেদনের আহ্বান জানানো হচ্ছে।

নিয়ম ও শর্তাবলিঃ-

১। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ- (ক) সুপার-স্পেশালিস্ট- ন্যূনতম যোগ্যতা পোস্ট ডক্টরাল কোয়ালিফিকেশন, ডিএম/ এমসিএইচ অথবা সমপর্যায়ের হতে হবে। (খ) স্পেশালিস্ট-পোস্ট- স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের পেশাগত কাজের সাথে সম্পর্কযুক্ত ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ২। বয়সঃ- প্রথম নিয়োগের সময় ৩০ বছর থেকে ৬৪ বছর বয়স হলে অগ্রাধিকার দেওয়া হবে। নিয়োগ অব্যাহত থাকলে সর্বোচ্চ বয়সের সীমা হবে ৬৫ বছর। ৩। পরিশোধ করার জন্য পারিশ্রমিকের বর্তমান হারঃ-

| ঘণ্টা | স্পেশালিস্ট (টাকা) | সুপার স্পেশালিস্ট (টাকা) |
|---|---|---|
| সপ্তাহে ৬ দিনের জন্য 2/4 ঘণ্টা | ৫২,০০০/- প্রতিমাস<br>৭৮,০০০/- প্রতিমাস | ৬৪,০০০/- প্রতিমাস<br>৯৬,০০০/- প্রতিমাস |
| সপ্তাহে ৪ দিনের জন্য 2/4 ঘণ্টা | ৩২,০০০/- প্রতিমাস<br>৪৮,০০০/- প্রতিমাস | ৪০,০০০/- প্রতিমাস<br>৬০,০০০/- প্রতিমাস |
| সপ্তাহে ২ দিনের জন্য 2/4 ঘণ্টা | ১৬,০০০/- প্রতিমাস<br>২৪,০০০/- প্রতিমাস | ২০,০০০/- প্রতিমাস<br>৩০,০০০/- প্রতিমাস |

৪। রেলওয়ে বোর্ডের এল/নং. ২০১৪/এইচ-১/১২/৮/এইচভিএস/পলিসি তারিখঃ ১৯-০৬-২০১৮ অনুযায়ী বিশদ নিয়ম ও শর্তাবলি চিকিৎসা সঞ্চালক, কেন্দ্রীয় চিকিৎসালয়, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, মালিগাঁও, গুয়াহাটি-৭৮১০১১-এর কার্যালয়ে পাওয়া যাবে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের www.nfr.indianrailways.gov.in ওয়েবসাইটেও বিশদ নথি পাওয়া যাবে।
৫। যোগাযোগের ঠিকানা- চিকিৎসা সঞ্চালক, কেন্দ্রীয় চিকিৎসালয়, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে, মালিগাঁও, গুয়াহাটি-৭৮১০১১।
৬। আবেদন প্রাপ্তির অন্তিম তারিখঃ ১৬-০৭-২০২৫, দুপুর ০১-০০ টা।

চিকিৎসা সঞ্চালক/কেন্দ্রীয় চিকিৎসালয়, মালিগাঁও
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্নচিত্তে গ্রাহকদের সেবায়

**সরবরাহ, স্থাপন, পরীক্ষা, সম্পাদনের কাজ**

টেন্ডার বিজ্ঞপ্তি নং. : ডিবিডব্লিউএস-এনআইটি-১২-২০২৫-২৬। তারিখ: ২৪-০৬-২০২৫; নিম্নস্বাক্ষরকারী দ্বারা নিম্নোক্ত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হয়েছে; কাজের নাম ঃ ডিব্রুগড় ওয়ার্কশপে আধার সক্ষম বায়োমেট্রিক অ্যাটেনডেন্স ব্যবস্থার সরবরাহ, স্থাপন, পরীক্ষা, সম্পাদন এবং ৩ বছরের সার্বিক রক্ষণাবেক্ষণের কাজ। কাজের আনুমানিক খরচ ঃ ১২,০৮,৮৭৮/- টাকা; বায়না মূল্য: ২৪,২০০/- টাকা; টেন্ডার বন্ধের তারিখ ও সময় ১৫:০০ টায় এবং খোলা ১৬-০৭-২০২৫ তারিখে ১৫:৩০ টায়। উপরের ই-টেন্ডারের সম্পূর্ণ তথ্য ১৬-০৭-২০২৫ তারিখের ১৫:০০ টা পর্যন্ত http://www.ireps.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে।

সিডব্লিউএম, ডিব্রুগড়
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রথম দিয়ে মানুষের সেবায়

**কাটিহার মণ্ডলে নির্মাণ কাজ**

ই-টেন্ডার নোটিস নং. কেআইআর/ইএনজিজি/৪২ অফ ২০২৫ তারিখঃ ২৩-০৬-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। টেন্ডার সংখ্যা. ১। কাজের সংক্ষিপ্ত বিবরণঃ কাটিহার- কাটিহারে- ১৪০ টি রেকের জন্যে ৩৫ মিটার দৈর্ঘ্যের কাভার্ড শেড এবং সেবা ভবনের নির্মাণ ও সহযোগী কাজ। টেন্ডার রাশিঃ ২,৩৩,৮১,৪২২.২৯/- টাকা। বায়না রাশিঃ ২,৬৬,৯০০/- টাকা। টেন্ডার সংখ্যা. ২। কাজের সংক্ষিপ্ত বিবরণঃ কাটিহার-তেজনারায়নপুর-আরইউবি নং. কেটি-৭, ১৩/৭-৮ কিলোমিটারে কাভার শেড, গার্ড ওয়াল, সাম্পের ব্যবস্থা করা সহিতে সমীপবর্তী পথের উত্তর দিকের মেরামত। টেন্ডার রাশিঃ ২,৯৯,২৪,১৩৫.৬৪/- টাকা। বায়না রাশিঃ ২,৯৯,৬০০/- টাকা। টেন্ডার সংখ্যা. ৩। কাজের সংক্ষিপ্ত বিবরণঃ কাটিহার মণ্ডলের আডিনা, ওল্ড মালদা, বুনিয়াদপুর, গঙ্গারামপুর রেলওয়ে স্টেশনের হাল্কা উন্নীতকরণ। টেন্ডার রাশিঃ ৬,৪৪,১৩,৭২৮.১৬/- টাকা। বায়না রাশিঃ ৪,৭২,১০০/- টাকা। টেন্ডার সংখ্যা. ৪। কাজের সংক্ষিপ্ত বিবরণঃ উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ডিজেল লোকো শেড, মালদা টাউনে বৈদ্যুতিক রেল ইঞ্জিনের রক্ষণাবেক্ষণের হেতু সুবিধা বৃদ্ধির জন্যে প্রস্তাব। টেন্ডার রাশিঃ ৩,৬৩,৮৪,১২৮.৯১/- টাকা। বায়না রাশিঃ ৩,৩১,৯০০/- টাকা। টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ২২-০৭-২০২৫ তারিখের ১৫.০০ ঘণ্টায় এবং খোলা হবেঃ ২২-০৭-২০২৫ তারিখের ১৫.৩০ ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার প্র-পত্র সহ সম্পূর্ণ তথ্য আগামী ২২-০৭-২০২৫ তারিখের ১৫.০০ ঘণ্টা পর্যন্ত www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ), কাটিহার
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

**কাটিহার ডিভিশনে স্টেশন টিকেট বুকিং এজেন্ট (এসটিবিএ)**

বিজ্ঞপ্তি নং.ঃ সি/৪/১/এমআইএসসি/কেআইআর/এসটিবিএ/টেন্ডার/এনএসজি-৬/২৫।
তারিখ ঃ ২৫-০৬-২০২৫;

ভারতের রাষ্ট্রপতির তরফে কাটিহার ডিভিশনে তিন বছরের জন্য সুধানি, একলাখি, সালমারি, আররিয়া, তেলতা, সোনাইলি, মনিহারি, রাধিকাপুর, কসবা, তেজনারায়ণপুর, গড়বনাইলি, আদিনা, দিল্লি দেওয়ান গঞ্জ, ওল্ড মালদা, বেলাকোবা, সাহজা হল্ট, মালাহর, কনকি, মিলনগড়, রউতারা, মনিয়া, দালান, আমবাড়ী ফালাকাটা, শিলিগুড়ি টাউন, পাঞ্জিপাড়া, তিন মাইল হাট, রাঙাপানী, রাণীনগর জলপাইগুড়ি, মাগুরজান, চটের হাট, ধুমডাঙ্গী, হাটোয়ার, গাইসাল এবং গুঞ্জরিয়া এনএসজি-৬ ক্যাটাগরি স্টেশনের রেলওয়ে স্টেশনগুলোতে স্টেশন টিকিট বুকিং এজেন্ট (এসটিবিএ) নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

এই আবেদনপত্রের ফর্ম্যাটটি ডাউনলোড করা যেতে পারে অথবা উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের সিনিয়র ডিভিশনাল কমার্শিয়াল ম্যানেজার, কাটিহার এবং এরিয়া ম্যানেজার, নিউ জলপাইগুড়ি -এর অফিস থেকে, প্রতিটি আবেদনপত্রের (অ-ফেরতযোগ্য) মূল্য হিসাবে ডিভিশনাল ক্যাশিয়ার/কাটিহার অথবা নিউ জলপাইগুড়ি, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে -এর কর্তৃক জারি করা শুধুমাত্র ₹ ১,০০০/- (এক হাজার টাকা) মূল্যের রসিদ দাখিলের মাধ্যমে সংগ্রহ করা যেতে পারে। একটি নির্দিষ্ট স্টেশনের জন্য একজন প্রার্থী কেবল একটি আবেদনপত্র জমা দিতে পারবেন।

আবেদনপত্র বিক্রির তারিখ:- ০৭/০৭/২০২৫ তারিখের ১০:০০ টা এবং ১৯/০৮/২০২৫ তারিখের ১২:০০ টা পর্যন্ত সকল কর্মদিবসে। আবেদনপত্র বাক্সে ফেলা/জমা দেওয়ার তারিখ (মোম দিয়ে সিল করা অবস্থায়):- ০৭/০৭/২০২৫ তারিখের ১০:০০ টা থেকে ১৯/০৮/২০২৫ তারিখের ১৩:০০ টা পর্যন্ত। আবেদনপত্রের বাক্স খোলা হবে:- শুধুমাত্র কাটিহারে ২০/০৮/২০২৫ তারিখে ১১:০০ টায় অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ম্যানেজার, কাটিহারের চেম্বারে।

উল্লিখিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র/আবেদনপত্র উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের ওয়েবসাইট www.nfr.indianrailways.gov.in/ তেও পাওয়া যাবে এবং অফার জমা দেওয়ার জন্য এটি ডাউনলোড করে নথি/আবেদনপত্র হিসেবে ব্যবহার করা যাবে।

ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার (সি), কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রথম দিয়ে মানুষের সেবায়

**APPOINTMENT ON AD HOC CONTRACT BASIS, EARLY INTERVENTION CENTRE 158 BASE HOSPITAL, BENGDUBI MILITARY STATION**

Walk-in-Interview will be held for the following posts at 158 Base Hospital, Bengdubi Station on Date and Time as mentioned against each post :-

1. Interview will be held at Dhanwantri Hall, 158 Base Hospital, Bengdubi Military Station.

| Sl. no. | Name of Post | No. of Posts | Qualifications | Proposed remuneration per month | Date and time of interview |
|---|---|---|---|---|---|
| (a) | Ocupational Therapist cum physiotherapist | 01 | Bechelor's Degree in Occupational Therapy/ physiotherapy from recognised University. | Rs. 30,000/- pm | 07 Jul 25 At 1000 hrs |

2. Applicants must bring their original educational certificates, applicants for posts a should preferably be registered with RCI (Rehabilitation Council of India Equivalent). Experience in dealing with children with special needs will be given due weightage.

Commandant
158 Base Hospital

**e-TENDER NOTICE**
**Office of the Block Development Officer**
**Kranti Development Block**
**Kranti ::: Jalpaiguri**

e-Tender have been invited by the undersigned for different works vide **e-NIT No WB/012/ BDOKNT/25-26 (Retender-NIT-11), Dated :- 25-06-2025 WORK Sl 01**. Last date of submission of bid through online is **02-07-2025 up to 17:00 hrs.** For details please visit **https:// wbtenders.gov.in** from 25-06-2025 from 17:00 hrs. respectively.

Sd/-
EO & BDO,
Kranti Development Block
Kranti :: Jalpaiguri

**রক্ষণাবেক্ষণ সুবিধার বৃদ্ধি**

টেন্ডার নোটিস নং. ডিএলএস এমএলডিটি এনএফআর০৩২০২৫-২০২৬ তারিখঃ ২৩-০৬-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। কাজের নামঃ বৈদ্যুতিক রেল ইঞ্জিনসমূহ রাখার জন্যে মালদা ডিজেল শেডে রক্ষণাবেক্ষণ সুবিধা বৃদ্ধি। টেন্ডার রাশিঃ ১৯,৩৯,২৮৮/- টাকা। বায়না রাশিঃ ৩৮,৮০০/- টাকা। টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ২২-০৭-২০২৫ তারিখের ১৫.০০ ঘণ্টায়। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার প্র-পত্র সহ সম্পূর্ণ তথ্য www.nfr.indianrailways.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

জ্যেষ্ঠ ডিএমইডি/মালদা টাউন
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

**রঙ্গিয়া মণ্ডলে য়ার্ড উন্নীতকরণের কাজ**

ই-টেন্ডার নোটিস নং. ২৬-ইএনজিজি-আরএনওয়াই-২০২৫-২৬ তারিখঃ ২৪-০৬-২০২৫। নিম্নলিখিত কাজের জন্যে নিম্নস্বাক্ষরকারী দ্বারা ই-টেন্ডার আহ্বান করা হয়েছে। আইটেমের সংক্ষিপ্ত বিবরণঃ এই কাজের বিপরিতে প্রস্তুত জয়েন্টের পুনঃনির্মাণ (ইন সিটু)- (১) য়ার্ড উন্নীতকরণঃ পথরহ, গোয়ালপাড়া, কৃষ্ণাই, দুধনৈ, আমজঙ্গা, রংজুলি, ধুপধরা, শিংরা, বকো, বামুণীগাঁও, ছয়গাঁও, মির্জা এবং আজারা। (২) য়ার্ড উন্নীতকরণঃ বঙ্গাইগাঁও, মাজগাঁও, অভয়াপুরী এবং যোগীঘোপা। টেন্ডার রাশিঃ ১,০৯,৬৬,২৫২/- টাকা। বায়না রাশিঃ ২,০৪,৮০০/- টাকা। টেন্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ১৬-০৭-২০২৫ তারিখের ১৫.০০ ঘণ্টায় এবং খোলা যাবেঃ ১৬-০৭-২০২৫ তারিখের ১৫.৩০ ঘণ্টায় ডিআরএম (ডব্লিউ), রঙ্গিয়া কার্যালয়ে। উপরোক্ত ই-টেন্ডারের টেন্ডার প্র-পত্র সহ সম্পূর্ণ তথ্য www.ireps.gov.in ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

ডিআরএম (ডব্লিউ), রঙ্গিয়া
উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে
"প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়"

## আজ টিভিতে



জগন্নাথ দেবের পবিত্র **রথযাত্রা** সকাল ৮.৩০ মিনিট থেকে সরাসরি দেখুন **ডিডি ভারতী, ডিডি বাংলা চ্যানেলে**

### সিনেমা

**জলসা মুভিজ** : দুপুর ১২.৩০ জয় শ্রীকৃষ্ণ, বিকেল ৩.৪৫ ম্যাডাম গীতা রানি, সন্ধে ৬.৩০ শ্রীকৃষ্ণ লীলা, রাত ১০.১৫ হারজিৎ

**কালার্স বাংলা সিনেমা** : সকাল ৮.০০ নাগপঞ্চমী, বেলা ১১.০০ সেদিন দেখা হয়েছিল, বিকেল ৪.০০ চোরে চোরে মাসতুতো ভাই, সন্ধে ৭.০০ শ্বশুরবাড়ি জিন্দাবাদ, রাত ১০.০০ কেঁচো খুঁড়তে কেউটে, ১.০০ রোগা হওয়ার সহজ উপায়

**জি বাংলা সিনেমা** : বেলা ১১.০০ টক্কর, দুপুর ২.০০ বউরানি, বিকেল ৫.০০ পুতুলের প্রতিশোধ, রাত ১২.৩০ আবার বছর কুড়ি পরে

**কালার্স বাংলা** : দুপুর ২.০০ মান সম্মান

**আকাশ আট** : বিকেল ৩.০৫ কামব্যাক

**স্টার গোল্ড সিলেক্ট এইচডি** : বেলা ১১.৪৫ এক অলবেলা, দুপুর ১.৩০ সিদ্দত, বিকেল ৪.০০ হমরাজ, সন্ধে ৬.৩০ বরফি, রাত ৯.০০ তড়প, ১১.১৫ তুম মিলে

**জি সিনেমা এইচডি** : দুপুর ১.১৫ জওয়ান, বিকেল ৪.৪৮ ভালিমাই, রাত ৮.০০ রথনম, ১১.০৩ ৯০ এমএল

**অ্যান্ড পিকচার্স** : বেলা ১১.০২ কৃশ, দুপুর ২.২৮ রিয়েল টেভর, বিকেল ৫.১০ ১০০, সন্ধে ৭.৩০ ধমাল, রাত ১০.০২ রাবণাসুরা



**দ্য রিয়েল ব্ল্যাক প্যান্থার** রাত ৯.২৯ **ন্যাট জিও ওয়াইল্ড এইচডি**



**শ্বশুরবাড়ি জিন্দাবাদ** সন্ধে ৭.০০ **কালার্স বাংলা সিনেমা**



জওয়ান দুপুর ১.১৫ জি সিনেমা এইচডি

**অ্যান্ড এক্সপ্লোর এইচডি** : দুপুর ১২.২৫ বঙ্গিস্তান, ২.৪৩ বাওয়াল, বিকেল ৫.০১ ডক্টর জি, সন্ধে ৭.০০ আলিগড়, রাত ৯.০০ মিশন মজনু, ১১.১২ গুডবাই



**রথযাত্রা বিশেষ পর্ব**। দীপা কি সোনাকে রক্ষা করতে পারবে? **অনুরাগের ছোঁয়া** রাত ৯.৩০ **স্টার জলসা**

## হারানো/প্রাপ্তি

গত কয়েক মাস আগে আমার সিবিএসই বোর্ডের মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ডটি হারিয়ে গেছে। যদি কেউ তা পেয়ে থাকেন তবে নীচের ঠিকানায় দেওয়ার অনুরোধ করছি। নিকিতা বর্মন, পিতা হরেন্দ্র বর্মন, জোড়াইমোড়, বালাকুঠি, বক্সিরহাট, কোচবিহার। ফোন : 8101502787.(S/A)

## অভিনেতা/অভিনেত্রী

এই প্রথমবার সিনেমার পর্দায় আসতে চলেছে রবীন্দ্রনাথ ঠাকুরের কাহিনী "দেনা-পাওনা" অবলম্বনে "অবশেষে দেনা-পাওনা"। আগ্রহী সকল বয়সের অভিনেতা-অভিনেত্রীরা যোগাযোগ করুন। ফোন - 9735782382/8942899699. (C/116849)

## অ্যাফিডেভিট

আমি শ্রীমতী বেবী পাল স্বামী ঁসুরজিৎ পাল ঘুঘুমালী ওয়ার্ড নং ৩৬ শিলিগুড়ি ২০ জুন ২০২৫ নোটারী পাবলিক অ্যাফিডেভিট দ্বারা জানাচ্ছি আমার শ্বশুর ঁধীরেন্দ্র নাথ পাল ও শাশুরি ঁশঙ্করী পাল-এর বর্তমান লিগ্যাল হেয়ার হল- শ্রীমতী বেবী পাল (পুত্রবধূ), কুমারী সুচরিতা পাল (নাতনি) পুলক পাল (পুত্র)। (C/117223)

## কিডনি চাই

মুমূর্ষু রোগীর জন্য O+ কিডনি দাতা প্রয়োজন। যোগাযোগ নম্বর : 8972377039.

•

মুমূর্ষু রোগীর প্রাণ বাঁচাতে O+ কিডনিদাতা চাই। 25-40 বছরের মধ্যে বয়স হলে সঠিক পরিচয়পত্র ও অভিভাবক সহ অতিসত্বর যোগাযোগ করুন। (M) 9905596811. (C/117222)

## CINEMA সিনেমা

Now showing at
**BISWADEEP**
**KANNAPPA**
*ing : Akshay Kumar & Others
Time : 1.15, 4.15, 7.15 P.M.

Now showing at
**রবীন্দ্র মঞ্চ**
শক্তিগড় ৩নং লেন (শিলিগুড়ি)
**MAA**
(Hindi)
*ing: Kajol, Ronit Roy, Indranil Sengupta
Time : 12.30, 3.30, 6.30 P.M.
AC with Dolby Digital




## সোনা ও রুপোর দর

| | |
|---|---|
| পাকা সোনার বাট (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৯৭৪০০ |
| পাকা খুচরো সোনা (৯৯৫০/২৪ ক্যারেট ১০ গ্রাম) | ৯৭৮৫০ |
| হলমার্ক সোনার গয়না (৯১৬/২২ ক্যারেট ১০ গ্রাম) | ৯৩০০০ |
| রুপোর বাট (প্রতি কেজি) | ১০৭০৫০ |
| খুচরো রুপো (প্রতি কেজি) | ১০৭১৫০ |

* দর টাকায়, জিএসটি এবং টিসিএস আলাদা

পঃবঃ বুলিয়ান মার্চেন্টস্ অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশনের বাজারদর

**PREMISES REQUIRE**

| Sr. No | Works | The deadline for submission of tender | Contact Number for bidders |
|---|---|---|---|
| 01. | Searching of alternate permises of 07 branches named Haldibari, Birpara, Mekliganj, Madarihat, Jateshwar, Jaigaon, Kathalbari | 11.07.2025 | 9304906885 (Mr. Santosh Kumar) 6289216801(Mr. Aranya Biswas) |

The said information is also available in our bank's website http://www.centralbankofindia.co.in/en/active-tender.
The final date for submission will be fixed on 11.07.2025 upto 5:00 P.M. at through our website. http://www.centralbankofindia.co.in/en/active-tender and

Sd/-
(Ashok Kumar) Chief Manager (BSD)
Central Bank of India
Regional Office Coochbeher




জন্মদিনে অথবা বিবাহবার্ষিকীতে শুভেচ্ছা জানাতে, হবু জামাই অথবা পুত্রবধূ খুঁজতে, চাকরির খোঁজ পেতে অথবা শূন্যপদের জন্য প্রার্থী খুঁজতে, কখনও বা হারিয়ে যাওয়া প্রিয়জনকে খুঁজে পেতে বিজ্ঞাপন দেওয়ার প্রয়োজন হয়।

আর বিজ্ঞাপন দেওয়ার জন্য উত্তরবঙ্গের বাসিন্দাদের একমাত্র পছন্দ উত্তরবঙ্গ সংবাদ। আমরা সেই বিজ্ঞাপন দেওয়ার পথ অনেক সহজ করে দিচ্ছি।

আপনাকে আসতে হবে না। শুধু আপনি যেমন ভাষায় বিজ্ঞাপন দিতে চান লিখে পাঠিয়ে দিন আমাদের হোয়াটসঅ্যাপ নম্বরে। আমাদের প্রতিনিধি যোগাযোগ করবেন আপনার সঙ্গে।

ভেবে দেখুন, আমাদের কাছে একটি হোয়াটসঅ্যাপ মেসেজ পাঠিয়ে আপনি কত সহজে কত লক্ষ মানুষের কাছে পৌঁছে যেতে পারছেন।

হোয়াটসঅ্যাপ অথবা মেসেজ করুন
৯০৬৪৮৪৯০৯৬
এই নম্বরে

উত্তরবঙ্গের আত্মার আত্মীয়
উত্তরবঙ্গ সংবাদ

## আজকের দিনটি

শ্রীদেবাচার্য্য
৯৪৩৪৩১৭৩৯১

**মেষ** : ব্যবসার কারণে দূরস্থানে যেতে হতে পারে। বাবার রোগমুক্তিতে স্বস্তিলাভ। **বৃষ** : মায়ের পরামর্শে সংসারের কোনও সমস্যা কাটিয়ে উঠতে পারবেন। গবেষক ও চিকিৎসকের জন্য শুভ। **মিথুন** : দূরের কোনও বন্ধুর সহায়তায় চাকরিক্ষেত্রে উন্নতি। ক্রীড়াজগতের ব্যক্তিরা নতুন সুযোগ পাবেন। **কর্কট** : সন্তানের কৃতিত্বে গর্ববোধ। বাবার সঙ্গে সামান্য ব্যাপারে মতানৈক্য। **সিংহ** : অন্যায়কারীকে সমর্থন করে সমস্যায়। প্রিয় কোনও ব্যক্তির সঙ্গে সময় কাটিয়ে আনন্দ। **কন্যা** : কর্মক্ষেত্রের কারণে আইনি পরামর্শ গ্রহণ করতে হতে পারে। অযথা কথা বলে সমস্যায়। শিক্ষার্থীরা সফল হবে। **তুলা** : পৈতৃক সম্পত্তি নিয়ে বিবাদের মীমাংসা হতে পারে। শত্রুরা পরাজিত হবে। সংক্রমণে ভোগান্তি। **বৃশ্চিক** : সঞ্চয়ের উপযোগিতা বুঝতে পারবেন। দাম্পত্যের সমস্যা কাটবে। কন্যার বিবাহ স্থির হতে পারে। **ধনু** : জনকল্যাণে অংশগ্রহণ করে আনন্দলাভ। কোনও নতুন কাজের পরিকল্পনা বাস্তবায়িত হবে। **মকর** : কর্মসূত্রে দূরে যাত্রা। সংসারে নতুন অতিথির আগমনে আনন্দলাভ। সাহিত্যিকদের শুভ দিন। **কুম্ভ** : হঠাৎ কোনও নতুন কাজে যোগ দিতে পারেন। একাধিক সূত্রে আয় হতে পারে। **মীন** : বিদ্যার্থীরা উচ্চশিক্ষায় সুযোগ পাবেন। ব্যবসায় মন্দাভাব থাকবে। নিজের সিদ্ধান্তে অটল থাকুন।

## দিনপঞ্জি

শ্রীমদনগুপ্তের ফুলপঞ্জিকা মতে ১২ আষাঢ়, ১৪৩২, ভাঃ ৬ আষাঢ়, ২৭ জুন ২০২৫, ১২ আহার, সংবৎ ২ আষাঢ় সুদি, ১ মহরম। সূঃ উঃ ৪।৫৭, অঃ ৬।২৪। শুক্রবার, দ্বিতীয়া দিবা ১।২০। পুনর্বসুনক্ষত্র দিবা ৯।৪৫। ব্যাঘাতযোগ রাত্রি ১২।২৪। কৌলবকরণ দিবা ১।২০ গতে তৈতিলকরণ রাত্রি ৭।৫১ গতে গরকরণ। জন্মে- কর্কটরাশি বিপ্রবর্ণ দেবগণ অষ্টোত্তরী চন্দ্রের ও বিংশোত্তরী বৃহস্পতির দশা, দিবা ৯।৪৫ গতে বিংশোত্তরী শনির দশা। মৃতে- ত্রিপাদদোষ, দিবা ৯।৪৫ গতে একপাদদোষ, দিবা ১।২০ গতে দোষ নাই। যোগিনী- উত্তরে, দিবা ১।২০ গতে অগ্নিকোণে। বারবেলাদি ৮।১৯ গতে ১১।৪০ মধ্যে। কালরাত্রি ৯।২ গতে ১০।২১ মধ্যে। যাত্রা- নাই, দিবা ১।২০ গতে যাত্রা শুভ পশ্চিমে নিষেধ, রাত্রি ১২।২৪ গতে পুনঃ যাত্রা নাই, শেষরাত্রি ৪।০ গতে পুনঃ যাত্রা শুভ মাত্র পশ্চিমে নিষেধ। শুভকর্ম- পঞ্চামৃত সাধভক্ষণ নামকরণ নিষ্ক্রমণ মুখ্যান্নপ্রাশন নববস্ত্রপরিধান নবশয্যাসনাদ্যুপভোগ দেবতাগঠন ক্রয়বাণিজ্য পুণ্যাহ গ্রহপূজা শান্তিস্বস্ত্যয়ন হলপ্রবহ বীজবপন ধান্যস্থাপন ধান্যবৃদ্ধিদান কারখানারম্ভ বাহনক্রয়বিক্রয় কম্পিউটার নির্মাণ ও চালন, দিবা ১১।৪০ গতে বিপণ্যারম্ভ বৃক্ষাদিরোপণ ধান্যচ্ছেদন। বিবিধ (শ্রাদ্ধ)-দ্বিতীয়ার একোদ্দিষ্ট এবং তৃতীয়ার সপিণ্ডন। দিবা ১।২০ মধ্যে শ্রীশ্রীজগন্নাথদেবের রথযাত্রা। মাহেন্দ্রযোগ- দিবা ৫।৫৬ গতে ৬।৪৯ মধ্যে ও ৯।২৯ গতে ১০।২২ মধ্যে। অমৃতযোগ- দিবা ১২।৯ গতে ২।৪৯ মধ্যে এবং রাত্রি ৮।৩০ মধ্যে ও ১২।৪৬ গতে ২।৫৫ মধ্যে ও ৩।৩৭ গতে ৪।৫৮ মধ্যে।

সতর্কীকরণ ঃ উত্তরবঙ্গ সংবাদ অথবা পত্রিকার কোনও এজেন্ট পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপনের সততা, যথার্থতার জন্য দায়ী নয়। কোনও প্রকার বিজ্ঞাপন দ্বারা প্রভাবিত হওয়ার আগে বিজ্ঞাপনের যথার্থতা যাচাই করে নিতে পাঠকদের অনুরোধ করা হচ্ছে।


শুভ রথযাত্রায়
অঞ্জলি জুয়েলার্স
25 জুন থেকে 5 জুলাই, 2025
গ্রহরত্নে 10%** ছাড়!
রুপোর গয়নায় 10% ছাড়!
কস্টিউম গয়নায় 20%* ছাড়!
গ্রাম প্রতি সোনার গয়নায় ₹300 + ₹75* ছাড়! মজুরিতে
হিরের গয়নায় 50%# পর্যন্ত ছাড়! মজুরিতে
লাকি ড্রয়ে জিতে পুরী ও মায়াপুরে ছুটি কাটান প্রভুর চরণে
Gifty Gift Voucher
উপহার দেওয়ার সেরা ও সহজ মাধ্যম
GET IT ON Google Play
Download on the App Store
অঞ্জলি জুয়েলার্স অ্যাপ ইনস্টল করুন ও সহজেই অনলাইনে কেনাকাটা করুন
QR কোড স্ক্যান করে Website থেকে গয়না কিনুন
অঞ্জলি জুয়েলার্স
সবার জন্য
আমাদের সব শোরুমই নিজস্ব। কোনও ফ্রাঞ্চাইজি আউটলেট নেই!
UP TO ₹2,500 EXTRA CASHBACK#
SBI card
#Min. Trxn.: ₹30,000; Max. Cashback: ₹2,500 per card account; Validity: 25 Jun - 01 Jul 2025. T&C Apply.
নতুন ঠিকানা: বহরমপুর - ১৩১, নেতাজি রোড, খাগড়া, রাধার ঘাট, বহরমপুর, মুর্শিদাবাদ - ৭৪২১০৩ (বি. টি. কলেজের নিকটে), ফোন: ৭৫৯৬০ ৩২৩১৫
নতুন শোরুম (৩০তম নিজস্ব শাখা): তমলুক - পদুমবসান, ওয়ার্ড ০১১, মেচেদা-হলদিয়া রাজ্য সড়ক, (পদুমবসান বাসস্ট্যান্ড এর নিকটে), পূর্ব মেদিনীপুর - ৭২১৬৩৬, ফোন: ৬২৯২৩ ৩৪২৭২
গোলপার্ক - ০৩৩ ২৪৬০ ০৫৮১/২৪৪০ ৮৬৩৬ শোভাবাজার - ৮৩৩৭০ ৩৭৬৭৭, ৭৮৯০০ ১৭৭৬৫ সল্টলেক বি ই - ০৩৩ ২৩২১ ২৭৮৬/২০৫৭ সল্টলেক এইচ এ - ০৩৩ ২৩২১ ৮৩১০/১১ বেহালা - ০৩৩ ২৪৪৫ ৫৭৮৪/৮৫ হাওড়া পঞ্চাননতলা - ০৩৩ ২৬৪২ ৪৬৪০/৪১ বারাসাত ডাকবাংলো মোড় - ০৩৩ ২৫৮৪ ৭১৩৯/৪২ শিলিগুড়ি আশ্রম পাড়া - ৯৮৩৬০ ০১০১৮, ৯৮৩৬৪ ৩৫৩৫৪ বৌবাজার - ০৩৩ ২২৬৪ ১১৯৫ গড়িয়া - ০৩৩ ২৪৩০ ০৪৩৮ হালিশহর কাঁচরাপাড়া বাগ মোড় - ৬২৯২২ ৬৪৮০৫ চুঁচুড়া খড়ুয়া বাজার ঘড়ির মোড় - ০৩৩ ২৬৮০ ০৬০৪ বড়িশা (শীলপাড়া) - ০৩৩ ২৪৯৬ ১০২৯/৩৩ বর্ধমান - ০৩৪২ ২৬৬৫৫৫৬, ৯০৮৩৪ ৭২৮৪২ হাবড়া - ০৩২১৬ ২৩৮ ৬২৪/২৬ সোদপুর - ০৩৩ ২৫৬৫ ৫৩৫৩/৫৪, ৭৫৯৬০ ৩২৩২০ শ্রীরামপুর - ০৩৩ ২৬৫২ ০৩৬০, ৯৮৩০৩ ৫৭৪৫০ মালদা - ০৩৫১২ ২২১১০৮, ৬২৯২২ ৬৮৬৫৫ দুর্গাপুর - ৮০১৭০ ১২২৮৬/৮৭ তেঘরিয়া (বাগুইআটি) - ৬২৯২২ ১০২০৮ মেদিনীপুর (পশ্চিম) - ০৩২২২ ২৬৫৩৩৪/২৬৪৭৩৪ কৃষ্ণনগর - ৯৮৩০৬ ১১৯৯৭, ৯০৭৩৯ ৩৪৩৬৪ কাঁথি - ০৩২২০ ২৫৮০০১, ০৩২২০ ২৫৮০০২ আসানসোল - ৬২৯২২ ৯৭৫১১ আরামবাগ - ৬২৯২২ ৬৪৮৪৪ কাটোয়া - ৬২৯২৩ ৩৪২৭৩ শিয়ালদহ স্টেশন - ৬২৯২২ ৬৮৬৫৪ নয়াদিল্লি - ৯৩১১২ ৩০৬৭১ এছাড়া আমাদের আর কোনও শাখা নেই।
গয়না কিনুন অনলাইনে, www.anjalijewellers.in - এ | anjalijewellerskolkata anjalijewellersbharat anjalijewellers@anjalijewellers | আমাদের ফলো করুন:
Page29/AJ/0625

টুকরো খবর

## স্বাস্থ্য শিবির

**নকশালবাড়ি, ২৬ জুন :** নকশালবাড়ি কলেজের উদ্যোগে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হল আশাপুর চা বাগানে। বৃহস্পতিবার বাগানের ফ্যাক্টরিতে শিবিরটি হয়। সেখানে উপস্থিত ছিলেন নকশালবাড়ি কলেজের পরিচালন কমিটির সভাপতি ডাঃ রাজীব প্রসাদ। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ এবং হাসপাতালের চিকিৎসকদের একটি দল শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা করেন। শিবিরে অংশ নেন কলেজের এনসিসি ক্যাডেট ও চা বাগানের স্কুল পড়ুয়ারা।

## সেতুর বরাদ্দ

**চোপড়া, ২৬ জুন :** চোপড়ায় বেরং নদীর ওপর সেতুর দাবি অবশেষে পূরণ হতে চলেছে। স্থানীয় বিধায়ক হামিদুল রহমান জানিয়েছেন, এই কাজের জন্য উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের তরফে ২ কোটি ৯০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। টেন্ডারও হয়েছে। নদীর ওপর সেতুর দাবি দীর্ঘদিনের। বর্ষায় ভরসা নৌকা। তবে রাতে নদী পারাপারের ব্যবস্থা নেই। সেতুর জন্য অর্থ বরাদ্দ হওয়ায় ভবিষ্যতে দুর্ভোগ কমা নিয়ে আশাবাদী স্থানীয়রা। চোপড়া গ্রাম পঞ্চায়েতের প্রধান জিয়ারুল রহমানও আশাবাদী, খুব তাড়াতাড়ি দীর্ঘদিনের সমস্যা মিটবে।

## বৈঠক

**বাগডোগরা, ২৬ জুন :** আগামী বছরের বিধানসভা নির্বাচনকে পাখির চোখ করে আসরে দার্জিলিং জেলা কংগ্রেস। বৃহস্পতিবার মাটিগাড়া দলীয় কার্যালয়ে দলের দার্জিলিং জেলা আহ্বায়ক সুবীন ভৌমিক, সহ আহ্বায়ক জীবন মজুমদার এবং অমিতাভ সরকার, মাটিগাড়া ব্লক কংগ্রেস সভাপতি সুব্রত কুণ্ডু প্রমুখ নেতারা একটি বৈঠক করলেন।

## স্মারকলিপি

**ইসলামপুর, ২৬ জুন :** সামান্য ঝড়-বৃষ্টিতে বিদ্যুৎ চলে যাওয়া এবং অতিরিক্ত মাশুল বৃদ্ধির প্রতিবাদে বৃহস্পতিবার বিদ্যুৎ বণ্টন কোম্পানির ইসলামপুরের ডিভিশনাল ম্যানেজারকে স্মারকলিপি দিল ইসলামপুর ব্লক কংগ্রেস। তার আগে দলের নেতা-কর্মীরা শহরের পুর টার্মিনাসের সামনে বিদ্যুৎ বণ্টন কোম্পানির দপ্তরের গেটে বিক্ষোভ প্রদর্শন করেন।

গুচ্ছ অভিযোগের খাঁড়া ঝুলছে, তদন্ত দাবি

# নেতার নজরে বাগানের জমি

**রাহুল মজুমদার**

**শিলিগুড়ি, ২৬ জুন :** ১০ একর সরকারি খাসজমি সহ একটি চা বাগানের ৪৫ একর জমি বেআইনিভাবে স্ট্যাম্প পেপারে লিখিয়ে মোটা টাকার বিনিময়ে বিক্রি করে দেওয়ার অভিযোগ উঠল ফাঁসিদেওয়া ১ তৃণমূল কংগ্রেসের সভাপতি আক্তার আলি, চটহাট গ্রাম পঞ্চায়েত প্রধান রাজেশ মণ্ডল সহ ছয়জনের বিরুদ্ধে।

স্থানীয়দের কাছ থেকে জমি অধিগ্রহণ করে চটহাটের মাটিগাড়া সংসদে ৪৫ একর জমির ওপর চা বাগান তৈরি করেছিলেন অমল বন্দ্যোপাধ্যায় নামে এক ব্যক্তি। শর্ত ছিল, যাঁদের থেকে জমি অধিগ্রহণ করা হচ্ছে, পরবর্তীতে তাঁদের পরিবারের সদস্যের কর্মসংস্থানের ব্যবস্থা করে দিতে হবে। কথা রাখা হয়। বাগানে ৩৮ জন স্থায়ী ও ৫০ জন অস্থায়ী কর্মী কাজ করতেন।

মালিকপক্ষ সম্প্রতি বাগান বিক্রির কথা ঘোষণা করেন। সেসময় চুক্তি হয়, স্বল্পমূল্যের বিনিময়ে জমিদাতা এবং শ্রমিকদের মধ্যে জমি ভাগ করে দেওয়া হবে। অথচ আক্তার, রাজেশ সহ বেশ কয়েকজন জমি দখল করে মোটা টাকার বিনিময়ে অন্যত্র বিক্রি করে দিচ্ছেন বলে অভিযোগ। এব্যাপারে বাগান মালিকের ছেলে অভিজিৎ বন্দ্যোপাধ্যায়ের বক্তব্য, 'শ্রমিকদের অভিযোগ একদম সঠিক। আক্তার আলি, রাজেশ মণ্ডলদের নেতৃত্বে কিছু অসামাজিক ব্যক্তি বাগানের দখল নিতে চাইছে। গাছ কাটছে, চা পাতা ছিঁড়ে ফেলছে। আমরা সব জায়গায় অভিযোগ জানিয়েছি। আইনি পথেও লড়াই চলবে।'

আক্তার অবশ্য সাফাই গাইলেন, 'যে বা যারা অভিযোগ করছে, সবটাই ভিত্তিহীন। শুনেছি, দিদিকে বলো সহ বিভিন্ন জায়গায় অভিযোগ হয়েছে। তদন্তও হচ্ছে বলে খবর পেয়েছি। কিন্তু কিছুই পাওয়া যাবে না।' চটহাটের প্রধান রাজেশ মণ্ডলের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি 'পরে কথা বলছি' বলে ফোন কেটে দেন।

বাগান মালিক বছর দেড়েক

হাঙরের গ্রাসে

আগে কর্মীদের ডেকে জানিয়ে দেন, বিভিন্ন সমস্যার কারণে বাগানটি বিক্রি করে দেওয়া হবে। সেইমতো চুক্তি হয় জমিদাতা এবং স্থায়ী, অস্থায়ী কর্মীদের স্বল্পমূল্যের বিনিময়ে জমি দেবেন। বাকি অংশ অন্য কারও কাছে বিক্রি করা হবে। এক ব্যক্তির থেকে তিনি অগ্রিম টাকাও নেন। এরপর জমিদাতা ও শ্রমিকদের জমি হস্তান্তরের প্রক্রিয়া শুরু হয়। অভিযোগ, তখনই অভিযুক্তরা ঝামেলা পাকাতে শুরু করে। প্রথমে ৫০ জন অস্থায়ী শ্রমিকের মধ্যে ৮ জনকে এক বিঘা করে চা বাগান দিয়ে দেন তাঁরা। ওই আটজন অভিযুক্তদের পক্ষে হওয়ার পর বাকিদের ১ লক্ষ ২৫ হাজার টাকা করে নিতে বাধ্য করা হয়। জমি দেওয়া হবে না বলে স্পষ্ট জানিয়ে দেওয়া হয়েছিল। পাশাপাশি অভিযুক্তদের তরফে প্রস্তাব ছিল, জমি নিতে হলে বর্তমান মূল্যেই নিতে হবে।

পুলিশের ভয় দেখিয়ে, প্রাণনাশের হুমকি দিয়ে কয়েকজনকে টাকা নিতে বাধ্য করে অভিযুক্তরা। এমনকি যাঁরা টাকা নিতে চাননি, তাঁদের ওপর রাজনৈতিকভাবে চাপ সৃষ্টি করা হয়। তখন বাজারদরে জমি কিনতে কেউ ৮ লক্ষ, কেউবা ১০ লক্ষ টাকার সঙ্গে সঙ্গে ২০ টাকার স্ট্যাম্প পেপারে লিখিত দেন আক্তার ও তাঁর সাঙ্গোপাঙ্গদের। অভিযোগ, টাকা নেওয়া হলেও জমি দেওয়া হয়নি। বরং সেই জমি বাইরের লোকের কাছে নোটারি করে স্ট্যাম্প পেপারে লিখে বিক্রি করা হয়েছে।

অভিযোগকারীদের দাবি, স্থানীয় প্রশাসন অভিযোগ নিতে না চাওয়ায় সরাসরি মুখ্যমন্ত্রীকে অভিযোগপত্র পাঠানো হয়। ফোন করা হয় 'দিদিকে বলো'-তে। এরপরই জেলা শাসক, বিডিও দপ্তরে অভিযোগ গ্রহণ করা হয়েছে। যদিও তদন্তের নামগন্ধ নেই। তদন্তের দাবিতে বৃহস্পতিবার শিলিগুড়ি জার্নালিস্টস ক্লাবে সাংবাদিক সম্মেলন করেন শ্রমিকরা। তাঁদের একজন মহম্মদ হাবিবুলের ক্ষোভ, 'পুলিশ-প্রশাসন শাসকদলের নেতাদের বিরুদ্ধে পদক্ষেপ করছে না। আমরা দিদিকে বলো-তে জানিয়েছি। এখনও তদন্ত হয়নি।' একই বক্তব্য আবদুল রহমান সহ অন্যদের।



মেঘলা আকাশে রামধনুর লুকোচুরি। ইসলামপুরে বৃহস্পতিবার। ছবি : সুদীপ্ত ভৌমিক



নৈসর্গিক।। ভুটানঘাটের ছবিটি তুলেছেন আলিপুরদুয়ারের অনুপম চৌধুরী।

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

## বকেয়া চেয়ে বিক্ষোভ ঠিকাদারদের

**শিলিগুড়ি, ২৬ জুন :** জল জীবন মিশন প্রকল্পে কাজের বকেয়া মেটানোর দাবিতে শিলিগুড়ির ঠিকাদারদের সঙ্গে আন্দোলনে শামিল হলেন জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ারের ঠিকাদাররা। বৃহস্পতিবার শিলিগুড়ি পিএইচই কনট্রাক্টরস ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের তরফে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের উত্তরবঙ্গ সার্কেলের সুপারিন্টেন্ডেন্ট ইঞ্জিনিয়ারের কার্যালয়ে বিক্ষোভ দেখানো হয়। কাজ করেও নয় মাস ধরে বিল বাবদ টাকা না পেয়ে ঠিকাদাররা এদিন পানীয় জল সরবরাহের পরিষেবা বন্ধ করার হুঁশিয়ারি দেন। পাশাপাশি নিজেদের দাবির সমর্থনে একটি স্মারকলিপি দেন।

ঠিকাদারদের অভিযোগ, উত্তরবঙ্গে চার জেলা মিলিয়ে জল জীবন মিশন প্রকল্পের কাজে ৪০০ কোটি টাকা পাওনা রয়েছে ঠিকাদারদের। বিক্ষোভকারীদের দাবি প্রসঙ্গে সুপারিন্টেন্ডেন্ট ইঞ্জিনিয়ার সত্যজিৎ পানের যুক্তি, 'জল জীবন মিশন প্রকল্পে কেন্দ্র ও রাজ্যের মিলিত টাকা রয়েছে। কিন্তু শেষ ৮ মাস ধরে কেন্দ্রের তরফে টাকা আসছে না। এদিকে, প্রকল্পের কাজ অনেক দূর এগিয়ে গিয়েছে। ঠিকাদাররা যে ইস্যুতে স্মারকলিপি দিয়েছেন, সেটা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হবে।'

বুধবার অ্যাসোসিয়েশনের তরফে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের শিলিগুড়ি ডিভিশনের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে ঘিরে ধরে বিক্ষোভ দেখানো হয়েছিল। এদিন ফের প্রতিবাদ কর্মসূচিতে শামিল হন ঠিকদাররা। সংগঠনের সম্পাদক অনুপ বসুর কথায়, 'কেন্দ্র বা রাজ্য সরকার কী করল, তা আমাদের দেখার দায়িত্ব নয়। টেন্ডার অনুযায়ী কাজ করেও টাকা কেন পাব না আমরা। ভালভ অপারেটর, পাম্প অপারেটর, মেইনটেনান্স অপারেটর, লেবার এবং মিস্ত্রিরাও আমাদের সঙ্গে রয়েছেন। কেউ টাকা পাননি।'

এরপরই অনুপের হুঁশিয়ারি, 'টাকা না পেলে জল সরবরাহ বন্ধ করতে বাধ্য হব। টাকা ছাড়া আমরা আর পরিষেবা দিতে পারছি না।'

## গ্রেপ্তার ৪

**শিলিগুড়ি, ২৬ জুন :** অপরাধমূলক কাজের উদ্দেশ্যে জড়ো হওয়ার অভিযোগে চার দুষ্কৃতীকে গ্রেপ্তার করল ভক্তিনগর থানার পুলিশ। ধৃতরা হল রাজু সিং, অভিষেক অধিকারী, শেখর অধিকারী ও রাহুল মণ্ডল। বুধবার রাতে কয়েকজন দুষ্কৃতী পিসি মিত্তাল বাস টার্মিনাস এলাকায় জড়ো হয়। এরপর গোপন সূত্রে খবর পেয়ে ভক্তিনগর থানার পুলিশ সেখানে অভিযান চালিয়ে ওই ৪ দুষ্কৃতীকে গ্রেপ্তার করে। ধৃতদের বৃহস্পতিবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

# ফের সক্রিয় কেজিএফ গ্যাং, ধৃত তিন

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ২৬ জুন :** গ্যাং-এর 'দাদাগিরি' ফের চর্চায়। 'মুখিয়া গ্যাং'-এর দৌরাত্ম্যে নিয়ন্ত্রণে আনতে না আনতেই কেজিএফ গ্যাং ফের মাথাচাড়া দিয়ে উঠল। বুধবার রাতে এই গ্যাংয়ের সদস্যদের দৌরাত্ম্যে বাণেশ্বর মোড় এলাকায় চাঞ্চল্য ছড়ায়। অভিযোগ, টাকা দিতে না চাওয়ায় ওই গ্যাংয়ের সদস্যরা ক্রেনে করেই গাড়ি নিয়ে যাওয়ার চেষ্টা করছিল। ঘটনায় জড়িত তিনজনকেই আশিঘর ফাঁড়ির পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃতদের মধ্যে মনোজ ঘোষ কেজিএফ গ্যাংয়ের সক্রিয় সদস্য। বিভিন্ন সময় ঝামেলার অভিযোগের পাশাপাশি ২০২৪ সালে পরিকল্পনামাফিক ডাকাতিতেও সে অভিযুক্ত ছিল।

দীর্ঘদিন ধরেই পুলিশ ওই দুষ্কৃতীর খোঁজ করছিল। ধৃতকে মারধরের পাশাপাশি ওই পরিকল্পনামাফিক ডাকাতির ঘটনায় জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তার করা হয়। তার সঙ্গে আসা বাকি দুই সদস্যকে মারধর, হুজ্জতির অভিযোগে গ্রেপ্তার করা হয়। বৃহস্পতিবার জলপাইগুড়ি জেলা আদালতে তোলার পর ওই দুই ধৃতের জামিন হলেও বিচারক মনোজের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।

পুলিশ সূত্রে খবর, বুধবার রাতে বাণেশ্বর মোড় দিয়ে একটি ক্রেন যাওয়ার সময় অসাবধানতাবশত ব্রেক কষার কারণে পেছন দিয়ে আসা গাড়ির সঙ্গে সেটির ধাক্কা লাগে। এরপরই ওই ক্রেনচালক মনোজকে ফোন করে ডাকে। এরপর মনোজ তার দুই সঙ্গী নিয়ে এলাকায় হাজির হয়ে ওই গাড়িচালকের কাছে টাকা চাইতে থাকে বলে অভিযোগ। অভিযোগ, এরপর গাড়িচালক টাকা দিতে রাজি না হলে ক্রেন দিয়ে ওই গাড়ি টেনে নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়। এমন সময় আশিঘর ফাঁড়ির কাছে খবর যায়। এরপর আশিঘর ফাঁড়ির টিম ওই ক্রেনের পিছু ধাওয়া করে গাড়িটিকে উদ্ধার করে। মনোজ ও তার দুই সঙ্গীকে গ্রেপ্তার করা হয়।

২০২৪ সালে ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়ার অভিযোগে মনোজের নাম পাওয়া গেলেও তারপর থেকেই নাকি তার কোনও খোঁজ ছিল না। এদিনের ঘটনার পর প্রশ্ন, তাহলে কি মুখিয়া গ্যাং-এর মতো পুলিশের অজান্তেই কেজিএফ গ্যাং ইস্টার্ন বাইপাসজুড়ে নিজেদের কার্যকলাপ চালিয়ে যাচ্ছে? রামকৃষ্ণ মিশনের ঘটনার পর কেজিএফ গ্যাং ভেঙে ছোট ছোট গ্যাং তৈরি হওয়ার একাধিক হদিস মিলেছে। তাহলে এই গ্যাংয়ে কি নতুন করে সদস্য যুক্ত করা হচ্ছে? মারধরের পাশাপাশি ২০২৪ সালে অপরাধমূলক কাজের উদ্দেশ্যে জড়ো হওয়ার মামলা যুক্ত করে বুধবার রাতে মনোজকে গ্রেপ্তার করা হয়।

বাকি দুই সদস্যের বিরুদ্ধে পুলিশের তরফে ঘটনার অভিযোগ হিসেবে মারধর ও হুজ্জতির ধারা দেওয়া হয়। বৃহস্পতিবার ওই দুই সদস্যকে জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে জামিন মঞ্জুর হয়। বিচারক মনোজের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।



ধৃত গ্যাংয়ের পান্ডা মনোজ ঘোষ।

### শিলিগুড়িতে দুষ্কৃতী দৌরাত্ম্য

বুধবার রাতে কেজিএফ গ্যাংয়ের সদস্যদের দৌরাত্ম্যে বাণেশ্বর মোড়ে আতঙ্ক

অভিযোগ, টাকা দিতে না চাওয়ায় গ্যাংয়ের সদস্যরা ক্রেনের সাহায্যে গাড়ি নিয়ে যাওয়ার চেষ্টা করছিল

ঘটনায় জড়িত তিনজনকে আশিঘর ফাঁড়ির পুলিশ গ্রেপ্তার করেছে, ধৃতদের মধ্যে মনোজ ঘোষ গ্যাংয়ের অন্যতম পান্ডা

বিচারক মনোজের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন, বাকি দুজন জামিনে মুক্ত

## সংস্কারের মধ্যেই ভাঙল শহিদ বেদি

**নকশালবাড়ি, ২৬ জুন :** একরাতের বৃষ্টিতে ভেঙে পড়ল নকশালবাড়ি গ্রাম পঞ্চায়েতের সাতভাইয়া এলাকার বিডিও ও বিএলএলআরও অফিসের সামনে ৫০ ফুট লম্বা একটি শহিদ বেদি। কার্গিল যুদ্ধে শহিদ সুরেশ ছেত্রীর স্মৃতিতে ওই শহিদ বেদিটি তৈরি করা হয়েছিল। সেটির সংস্কার চলছিল। তার মধ্যেই ঘটল বিপত্তি।

নকশালবাড়ি তারাবাড়ির বাসিন্দা নেত্ররাজ ছেত্রী প্রায় তিনমাস ধরে ওই সংস্কারের কাজ করছিলেন। যেখানে নির্মাণকাজ চলছিল সেটি এশিয়ান হাইওয়ে টু এবং পূর্ত দপ্তরের জায়গা। বুধবার রাতের বৃষ্টিতে শহিদ বেদির একপাশের প্রাচীর ভেঙে যায়। ভেঙে যাওয়া নির্মাণ সামগ্রীগুলি আপাতত রাস্তার পাশে কালো প্লাস্টিক দিয়ে ঢেকে রাখা হয়েছে। নেত্ররাজ বলেন, 'তদারকির অভাবে এমন হয়েছে। সকলের মনে আঘাত লেগেছে। খুব শীঘ্রই পুনরায় মেরামতি করব।'

এলাকাবাসী মনোজ উপাধ্যায় বলেন, 'এটা নকশালবাড়ির মূল রাস্তা। সব সময় ভিড় লেগে থাকে। রাতে বৃষ্টির জন্য রাস্তাটি ফাঁকা ছিল। দুর্ঘটনা থেকে রক্ষা পাওয়া গেল। যারা এই কাজের সঙ্গে যুক্ত, তাঁদের বিষয়টি দেখা উচিত।'

অপর এক বাসিন্দা রঞ্জিত সাহার বক্তব্য, 'একজন শহিদের বেদি সংস্কারে এমন নিম্নমানের কাজ হবে, কেউ কল্পনা করতে পারেনি। সরকারি কাজ হলে মেনে নেওয়া যায়। কিন্তু এটা তো শহিদের পরিবারের পক্ষ থেকে তৈরি করা হচ্ছিল।'

অন্যদিকে, নকশালবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান জয়ন্তী কিরো ও নকশালবাড়ির বিডিও প্রণব চট্টরাজ বলেছেন, তাঁদের বিষয়টি জানা নেই। প্রণবের কথায়, 'আমার জানা নেই। তবে এলাকা পরিদর্শন করে খতিয়ে দেখে ব্যবস্থা নেব।'

## মাদকবিরোধী দিবস পালন

**উত্তরবঙ্গ ব্যুরো**

**২৬ জুন :** জেলার বিভিন্ন জায়গায় বৃহস্পতিবার আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস পালিত হল। ইসলামপুর আবগারি দপ্তর এবং ইসলামপুর পুলিশ যৌথভাবে সচেতনতামূলক প্রচার করল। বিলি করা হল লিফলেট।

শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের বাগডোগরা থানা এবং বাগডোগরা ট্রাফিক গার্ড মাদকবিরোধী দিবসে একটি র‍্যালি করল। পাশাপাশি বিহার মোড়ে ট্রাফিক পার্কে সচেতনতামূলক কর্মসূচি করা হয়। বিভিন্ন স্কুলের পড়ুয়াদের মাদকের কুফল নিয়ে সচেতন করেন বাগডোগরা থানার ওসি পার্থসারথি দাস, মহিলা এসআই সুবর্ণা রাওয়াত প্রমুখ। চাকুলিয়া হাইস্কুল প্রাঙ্গণে একটি সচেতনতা শিবির হল। তার আগে একটি মিছিল হয়। সেখানে অংশ নেন ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষাকর্মী ও স্থানীয়রা। মিছিলটি এলাকার বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন চাকুলিয়া থানার আইসি রাজু সোনার, বিডিও সুজয় ধর এবং স্কুলের প্রধান শিক্ষক বাসুদেব দে। আইসি বলেন, 'মাদক শুধু ব্যক্তিকে ধ্বংস করে না। সমাজ ও পরিবারকেও ধ্বংস করে। মাদকমুক্ত সমাজ গড়ে তোলা পুলিশের একার পক্ষে সম্ভব নয়। সাধারণ মানুষকে এগিয়ে আসতে হবে।' চোপড়া থানা ও আবগারি দপ্তরের যৌথ উদ্যোগে সচেতনতামূলক র‍্যালি হয় এদিন। পড়ুয়াদের পাশাপাশি অংশ নেন চোপড়া থানার আইসি সুরজ থাপা, ডিএসপি রাহুল বর্মন প্রমুখ।

# গাড়ি না চললেও নিয়মিত বিল

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ২৬ জুন :** দরিদ্র মানুষের প্রয়োজনের কথা মাথায় রেখে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে শিলিগুড়ি পুরনিগমের তরফে দেওয়া শববাহী গাড়িটির গায়ে ধুলো জমেছে। দীর্ঘদিন ধরে আইডি বিভাগের (পুরোনো কোভিড ব্লক) ভিতরে ফেলে রাখা হয়েছে ভ্যানটি। এদিকে, মোটা টাকা খরচ করে বাইরে থেকে শববাহী গাড়ি কিংবা অ্যাম্বুল্যান্স ভাড়া করতে হচ্ছে মানুষকে। প্রসঙ্গের শেষ এখানেই নয়। অভিযোগ, ভ্যানটি বসিয়ে রাখা হলেও ভুয়ো বিল বানিয়ে সরকারি খাত থেকে তুলে নেওয়া হচ্ছে টাকা।

মেডিকেলের ডেপুটি সুপার সুদীপ্ত মণ্ডল অবশ্য দাবি করছেন, 'গাড়িটি খারাপ হয়েছিল, পরে সারাই করা হয়। গরিব মানুষের প্রয়োজনে ব্যবহার হয় ওই গাড়ি।' মেডিকেলের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান গৌতম দেবের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি হাসপাতাল সুপারের সঙ্গে কথা বলেন। পরে বলেন, 'সুপার জানিয়েছেন, গাড়িটি নিয়মিত চলছে। তবুও আমি নিজে গিয়ে দেখব।'



মেডিকেল কলেজে আইডি বিভাগের ভেতরে শববাহী গাড়ি। বৃহস্পতিবার।

২০২৩ সালের মে মাসে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে এক ব্যক্তি চিকিৎসাধীন অবস্থায় মৃত সন্তানের দেহ ব্যাগে ভরে বাসে করে কালিয়াগঞ্জের বাড়িতে পৌঁছেছিলেন। তাঁর অভিযোগ ছিল, অ্যাম্বুল্যান্স এবং শববাহী গাড়ি ভাড়া করতে গেলে তাঁর কাছে ৮-১০ হাজার টাকা দাবি করা হয় মেডিকেলে। পেশায় তিনি দিনমজুর। তাই অত টাকা না থাকায় বাধ্য হয়ে ব্যাগে দেহ ভরেই নিয়ে গিয়েছেন। এই ঘটনায় রাজ্যে শোরগোল পড়ে যায়। এরপর শিলিগুড়ির মেয়র তথা মেডিকেলের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান গৌতম দেবের উদ্যোগে পুরনিগমের তরফে মেডিকেলকে একটি শববাহী গাড়ি দেওয়া হয়। নিয়োগ করা হয় একজন চালককে। জ্বালানির জন্য অর্থ বরাদ্দ করছে মেডিকেল। কিন্তু বাস্তবে গাড়িটি ব্যবহারই হচ্ছে না বলে অভিযোগ।

বসিয়ে রাখা হলেও নিয়মিত এই গাড়ির নামে বিল তৈরি হয়ে যাচ্ছে। যা নিয়ে মেডিকেল প্রশাসনের অন্দরে প্রশ্ন উঠতে শুরু করেছে। অফিসের খাতায়-কলমে গাড়িটি সচল, নিয়মিত মরদেহ বহন করছে বলে দেখানো হলেও বাস্তবে গাড়ির চাকা গড়াচ্ছে না বলে অভিযোগ। হাসপাতাল কর্তারা অবশ্য বারবার দাবি করছেন, চিকিৎসাধীন অবস্থায় কেউ মারা গেলে রোগী সহায়তাকেন্দ্র থেকে শববাহী গাড়ির ব্যবস্থা করে দেওয়া হয়। দুঃস্থ পরিবার বিনামূল্যে সেই পরিষেবা পাচ্ছেন।

# রাস্তায় মাখামাখি মল, এল দমকল

**খোকন সাহা**

**বাগডোগরা, ২৬ জুন :** সাইরেন বাজিয়ে দমকলের ইঞ্জিন যখন ছুটছিল দ্রুতগতিতে, তখন তীক্ষ্ণ শব্দ কানে গিয়েছিল অনেকেরই। সকলেরই একটা প্রশ্ন, 'আগুন লাগল কোথায়?' উত্তরের খোঁজে অনেকেই মোটরবাইক নিয়ে দমকল ইঞ্জিনের পিছু নিয়েছিল। কৌতূহলী অনেকে আবার মুঠোফোনে খবরাখবর নেওয়া শুরু করলেন। উত্তর পেয়ে সকলেই বলছেন, 'এমনটাও সম্ভব!'

'মশা মারতে কামান দাগা', বাগধারাটি বাঙালির অতিপরিচিত। বঙ্গজীবনে অতিব্যবহারে শব্দটির মধ্যে এখন আর সেই অর্থে নতুনত্ব কিছু খুঁজে পায় না বাঙালি। ফলে দমকলের যে কারণে নকশালবাড়ি থেকে বাগডোগরায় ছুটে যাওয়া, তার তুলনা কীসের সঙ্গে করা উচিত, তা ভাবতে গিয়ে অনেককেই মাথা চুলকোতে হয়েছে। হবেই বা না কেন, রাস্তায় ছড়িয়ে-ছিটিয়ে থাকা মল বা বিষ্ঠা পরিষ্কারের জন্য যদি ডাক পড়ে দমকলকর্মীদের, তবে তার মধ্যে অবাক হওয়ার মতো ঘটনা থাকার পাশাপাশি নতুনত্ব তো কিছু থাকেই। অতীতে এমন ঘটনার জন্য তাঁদের তলব করা হয়নি কখনও, স্বীকারোক্তি কয়েকজন দমকলকর্মীরও। তাঁদের কাছে ঘটনাটি অঘটনই বটে।

কেন এবং কীভাবে এমন অঘটন ঘটল? সেপটিক ট্যাংক পরিষ্কারের জন্য একটি বেসরকারি সংস্থাকে তলব করেছিলেন বাগডোগরার ক্ষুদিরামপল্লির বাসিন্দা রঞ্জিত দেবনাথ। বুধবার বিকেলে তাঁর বাড়ি থেকে বিষ্ঠা নিয়ে যখন একটি সেসপুল নকশালবাড়ির দিকে রওনা দিয়েছিল, সে সময়ই সেসপুলের ভালভ কেটে গিয়ে বিপত্তি ঘটে। ক্ষুদিরামপল্লির কানা গলি থেকে এশিয়ান হাইওয়ে-টু, ছড়িয়ে পড়ে রঞ্জিতের বাড়ির বিষ্ঠা। বুঝতে না পেরে চলতে গিয়ে পিছলে এক তরুণ আছাড় খান। তবে তাঁর উদ্দেশে কেউ সাহায্যের হাত বাড়িয়ে দেননি। বরং বিষ্ঠা মাখা ওই তরুণকে যাঁরাই দেখেছেন, তাঁরাই ঘেন্নায় তফাতে চলে গিয়েছেন।



সময়ের সঙ্গে বাগডোগরার বাতাস হয়ে ওঠে দুর্গন্ধ। সন্ধ্যার টিফিন বা রাতের খাবার, কার্যত ইচ্ছেটুকু মরে যায় রাস্তার ধারের বাসিন্দাদের। ক্ষুদিরামপল্লির বাসিন্দা প্রশান্ত দত্ত বললেন, 'বাড়ির ট্যাংকের জল দিয়ে রাস্তা ধুয়েও লাভ হয়নি। রাস্তায় বিষ্ঠা থেকেই গিয়েছে, দূর হয়নি দুর্গন্ধও। মানুষ ঘেন্নায় যাতায়াত বন্ধ করে দেন। অনেকেই বাধ্য হয়ে বিকল্প রাস্তা খুঁজে নেন।' এমন পরিস্থিতি থেকে মানুষকে স্বস্তি দিতে এলাকার পঞ্চায়েত সদস্য বনানী দাস বিডিওর দ্বারস্থ হন। পরিস্থিতি বুঝতে পেরে সমস্যার সমাধানে বিডিও দমকলকে তলব করেন। এরপরেই দমকলের জলে রাস্তা হয় পরিষ্কার।

চিত্তরঞ্জন স্কুল মাঠে শুক্রবার বসবে রথের মেলা। এলাকা পরিক্রমা করবে রথ। যাতে শামিল হবেন হাজার হাজার মানুষ। যা উল্লেখ করে লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েত উপপ্রধান বিশ্বজিৎ ঘোষ বলছেন, 'ভাগ্যিস বিডিও উদ্যোগ নিয়েছিলেন। অন্যথায় বড় কেলেঙ্কারি হয়ে যেত।' স্থানীয় দীপঙ্কর ঘোষ অবশ্য এমন কেলেঙ্কারির জন্য কাঠগড়ায় তুলেছেন বিষ্ঠা পরিষ্কারের সঙ্গে যুক্ত বেসরকারি সংস্থাকেই। তবে সেসপুলের চালক অর্জুন বাসফোর বলছেন, 'দুর্ঘটনা তো দুর্ঘটনাই।'

# কাজ শেষেই উদ্বোধন চায় জলপাইগুড়ি

**জলপাইগুড়ি, ২৬ জুন :** কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের উদ্বোধন আপাতত স্থগিত হল। বৃহস্পতিবার কলকাতা হাইকোর্টের তরফে একটি বিজ্ঞপ্তি জারি করে এমনটাই জানানো হয়েছে। কিন্তু কী কারণে স্থায়ী ভবনের উদ্বোধন স্থগিত রাখা হয়েছে তা বিজ্ঞপ্তিতে স্পষ্ট করে উল্লেখ নেই।

তবে একদিকে যেমন স্থায়ী ভবনের প্রবেশদ্বার থেকে শুরু করে রাস্তার কাজ এখনও শেষ হয়নি। একইভাবে জুলাই মাসে উত্তরবঙ্গে ভারী বর্ষার আশঙ্কা রয়েছে। আইনজীবী মহলের ধারণা, এই দুটি সমস্যার কারণে হয়তো ১২ জুলাই উদ্বোধন আপাতত স্থগিত রাখা হল।

উদ্বোধনের দিন স্থগিত হওয়া প্রসঙ্গে জলপাইগুড়ি বার অ্যাসোসিয়েশনের সম্পাদক অভিজিৎ সরকার বলেন, 'আমরাও জানতে পেরেছি ১২ জুলাই সার্কিট বেঞ্চের স্থায়ী পরিকাঠামোর উদ্বোধন স্থগিত রাখা হয়েছে। কেন স্থগিত রাখা হল সেই বিষয় আমাদের জানা নেই। তবে মনে হচ্ছে জুলাই মাসে ভারী বর্ষার আশঙ্কা রয়েছে। যে কারণে এত বড় একটি অনুষ্ঠান ঝুঁকিপূর্ণ হবে। আমাদের দাবি স্থায়ী পরিকাঠামোর কাজ পুরোটা শেষ করে স্থায়ী বেঞ্চ হিসেবেই এটাকে উদ্বোধন করা হোক।'

১২ জুলাই জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের উদ্বোধনের দিন স্থির হয়েছিল। সেইমতো স্থায়ী ভবন নির্মাণের অবশিষ্ট কাজকর্ম

সার্কিট বেঞ্চ

দ্রুতগতিতে চলছিল। সম্প্রতি সার্কিট বেঞ্চের কাজের গতিপ্রকৃতি দেখতে কলকাতা থেকে রাজ্য পূর্ত দপ্তরের বিশেষ সচিব চলতি সপ্তাহে পরিদর্শন করে গিয়েছেন। একইভাবে দিন কয়েক আগে জেলা প্রশাসনের সঙ্গে সার্কিট বেঞ্চের উদ্বোধনের অনুষ্ঠান নিয়ে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের সচিবরা জলপাইগুড়িতে এসে বৈঠক করে গিয়েছেন। ১২ জুলাইয়ের উদ্বোধনের অনুষ্ঠানে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এবং রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উপস্থিত থাকবেন। সেই সঙ্গে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি এবং অন্যান্য বিচারপতিরাও উপস্থিত থাকবেন। উদ্বোধনী অনুষ্ঠানে আসা অতিথিরা কে কোথায় থাকবেন তা জেলা প্রশাসন একপ্রকার নিশ্চিত করে ফেলেছিল। সেই মতো শহরের একাধিক সরকারি বাংলোগুলোর রক্ষণাবেক্ষণের কাজও শুরু হয়েছিল। অন্যদিকে, উদ্বোধনকে ঘিরে জেলা পুলিশ ও প্রশাসন এলাকার নিরাপত্তা সংক্রান্ত একটি পরিদর্শন সম্পন্ন করেছিল।

এত কিছুর পরেও ১২ জুলাই উদ্বোধন স্থগিত হচ্ছে বলে বৃহস্পতিবার বিজ্ঞপ্তি জারি করে কলকাতার হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল জানিয়ে দেন। কলকাতা হাইকোর্টের বার অ্যাসোসিয়েশনকে হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল তাঁর চিঠিতে উল্লেখ করেছেন ১২ জুলাই অনিবার্য কারণে জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের স্থায়ী ভবনের উদ্বোধন স্থগিত রাখা হয়েছে।



দুরন্ত শৈশব।। ইসলামপুরের মাটিকুণ্ডায় সুদীপ্ত ভৌমিকের তোলা ছবি।

শিলিগুড়িতে ডাকাতির আগে একই রুটে দু'বার রেইকি

# অডিও মেসেজ ধরাল আসাদকে

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ২৬ জুন :** 'সব আচ্ছাসে দেখকে আয়া হ্যায় না?' শনিবার রাতের দিকে অ্যাপে করা সেই অডিও মেসেজই ধরিয়ে দিল 'অপারেশন শিলিগুড়ি' গ্যাংয়ের 'ক্যাপ্টেন' মহম্মদ আসাদকে। বুধবার ভোরে বিহারের দ্বারভাঙ্গা জেলার বিরৌল থানা এলাকার এক আত্মীয়ের বাড়ি থেকে আসাদকে গ্রেপ্তার করা হয়েছে।

রবিবারের অপারেশনের পর আসাদ দ্বারভাঙ্গার জামালপুর থানা এলাকায় ফিরে গিয়েছিল। সেখানেই তার বাড়ি। এরপর বিরৌলের একটি গ্রামে আত্মীয়ের বিয়ের অনুষ্ঠানে যোগ দিয়েছিল সে। বুধবার ভোরে বিহার পুলিশের সহযোগিতায় শিলিগুড়ি থানার সাদা পোশাকের বিশেষ দল সেখানে অভিযান চালায়। তখন ঘুমে মগ্ন আসাদ। চোখ খুলতেই সামনে পুলিশ দেখে হতভম্ভ সে। এরপর তাকে পাকড়াও করে ট্রানজিট রিমান্ডে বুধবার গভীর রাতে শহরে নিয়ে আসা হয়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, বিরৌলের যে গ্রাম থেকে আসাদকে গ্রেপ্তার করা হয়েছে, সেই গ্রাম একেবারে নেপাল সীমান্তের কাছে। এই পরিস্থিতিতে তদন্তকারীদের আশঙ্কা, হিলকার্ট রোডে লুট করা সোনা নেপালে চলে যায়নি তো?

পুলিশের অনুমান ছিল, লুটের সোনার বড় অংশ আসাদের কাছে থাকতে পারে। যদিও অভিযুক্তকে গ্রেপ্তার করা হলেও সোনার কোনও হদিস পাওয়া যায়নি। এই পরিস্থিতিতে গ্যাংয়ের বাকি সদস্যরা কোথায়, লুটের সোনাই বা কোথায় গেল, এসব যাবতীয় তথ্য পেতে ধৃতকে বৃহস্পতিবার শিলিগুড়ি মহকুমা আদালতে তুলে ৫ দিনের হেপাজতে নিয়েছে পুলিশ। ডিসিপি (ইস্ট) রাকেশ সিং বলছেন, 'গ্যাংয়ের সদস্যদের একজোট করে লুটের ছক কষা ও তা বাস্তবায়নে কাজ করেছে আসাদের মাথা।' এদিকে, দুষ্কৃতীরা দীর্ঘদিন বিধাননগরে ঘাঁটি গেড়ে থেকেছে। এতদিন ধরে তাদের খরচ কে জোগাল, সেই তদন্তে নেমে বিহারের এক বাহুবলী নেতার নাম উঠে এসেছে পুলিশের হাতে। সেই প্রসঙ্গে ডিসিপি (ইস্ট)-র বক্তব্য, 'তদন্তে সমস্তটাই বেরিয়ে আসবে।'

এদিকে, মহম্মদ সামসাদ ও সাফিক খানকে জেরা করে আরও বেশ কিছু তথ্য পেয়েছে পুলিশ। এই দুই দুষ্কৃতী অল্প বয়স থেকে চুরিতে হাত পাকিয়েছে। পরে গয়না লুটের গ্যাংয়ে যোগ দেয়।

পুলিশ সূত্রে খবর, ফাইনাল অপারেশনের আগে দুইবার নির্দিষ্ট রুট দিয়ে হিলকার্ট রোডের ওই গয়নার দোকানে যাতায়াত করেছে গ্যাংয়ের সদস্যরা। ওই রুটে রয়েছে লম্বা ও অপ্রশস্ত একটি রাস্তা। যা আমবাড়ি লাগোয়া উড়ালপুলের সঙ্গে বিধাননগর উড়ালপুল লাগোয়া রাস্তাকে সরাসরি যুক্ত করেছে। ওই রাস্তা গ্যাংয়ের সদস্যরা কীভাবে চিনল? শহর লাগোয়া এলাকার কোনও বাসিন্দা এতে যুক্ত কি না, সেই প্রশ্নের উত্তর খুঁজছে পুলিশ।

**ধৃত 'ক্যাপ্টেন'**

- রবিবারের অপারেশনের পর আসাদ দ্বারভাঙ্গার জামালপুর থানা এলাকায় ফিরে গিয়েছিল
- এরপর বিরৌলের একটি গ্রামে আত্মীয়ের বিয়ের অনুষ্ঠানে যোগ দিয়েছিল সে
- বুধবার ভোরে বিহার পুলিশের সহযোগিতায় শিলিগুড়ি থানার একটি দল সেখানে অভিযান চালায়
- তাকে পাকড়াও করে ট্রানজিট রিমান্ডে শহরে নিয়ে আসা হয়



ধৃতকে আদালতে নিয়ে যাওয়া হচ্ছে।

## টেক্কা দিচ্ছে মাটিগাড়া

# কর আদায়ে রাজ্যে সেরা তিন পঞ্চায়েত

**সাগর বাগচী**

**শিলিগুড়ি, ২৬ জুন :** মাটিগাড়া ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় নগরায়ণের জেরে বারবার দাবি উঠছে এলাকাগুলিকে আলাদা পুরসভা কিংবা শিলিগুড়ি পুরনিগমের অন্তর্ভুক্ত করার। ওই গ্রাম পঞ্চায়েত এলাকাগুলি যে শিলিগুড়ি পুরনিগমকে টেক্কা দিচ্ছে তা আর বলার অপেক্ষা রাখে না। এবার শুধু নগরায়ণ নয়, কর আদায় করে নিজস্ব তহবিল গড়ার ক্ষেত্রে মাটিগাড়া ব্লকের গ্রামগুলি পিছিয়ে থাকল না। কর আদায়ে গোটা রাজ্যের শীর্ষে থাকা ২৫টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে এক থেকে তিন নম্বর স্থান দখল করে ফেলেছে মাটিগাড়া ব্লকের পাথরঘাটা, আঠারোখাই ও চম্পাসারি গ্রাম পঞ্চায়েত। এক বছরে তিনটি গ্রাম পঞ্চায়েত মোট ৮ কোটি ৩৪ লক্ষ টাকা কর আদায় করেছে।

এর আগে শিলিগুড়ি দীনবন্ধু মঞ্চে আয়োজিত বাণিজ্য সম্মেলনে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সামনে চম্পাসারি, আঠারোখাই, মাটিগাড়া, পাথরঘাটা এলাকাকে শিলিগুড়ি পুরনিগমের সঙ্গে যুক্ত করার প্রস্তাব দিয়েছিলেন মেয়র গৌতম দেব। সেই প্রস্তাবেই যেন কর আদায়ের পরিসংখ্যান নতুন পালক যোগ করল। ২৫টি গ্রাম পঞ্চায়েতের তালিকার মধ্যে মাটিগাড়া ১ এবং ২ ও আপার এবং লোয়ার বাগডোগরা গ্রাম পঞ্চায়েত রয়েছে। কর আদায়ে শীর্ষে থাকায় আগামী ৪ জুলাই কলকাতায় সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধানদের রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের তরফে সম্মানিত করা হবে। তথ্য বলছে, ২০২৪-'২৫ অর্থবর্ষে পাথরঘাটা গ্রাম পঞ্চায়েত ৩ কোটি টাকা কর আদায় করে রাজ্যে শীর্ষে রয়েছে। ২ কোটি ৮৬ লক্ষ টাকা কর আদায় করে আঠারোখাই গ্রাম পঞ্চায়েত দ্বিতীয় ও ২ কোটি ৪৮ লক্ষ টাকা কর আদায় করে চম্পাসারি গ্রাম পঞ্চায়েত রাজ্যে তৃতীয় স্থানে রয়েছে। বিষয়টি নিয়ে মহকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ বলেন, 'প্রতি বছর এভাবে নিজস্ব তহবিল বাড়ানো গেলে উন্নয়নের কাজ আরও গতি পাবে। কেননা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি কিংবা মহকুমা পরিষদ অর্থ কমিশনের থেকে যে টাকা পাই, সেটা বিভিন্ন প্রকল্পের জন্য আগে থেকে ধরা থাকে। সেখানে নিজস্ব টাকা আয় হলে জনসাধারণের প্রয়োজন অনুযায়ী কাজ করা যাবে।'

মূলত ট্রেড লাইসেন্স, হাউস বিল্ডিং ট্যাক্স, কেবল পাতার মতো ট্যাক্স আদায় হয়েছে। বিগত বছরে সেই কর আদায় হলেও তা এত পরিমাণে হয়নি বলে খবর। বৃহস্পতিবার শিলিগুড়ি মহকুমা পরিষদের হলঘরে বিভিন্ন কাজের গতিপ্রকৃতি নিয়ে রিভিউ মিটিং হয়। যেখানে দার্জিলিংয়ের জেলা শাসক প্রীতি গোয়েল উপস্থিত ছিলেন। পাশাপাশি গ্রাম পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির সদস্যরা ছিলেন। তবে মাটিগাড়া ব্লকে নগরায়ণ হওয়া সত্ত্বেও জঞ্জাল অপসারণ, পানীয় জল সরবরাহ, নিকাশি ব্যবস্থার ক্ষেত্রে বিস্তর সমস্যা রয়েছে। যা পুরনিগম কিংবা পুরসভা না হলে সমাধান হবে না। সভাধিপতি বলেন, 'কাজের দিক দিয়ে গত দুই বছর ধরে রাজ্যে শিলিগুড়ি মহকুমা পরিষদ প্রথম স্থানে ছিল। এবছরও তার ব্যতিক্রম হবে না বলেই আশা রাখছি।'

> প্রতি বছর এভাবে নিজস্ব তহবিল বাড়ানো গেলে উন্নয়নের কাজ আরও গতি পাবে। কেননা গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি কিংবা মহকুমা পরিষদ অর্থ কমিশনের থেকে যে টাকা পাই, সেটা বিভিন্ন প্রকল্পের জন্য আগে থেকে ধরা থাকে। সেখানে নিজস্ব টাকা আয় হলে জনসাধারণের প্রয়োজন অনুযায়ী কাজ করা যাবে।
>
> **-অরুণ ঘোষ,** *সভাধিপতি, শিলিগুড়ি মহকুমা পরিষদ*



নগরায়ণের ছোঁয়া চম্পাসারি গ্রাম পঞ্চায়েত এলাকায়। ছবি : সূত্রধর

## ফোনে ফাঁদ চিটফান্ডের

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ২৬ জুন :** নতুন কায়দায় মোবাইল অ্যাপে চিটফান্ডের নয়া ফাঁদ। বিনিয়োগের ওপর দৈনিক রিটার্নের মোটা অঙ্কের টোপ নিয়ে হাজির হয়েছে মোবাইল অ্যাপ নির্ভর পনজি স্কিমের চিটফান্ড। এ যাত্রায় দ্রুত টাকা উপার্জনের টোপের মোড়কে রয়েছে শেয়ার ট্রেডিং। যদিও ওই অ্যাপ থেকে ট্রেডিং করা অসম্ভব। ওপরের মোড়ক আধুনিক হলেও ভেতরের গল্পটা সেই পুরোনো। সেই জয়েনিং, ইনভেস্ট, আরও লোককে একই কায়দায় জয়েন করানো, তাঁদের ইনভেস্ট করানো এবং তার থেকে নিজের ইনকাম এবং টিমের ইনকাম। এক্ষেত্রে নতুন টোপ বলতে একেবারে বিনিয়োগের পরদিন থেকেই হাতেগরম মুনাফা।

মেরেকেটে মাস পাঁচেক হল উত্তরবঙ্গে জাল বিছিয়েছে মোবাইল নির্ভর নতুন এই চিটফান্ডের কারবার। ইতিমধ্যেই এতে জড়িয়ে পড়েছেন সমাজের নানা ক্ষেত্রের নানা পেশার মানুষ। জলপাইগুড়ি জেলায় শিক্ষক থেকে সরকারি কর্মীদের একাংশও অ্যাপ নির্ভর নতুন এই বিনিয়োগ চক্রের মূল পান্ডা হিসেবে কাজ করছেন বলে অভিযোগ। গোটা স্কিম বুঝিয়ে যিনি নতুন লোক দলে যোগ করছেন তিনি পাচ্ছেন সরাসরি নীচের লোকেদের বিনিয়োগের ওপর ১০ শতাংশ কমিশন। তার ওপরের লোকেরা যথাক্রমে ৩ ও ২ শতাংশ হারে কমিশন পাচ্ছেন। এভাবে দলে একটা নির্দিষ্ট সংখ্যায় লোক জড়ো হয়ে গেলে মিলছে ১০০০ টাকা থেকে ১০০০০০ টাকা পর্যন্ত মাসিক বেতন। এর বাইরে রয়েছে বিশেষ পারফরমেন্স বোনাস। প্রত্যক্ষ এই তিন আয়ের বাইরে সরাসরি বিনিয়োগে আয়ের টোপ রীতিমতো চোখধাঁধানো। এজন্য অ্যাপে রয়েছে হরেক রকমের স্কিম। অনলাইন অ্যাপের মাধ্যমে যেমন সেইসব স্কিমে বিনিয়োগ করা যাচ্ছে তেমনি প্রতিদিনের মুনাফাও ঢুকছে ব্যাংক অ্যাকাউন্টে। এভাবেই প্রতিদিন উত্তরবঙ্গের একেকটি জেলা থেকে লাখ লাখ টাকা বিনিয়োগ হচ্ছে নতুন এই বিনিয়োগ ফাঁদে।

জলপাইগুড়ি জেলার বহু মানুষ এখনও পর্যন্ত এই অ্যাপের ফাঁদে পা দিয়ে ফেলেছেন। সর্বনিম্ন দু'দিন থেকে সর্বাধিক ৩৬৫ দিনের জন্য দৈনিক নিশ্চিত লাভের বিনিময়ে টাকা লগ্নি করা যাচ্ছে ওই অ্যাপে। একেবারে ন্যূনতম স্কিমে দু'দিনের জন্যে ৩০০ টাকা লগ্নি করলে দৈনিক ৩০ টাকা মুনাফা মিলছে। অ্যাপে বলা "লক আপ পিরিয়ড" শেষে ফেরত মিলছে লগ্নির অঙ্কও। একইভাবে ৫ দিনের জন্য ৯৯০ টাকা লগ্নিতে রোজ মিলছে ৪০ টাকা। একই কায়দায় ৯০ দিনের জন্য ২০ হাজার টাকা লগ্নিতে দৈনিক মিলছে ৬৬০ থেকে ৬৮০ টাকা। সব মিলে যা হিসেব দাঁড়ায় তাতে গড়ে ২৬ থেকে ২৯ দিনে লগ্নি দ্বিগুণ করার টোপ দিয়েই দেদারে বাজার থেকে টাকা তুলছে ওই অ্যাপ স্কিমের পান্ডারা।

## শিশুকন্যাকে খুন মায়ের

**দিনহাটা, ২৬ জুন :** উঠোনের মাঝে পড়ে রয়েছে তিন বছরের শিশুকন্যার নিথর দেহ। মায়ের হাতে তিন বছরের কন্যা খুন হয়েছে। শ্বাসরোধ করে তাকে হত্যা করা হয়েছে বলে অভিযোগ। পাঁচ বছরের ছেলেকেও মারার চেষ্টা করেন মা। ছেলে পালিয়ে গিয়ে প্রতিবেশীদের খবর দেয়। মেয়েকে খুন করে আত্মহত্যার চেষ্টা করেন মা। স্থানীয়দের দাবি, পারিবারিক অশান্তির জেরেই মেয়েকে খুন করেছেন মা। চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে দিনহাটা-২ ব্লকের চৌধুরীহাট গ্রাম পঞ্চায়েতের ৩ নম্বর জায়গির বালাবাড়ি এলাকায়। বৃহস্পতিবার দুপুরে বালাবাড়ি এলাকায় গিয়ে দেখা যায়, উঠোনের এক কোণে মাথায় হাত দিয়ে অঝোরে কেঁদেই চলেছেন মা। তাঁকে ঘিরে রেখেছেন গ্রামের ক্ষুব্ধ বাসিন্দারা। পাড়ার মানুষজন তখনও বিশ্বাসই করতে পারছেন না, একজন মা হয়ে কী করে নিজের তিন বছরের ফুটফুটে সন্তানকে খুন করতে পারেন? আর এই ঘটনার পর থেকেই গোটা গ্রামজুড়েই যেন এক অদ্ভুত নিস্তব্ধতা।

## অবরোধ

**চোপড়া, ২৬ জুন :** চোপড়া থানার টেপাগাঁও গ্রামে অবরোধকে কেন্দ্র করে বৃহস্পতিবার ফের উত্তেজনা ছড়িয়ে পড়ে। ১৬ জুন জমি নিয়ে গ্রামের দুই পরিবারের সংঘর্ষে মাথায় ধারালো অস্ত্রের আঘাতে উভয়পক্ষের দুজন গুরুতর জখম হন। ১৯ জুন হামিরুল হক নামে একজনের মৃত্যু হয়। হামিরুলের মৃত্যুর খবরে ওইদিন গ্রামে উত্তেজনা ছড়িয়েছিল। অভিযুক্তদের গ্রেপ্তারের দাবিতে আত্মীয়রা অবরোধ আন্দোলনে শামিল হয়েছিলেন। অপরপক্ষের আহতের মধ্যে বুধবার আবদুল জব্বারের মৃত্যু হয়। বৃহস্পতিবার মৃতদেহটি সমাধিস্থ করা হয়। মৃতের আত্মীয়পরিজনরা পুলিশের বিরুদ্ধে ক্ষোভ উগরে এদিন এলাকায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ আন্দোলনে শামিল হন। পরিবারের অভিযোগ, পুলিশ তাঁদের দুজনকে গ্রেপ্তার করলেও বিরোধীপক্ষের অভিযুক্তদের আড়াল করার চেষ্টা করছে।

## ধৃত তিন

**গোয়ালপোখর, ২৬ জুন :** গোয়ালপোখর এলাকা থেকে তিন বাংলাদেশি নাগরিককে গ্রেপ্তার করল পুলিশ। ধৃতদের নাম মহম্মদ মাহফুজ আলি (২৮), মহম্মদ আলি (২৫) এবং প্রবীণ রায় (২০)। মাহফুজ ও মহম্মদ আলি বাংলাদেশের ঠাকুরগঞ্জ এলাকার বাসিন্দা, আর প্রবীণ রায়ের বাড়ি দিনাজপুরে। বৃহস্পতিবার ধৃতদের ইসলামপুর আদালতে পেশ করা হলে বিচারক তিনদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দেন।

নাও ছাড়িয়া দে



কোচবিহার ফাঁসিরঘাটে বৃহস্পতিবার অপর্ণা গুহ রায়ের তোলা ছবি।

# তরুণীকে অপহরণের অভিযোগে অবরোধ

**অরুণ ঝা**

**ইসলামপুর, ২৬ জুন :** তরুণীকে অপহরণের অভিযোগ উঠেছে মাটিকুণ্ডা-২ গ্রাম পঞ্চায়েতের জগতাগাঁও গ্রামে। এই অভিযোগ তুলে বৃহস্পতিবার রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। অভিযোগ, বুধবার সন্ধ্যায় ৩ জন তরুণ ওই তরুণীকে তুলে নিয়ে যায়। তরুণীর পরিবার সেদিনই ইসলামপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করলেও এখনও পর্যন্ত পুলিশ তরুণীকে উদ্ধার করতে পারেনি। ঘটনার প্রতিবাদে গ্রামবাসী এইদিন টায়ার জ্বালিয়ে এবং গাছের গুঁড়ি ফেলে মাটিকুণ্ডা-জগতাগাঁও রাজ্য সড়ক অবরোধ করেন। তাঁদের দাবি ছিল, যতক্ষণ না অপহৃত তরুণীকে উদ্ধার করা হচ্ছে, ততক্ষণ অবরোধ চলবে। অবরোধের জেরে এলাকার একাধিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ সাধারণ মানুষ চরম দুর্ভোগের শিকার হয়। যদিও পুলিশের আশ্বাসে প্রায় দুই ঘণ্টা পর অবরোধ তুলে নেওয়া হয়। ইসলামপুরের অতিরিক্ত পুলিশ সুপার ডেন্ডুপ শেরপা জানিয়েছেন, তরুণীর খোঁজে তল্লাশি শুরু হয়েছে।

স্থানীয় বাসিন্দা বিপুল মহন্ত বলেন, 'এভাবে ৩ জন তরুণ একটি মেয়েকে তুলে নিয়ে গেল, অথচ পুলিশ এখনও কোনও ব্যবস্থা নেয়নি। আমরা বাধ্য হয়ে রাস্তায় নেমেছি। যদি অভিযুক্তদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ না করা হয়, তাহলে আন্দোলন আরও তীব্র হবে।' এলাকায় নারীদের নিরাপত্তা নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি।

এদিন ঘটনার খবর পেয়ে ইসলামপুর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। বিক্ষোভকারীদের সঙ্গে দীর্ঘ আলোচনার পর তাঁরা শান্ত হন। ঘটনার জেরে এলাকায় উত্তেজনা রয়েছে। অপ্রীতিকর ঘটনা এড়াতে পুলিশি টহল চলছে।

এখন প্রশ্ন উঠছে, অভিযুক্তদের মধ্যে কেউ কি তরুণীর পূর্ব পরিচিত ছিল? সেই পরিচয়ের সূত্র ধরেই কি এই কাণ্ড ঘটানো হয়েছে?

মাটিকুণ্ডা-২ গ্রাম পঞ্চায়েতের প্রধান ফরিদা খাতুনের প্রতিক্রিয়া, 'পুলিশ তদন্ত শুরু করেছে। আশাকরি, দ্রুত ওই তরুণীকে উদ্ধার করা সম্ভব হবে। প্রকৃত ঘটনা কী, তদন্তে সেটিও উঠে আসবে। যারা দোষী প্রমাণিত হবে, তাদের বিরুদ্ধে কড়া আইনি ব্যবস্থা নেওয়ার দাবি রাখছি।' অতিরিক্ত পুলিশ সুপার বলেছেন, 'তদন্ত চলছে। তরুণীর খোঁজে তল্লাশি চলছে। এলাকায় পুলিশ মোতায়েন করা হয়েছে।'



তরুণীকে অপহরণের প্রতিবাদে টায়ার জ্বালিয়ে অবরোধ। জগতাগাঁওয়ে।

**বিক্ষোভ**

- মাটিকুণ্ডা-২ গ্রাম পঞ্চায়েতের জগতাগাঁও গ্রামে তরুণীকে অপহরণের অভিযোগ উঠেছে
- বুধবার সন্ধ্যায় ৩ তরুণ ওই তরুণীকে তুলে নিয়ে যায় বলে অভিযোগ
- ঘটনার প্রতিবাদে বৃহস্পতিবার রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখান বাসিন্দারা
- এলাকায় নারীর নিরাপত্তা নিয়ে উঠছে প্রশ্ন

## রিপোর্ট হাতে পেলেন আমেরিকা

**নকশালবাড়ি, ২৬ জুন :** ভুল শুধরে রিপোর্ট হাতে পেলেন আমেরিকা প্রসাদ। নামের ভুলের জন্য গত এক মাস ধরে আটকে ছিল আমেরিকার যক্ষ্মা পরীক্ষার রিপোর্ট। গত ২২ জুন উত্তরবঙ্গ সংবাদে খবর প্রকাশিত হতেই হইচই শুরু হয়ে যায় উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের প্যাথলজি বিভাগে। এখন রিপোর্ট হাতে পেয়ে ছেলের চিকিৎসা শুরু করাতে পেরেছেন আমেরিকার বাবা ভিলু প্রসাদ। বুধবার মেডিকেল কলেজে ছেলেকে নিয়ে যান ভিলু। সেখানে পুনরায় আমেরিকা প্রসাদের কফের নমুনা নিয়ে পরীক্ষা করা হয় এবং একদিনেই রিপোর্ট হাতে দেওয়া হয়। যদিও রিপোর্টে যক্ষ্মা নেই বলে জানানো হয়েছে। বৃহস্পতিবার আমেরিকার চিকিৎসা শুরু হয়েছে। নকশালবাড়ি বাবুপাড়া সংসদের বাসিন্দা আমেরিকা প্রসাদের নাম মেডিকেল কলেজে কফের নমুনা পরীক্ষার সময় ভুলবশত অমৃতা প্রসাদ হয়ে যায়। এই নামের ভুলে গত এক মাস ধরে হাসপাতালে ঘোরাঘুরি করেও যক্ষ্মা পরীক্ষার রিপোর্ট হাতে পায়নি আমেরিকার পরিবার। অবশেষে সেই নাম বিভ্রাটের জট কাটায় স্বস্তি ফিরেছে তাঁদের পরিবারে।

## আহত সেনাকর্মী

**বাগডোগরা, ২৬ জুন :** বৃহস্পতিবার বাগডোগরার জঙ্গলের মধ্যে দিয়ে যাওয়া একটি রাস্তায় সেনাবাহিনীর একটি গাড়ি দুর্ঘটনার কবলে পড়ে। তদন্তকারীদের অনুমান, নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি রাস্তার ধারে একটি গাছে ধাক্কা মারে। ঘটনায় এক সেনাকর্মী গুরুতরভাবে আহত হয়েছেন। তিনি বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন।

ইন্ডিয়ান অয়েল
CIN-L23201MH1959GOI011388
পাইপলাইন বিভাগ
দরখাস্ত আহ্বান (EOI)
পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে "শিলিগুড়ি ঝাপা পাইপলাইন প্রকল্পের অফিস স্পেস"এর জন্য ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের (পাইপলাইন বিভাগ) কে বাণিজ্যিক স্থান লিজ ভিত্তিতে দেওয়ার জন্য প্রকৃত মালিকদের কাছ থেকে আগ্রহ প্রকাশের (EOI) আমন্ত্রণ জানানো হচ্ছে।
ডাউনলোডের সময়কাল : এই দরখাস্ত আহ্বান প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে।
বিড জমা দেওয়ার সময় : এই দরখাস্ত আহ্বান প্রকাশের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে।
যোগাযোগ : সিনিয়র কনস্ট্রাকশন ম্যানেজার, শিলিগুড়ি, মোবাইল : 9250991965
ই-মেল: uahmad@indianoil.in
আরও বিস্তারিত জানার জন্য দেখুন https://www.iocl.com/suppliers-notices
এই বিজ্ঞাপন সংক্রান্ত যে কোনো প্রকার শুদ্ধিপত্র / সংযুক্তিকরণ / বিজ্ঞপ্তি সংক্রান্ত বিষয় একমাত্র www.iocl.com ওয়েবসাইটে দেখা যাবে।

# ভরদুপুরে থানায় তরুণ, 'একটু খাবার হবে?'

পরিবারে অনটনের কারণে ছোট বয়সেই নির্মাণের কাজে যুক্ত হন বেগুসরাইয়ের রোহিত কুমার। পরিবারের সদস্যদের মুখে হাসি ফোটাতে কিছু বাড়তি উপার্জনের আশায় সিকিমে পাড়ি দিয়েছিলেন তিনি। সেখানেই তিক্ত অভিজ্ঞতার মুখোমুখি হন ওই তরুণ।

**শমিদীপ দত্ত**

**শিলিগুড়ি, ২৬ জুন :** মাঝ দুপুরে শিলিগুড়ি থানায় ঢুকে এক তরুণের করুণ আর্তি, 'একটু খাবার হবে? কয়েকদিন ধরে কিছু খেতে পারিনি।' পিঠে ব্যাগ, জামা-প্যান্টে ধুলো লাগা তরুণের এমন আর্তি শুনে বিস্মিত হয়ে যান থানায় উপস্থিত পুলিশকর্মী থেকে সাধারণ মানুষ। বছর ১৮-র ওই তরুণের এমন পরিস্থিতির কথা জানতে গিয়ে আরও অবাক হতে হয় পুলিশকে।

বিহারের বেগুসরাইয়ের রোহিত কুমারের বক্তব্য, বাড়িতে আর্থিক অনটন থাকায় ছোট বয়সেই নির্মাণের কাজে যুক্ত হওয়া। এর মাঝেই চার মাস আগে এক দালালের কাছ থেকে সিকিমের লাচুংয়ে কাজ করার অফার আসে। শ্রমিকের কাজ করে মাসিক ১৮ হাজার টাকা পাওয়া যাবে বলে ওই দালালের কাছ থেকে জানতে পারেন রোহিত। না করেননি রোহিত। ওই দালালের সঙ্গে লাচুং চলে যান। মন দিয়ে কাজ চালিয়ে যেতে থাকেন রোহিত। কিন্তু কঠিন পরিস্থিতির মুখোমুখি হতে হয় তাঁকে তিন মাস পর, বেতন চাইতে গিয়ে। তিনি জানতে পারেন, তাঁর শ্রমের টাকা পেয়েছেন ওই দালাল। শুধু দালালকে টাকা দিয়ে দেওয়া নয়, যার অধীনে তিনি কাজ করছিলেন, সে রোহিতকে মারধরও করে। এরপরেই রোহিত বাড়ি ফেরার সিদ্ধান্ত নেন। তবে চলতি সপ্তাহে মালিক জানায়,আরও দুই মাস রোহিতকে থাকতে হবে।

অর্থাৎ পালিয়ে যাওয়া ছাড়া অন্য কোনও পথ ছিল না তাঁর সামনে। কিন্তু দোতলা থেকে নীচে নেমে স্বাভাবিকভাবে পালিয়ে যাওয়া ছিল অসাধ্য। তাই মেঝেতে শোওয়ার চাদরকে দড়ি বানিয়ে ফেলেন তিনি। বললেন, 'কোনও শিক না থাকায় চাদরটি জানালায় বেঁধে দিয়ে তা ধরে নীচে নেমে যাই। গভীর রাতেই হাঁটা শুরু করি। হাঁটা পথেই মঙ্গনে পৌঁছে যাওয়া। টানা দু'দিন লেগে যায়। রাতে আশ্রয় হয় রাস্তার ধার।' এক গাড়িচালকের সহযোগিতায় সালুগাড়ায় তিনি আসতে পেরেছেন বলে জানান রোহিত। এরপর এনজেপির খোঁজ করতে গিয়ে শিলিগুড়ি থানায় চলে আসা।

তবে ওই তরুণ আর কারও বিরুদ্ধেই লিখিত অভিযোগ করতে চাননি। পকেটেও কোনও টাকা না থাকায় তখন দু'মুঠো খাবারই ছিল ওই তরুণের কাছে 'লাখ টাকার সমান।' এক সহৃদয় ব্যক্তি এরপর ওই তরুণের খাবারের ব্যবস্থা করেন এবং বেগুসরাইয়ের বাসে ভাড়া দিয়ে তুলে দেন। ওই ব্যক্তির উপকার ভুলতে চাননি ওই তরুণ। নম্বর নিয়ে জানান, বাড়ি পৌঁছে প্রথম তাঁকেই ফোন করবেন। ওই ব্যক্তির কথায়, 'এধরনের অভিজ্ঞতার মুখে যেন আর কেউ না পড়ে। স্বপ্ন নিয়ে এসে কাউকে যেন ভাঙা মনে ফিরে না যেতে হয়।' বাসে বাড়ির দিকে যাওয়ার সময়, সেই প্রার্থনা করলেন ওই তরুণও।

**লাচুং থেকে পালিয়ে শিলিগুড়ি**




ছবি : এআই

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১ কোটির বিজয়ী হলেন দক্ষিণ ২৪ পরগণা-এর এক বাসিন্দা




পশ্চিমবঙ্গ, দক্ষিণ ২৪ পরগণা - এর একজন বাসিন্দা কুমার হালদার - কে 05.04.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 68K 35238 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতায় অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "বয়স, লিঙ্গ, প্রেক্ষাপট বা পটভূমি নির্বিশেষে সমস্ত সাধারণ মানুষকে সমান সুযোগ দেওয়ার জন্য আমি ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারিকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। তারা অসংখ্য কোটিপতি তৈরি করেছে এবং আমি গর্বের সাথে বলতে পারি আমিও এখন তাদের মধ্যে একজন।" ডিয়ার লটারির প্রতিটি সরাসরি দেখানো হয় তাই এর সততা প্রমাণিত।

* বিজয়ীর তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

■ ৪৬ বর্ষ ■ ৪০ সংখ্যা, শুক্রবার, ১২ আষাঢ় ১৪৩২

## নোবেলের লক্ষ্যে

যুদ্ধ যুদ্ধ খেলা! একসময় বাচ্চাদের অন্যতম পছন্দের খেলা ছিল। বেশ কয়েকজন শিশু জড়ো হলেই লুকোচুরি, চোর-পুলিশ, আইস-বাইশের পাশাপাশি কখনো-সখনো 'যুদ্ধ যুদ্ধ' খেলায় মেতে উঠত। সৈনিক, সেনাপতি সেজে দু'পক্ষের মিছিমিছি যুদ্ধে উত্তেজনা কম ছিল না। যুদ্ধ মানে মুখ দিয়ে উঃ, আঃ, ঢিসুম ঢিসুম, গুড়ুম গুড়ুম প্রভৃতি শব্দ সৃষ্টি আর দু-একটা স্বরচিত সংলাপ।

এখন সেই 'যুদ্ধ যুদ্ধ' বড়দেরও খেলা। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুদের খেলা। দুই রাষ্ট্রনেতার ভাবখানা এমন যেন দুনিয়ার নিরাপত্তার দায়ভার তাঁদের কাঁধে। কারণে-অকারণে দুই দেশের মধ্যে যুদ্ধ বাধিয়ে দিচ্ছেন, কখনও আবার থামিয়ে দিলাম বলে বাহাদুরি নেওয়ার চেষ্টা করছেন। তারপর নিজেকে নোবেল শান্তি সম্মানের দাবিদার বলে ঘোষণাও করছেন।

পুরোপুরি হাস্যকর হলেও এটা এখন বাস্তব। দ্বিতীয়বার মার্কিন প্রেসিডেন্ট হওয়ার আগে পূর্বসূরি জো বাইডেনের নিন্দা লেগে থাকত ট্রাম্পের মুখে। বাইডেনের গাজা-নীতির কড়া সমালোচনা করতেন। গাজায় নেতানিয়াহুর নিয়মিত সামরিক অভিযানের তীব্র নিন্দা করতেন। জানুয়ারিতে তাঁর ক্ষমতাসীন হওয়ার পর ইজরায়েল-হামাসের যুদ্ধবিরতি চলে এক মাস। তারপর ট্রাম্প হয়ে গেলেন ইজরায়েলি অভিযানের ঘোর সমর্থক।

আবার একথাও বললেন যে, গাজার মঙ্গলের জন্যই পুরো গাজা দখল করে নিতে চান তিনি। প্রশ্ন ওঠে, গাজার মঙ্গলই যদি চান, ত্রাণকেন্দ্রে প্রতিদিনই ইজরায়েলি গুলিগোলায় বুভুক্ষু মানুষের মৃত্যু ঠেকাচ্ছেন না কেন? স্বভাবতই এসব কথার উত্তর দেন না যুদ্ধের স্বঘোষিত সেনাপতিরা। ইরানের বিরুদ্ধে নেতানিয়াহুকে সারাক্ষণ তাতিয়ে যুদ্ধটা লাগিয়েই ছাড়লেন ট্রাম্প।

অথচ যুদ্ধটা হওয়ার কথাই ছিল না। বরং ঠিক ছিল, আমেরিকা শিগগির পরমাণু কর্মসূচি নিয়ে ইরানের সঙ্গে বৈঠক করবে। কিন্তু বৈঠকের নির্ধারিত দিনের আগে গত ১১ জুন ইজরায়েল হঠাৎ ইরানে ক্ষেপণাস্ত্র হানা শুরু করে দিল। প্রথম দিনই ইরানের ছয় পরমাণু বিজ্ঞানী, সেনাপ্রধান সহ বেশ কয়েকজন সামরিক কর্তা নিহত হলেন সেই অভিযানে। পরে আমেরিকাও হামলা চালাল ইরানের তিন পরমাণুকেন্দ্রে।

সরকারি হিসেবেই ইরানে নিহতের সংখ্যা হাজার। আহত কয়েক হাজার। নিহতের তালিকায় চোদ্দোজন পরমাণু বিজ্ঞানী। ইরানও ছেড়ে দেয়নি। তেল আভিভ সহ ইজরায়েলের বেশ কয়েকটি শহরের বিস্তীর্ণ এলাকা ইরানি ড্রোন ও ক্ষেপণাস্ত্র হানায় ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। নিহত হয়েছেন কয়েকশো ইজরায়েলি। গুপ্তচর সংস্থা মোসাদের দপ্তরও বিধ্বস্ত।

তিন পরমাণুকেন্দ্রে মার্কিন হামলার পালটা ইরান কাতারে আমেরিকার সেনাঘাঁটিতে আক্রমণ করার পর ট্রাম্প হঠাৎ ইজরায়েল-ইরান সংঘর্ষ বিরতি ঘোষণা করে দিলেন। পুরো ব্যাপারটাই পূর্বপরিকল্পিত, সাজানো মনে হয় না কি! যেন বিশ্ববাসীকে দেখানো যে, ট্রাম্প চাইলে যুদ্ধ লাগিয়ে দিতে পারেন, আবার থামিয়ে দিতেও পারেন। যেন পুরোটাই খেলা এবং তিনি সেই ম্যাচের রেফারি।

ভারত-পাক সংঘর্ষ বিরতির পরিপ্রেক্ষিতে নোবেল শান্তি পুরস্কারের জন্য ট্রাম্পের নাম সুপারিশ করেছিলেন পাক প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ও সেনাপ্রধান আসিম মুনির। তবে ভারত-পাকিস্তান সংঘর্ষে ট্রাম্প মধ্যস্থতা করেছিলেন কি না, তা নিয়ে সংশয় কাটেনি। মোদির দাবি, পাকিস্তানের প্রস্তাবে সাড়া দিয়েছিল ভারত। ট্রাম্পের দাবি, যুদ্ধ তিনিই থামিয়েছেন। এর আগে থামিয়েছেন কঙ্গো-রোয়ান্ডা, কসোভো যুদ্ধও।

ভাবটা এমন যেন এতদিনে তিন-চারটে নোবেল তাঁর ঝুলিতে এসে যাওয়ার কথা। যদিও নিজেই মনে করছেন, নোবেল তাঁকে দেওয়া হবে না। আবার নোবেলের জন্য ট্রাম্পের তরও সইছে না। পেন্টাগন ইতিমধ্যে নোবেল কমিটির কাছে ট্রাম্পের নাম সুপারিশ করেছে। সত্যিই ট্রাম্পের ভাগ্যে সেই সম্মান জুটলে নোবেল শান্তি পুরস্কার নিশ্চিতভাবে গুরুত্ব হারাবে। না জুটলে আবার যুদ্ধ বাধানোর খেলা না শুরু হয়ে যায় বিশ্বে!

## অমৃতধারা

মানুষের ইচ্ছা বজায় থাকে এক মিনিট, দু'মিনিট, দশ মিনিট, বড় জোর এক ঘণ্টা। সে চায় ভগবানে অভিনিবিষ্ট হতে, ব্যাস। তারপর সে চায় আরও অনেক কিছু। মানুষ ভগবানের চিন্তা করে মাত্র কয়েক সেকেন্ড। তারপর হয়ে গেল। তার চিন্তা তখন হাজারো অন্য বিষয়ে চলে গেল। অবশ্য তেমনটা হলে স্বভাবতই তোমার অনন্তকাল লাগতে পারে। কারণ মানুষ বস্তুসমূহকে বিন্দু বিন্দু করে যোগ করে বাড়াতে পারে না, যদি সেগুলোকে বালির কণার মতো জড়ো করা যেত, যদি ভাগবতমুখী প্রতিটি চিন্তার দরুন তুমি একটি বালিকণা কোথা জমা করে রাখতে পারতে, তাহলে কিছুকাল পরে সেটা একটা পর্বতপ্রমাণ হয়ে দাঁড়াত।

-শ্রীমা

# শ্রীরামকৃষ্ণের জীবনে জগন্নাথ ও রথ

বাগবাজারে বলরাম বসুর বাড়িতে আজও পালিত হয় রথ উৎসব। সেখানে জগন্নাথের সঙ্গে রথে ওঠেন শ্রীরামকৃষ্ণ!



পূর্বা সেনগুপ্ত



ছবি ফেসবুক থেকে নেওয়া

অবতার এসে লুপ্ত তীর্থ উদ্ধার করেন, গুপ্ততীর্থ জাগ্রত করেন, আবার নূতন তীর্থ তৈরি করেন। (শ্রীম দর্শন, ১৪শ ভাগ, পৃঃ৮০)।

মাস্টারমশাই শ্রী মহেন্দ্রনাথ গুপ্তের এই বিখ্যাত উক্তি শ্রীরামকৃষ্ণের জীবনকে কেন্দ্র করে উচ্চারিত হয়েছিল। আর নূতন তীর্থ কথাটি উচ্চারিত হয়েছিল বাগবাজারের বলরাম বসুর গৃহ সম্বন্ধে। এখন এই গৃহ সত্যই বলরাম মন্দির রূপে চিহ্নিত। রামকৃষ্ণ ভাব আন্দোলনে শ্রীরামকৃষ্ণের গৃহী ভক্ত বলরাম বসু এক উল্লেখযোগ্য ব্যক্তিত্ব। যাঁর গৃহকে শ্রীরামকৃষ্ণ বলতেন, 'এ হল আমার দ্বিতীয় কেল্লা'। রানি রাসমণি প্রতিষ্ঠিত দক্ষিণেশ্বরের মন্দির তাঁর প্রথম কেল্লা।

যেখানে তিনি বাস করেছেন, সাধনা করেছেন, সাধন লব্ধ ফল প্রকাশ করেছেন। সে-ও ছিল নূতন তীর্থ প্রতিষ্ঠার এক অধ্যায়। কিন্তু দ্বিতীয় কেল্লা রূপে বলরামের গৃহ বিখ্যাত হয়ে রয়েছে তাঁর রথ উৎসবে যোগদানের জন্য। কলকাতায় এসে তরুণ ভক্তদের কাছে নিজেকে মেলে ধরার শ্রেষ্ঠ স্থান ছিল বলরামের গৃহ।

কারণ বলরাম নৈষ্ঠিক বৈষ্ণব পরিবারে জন্মগ্রহণ করেছিলেন। ওড়িশার কোঠার অঞ্চলে তাঁদের জমিদারি ছিল। সেখানে প্রতিষ্ঠিত কৃষ্ণ বিগ্রহ আজও পূজিত হয়ে আসছেন সমমর্যাদায়। এছাড়া বৃন্দাবনে কালাবাবুর কুঞ্জে তাঁদের গৃহটিতে শ্রীমা সারদা দেবী সহ সকল ত্যাগী সন্তানেরা বাস ও তপস্যা করেছেন।

কোঠার কটকের কাছে একটি গঞ্জ অঞ্চল। পুরী থেকে খুব বেশি দূরে নয়। পুরীতেও এই পরিবারের বাসস্থান শশী নিকেতন রামকৃষ্ণ মঠ ও মিশনের ইতিহাসে একটি উল্লেখযোগ্য গৃহ রূপে চিহ্নিত। পরম বৈষ্ণব এই পরিবার বাগবাজারে বাড়ি কেনেন এবং বলরাম সেখানে বসবাস করতে থাকলে গৃহে জগন্নাথ, বলরাম ও সুভদ্রা বিগ্রহ প্রতিষ্ঠিত হয়। আর জগন্নাথের সঙ্গে রথ উৎসব অঙ্গাঙ্গি জড়িত। তাই রথের দিন এই গৃহে ছোট করেই একটি উৎসবের আয়োজন হত।

শ্রীরামকৃষ্ণের একান্ত ভক্ত ও রসদদার বলরাম সেই উৎসবে একাধিকবার শ্রীরামকৃষ্ণকে দক্ষিণেশ্বর থেকে কলকাতায় নিয়ে আসেন। এই রথ উপলক্ষ্যে শ্রীরামকৃষ্ণ বসুগৃহে রাত্রিবাসও করেছিলেন, এমন আমরা দেখতে পাই। শ্রীরামকৃষ্ণ তাঁর শুদ্ধ দেহ ও মনের কারণে খাদ্যগ্রহণে বিশেষ সাবধানতা গ্রহণ করতেন। তিনি দক্ষিণেশ্বরে বাসকালে মা জগদম্বার গঙ্গাজলে প্রস্তুত ভোগাদি গ্রহণ করতেন। কখনও তা দুষ্প্রাচ্য হলে তিনি স্বপাক করতেন। বা ভাগ্নে হৃদয় বা শ্রীমা সারদা দেবী তাঁর জন্য রান্না করে দিতেন।

দক্ষিণেশ্বরের বাইরে গেলে কোনও ব্রাহ্মণের হাতে প্রস্তুত অন্ন খুব অল্প গ্রহণ করতে পারতেন। কিন্তু বলরামের গৃহে জগন্নাথের সেবা থাকায় এবং জগন্নাথের ভোগ শুদ্ধ হওয়ায় শ্রীরামকৃষ্ণ তা অনায়াসে গ্রহণ করতেন। তিনি এ প্রসঙ্গে বলেছেন, 'বলরামের অন্ন শুদ্ধ'। এমনিতে আমরা দেখি, শ্রীরামকৃষ্ণ প্রতিদিন জগন্নাথের প্রসাদ গঙ্গাজলের সঙ্গে গ্রহণ করতেন। তাঁর জগন্নাথের প্রতি ভক্তি এমনই ছিল।

**একই চাঁদ রোজ রোজ**

হিন্দু ভাবনায় অবতার তত্ত্ব একটি বিশেষ মাত্রা গ্রহণ করে। ভগবান নেমে আসেন ধর্ম প্রতিষ্ঠার জন্য এবং ভক্তের সঙ্গে লীলা করার জন্য। শ্রীরামকৃষ্ণ জীবনে আমরা দেখেছি তিনি কখনও শ্রীক্ষেত্র পুরী যাননি। কারণ তিনি বলেছিলেন, 'ওখানে গেলে এ দেহ থাকবে না'। কারণ যে সত্তা আসলে অবতারের উৎস, সেই সত্তার কাছে গেলে মন-প্রাণের সঙ্গে দেহও লীন হয়ে যায়।

ঠিক এই কারণে গয়াতেও কখনও শ্রীরামকৃষ্ণের যাওয়া হয়নি। কারণ তাঁর পিতা ক্ষুদিরাম চট্টোপাধ্যায় গয়ার বিষ্ণু পাদপদ্ম থেকেই তাঁকে ধরায় এনেছিলেন। পুরীর জগন্নাথের কাছে তিনি যাননি ঠিকই, কিন্তু তাঁর ফোটো আঁচলের তলায় নিয়ে জগন্নাথের দর্শন করিয়ে নিয়ে এসেছিলেন শ্রীমা সারদা দেবী স্বয়ং। জগন্নাথ দর্শনে যাওয়ার জন্য শ্রীরামকৃষ্ণ আদেশ করেছিলেন শ্রীম বা মহেন্দ্রনাথ গুপ্তকে। তিনি বলেছিলেন, 'জগন্নাথের কাছে গিয়ে তাঁকে আলিঙ্গন করবে'। শ্রীম তাইই করেছিলেন।

সুতরাং শ্রীরামকৃষ্ণ জীবনে আমরা জগন্নাথ প্রীতি দেখি। কিন্তু বলরাম তাঁকে নিজ গৃহে জগন্নাথের উল্লেখযোগ্য উৎসব রথে নিয়ে গিয়ে রথ উৎসবকে শুধু মহিমান্বিত করেননি, তিনি শ্রীরামকৃষ্ণের অবতার মূর্তিটির প্রতিষ্ঠা করেছিলেন সকলের মনের জগতে। শ্রীরামকৃষ্ণের সেই লীলা দেখে সকলের মনে হয়েছিল আবার শ্রীবাস অঙ্গনে নিমাই নৃত্য করছেন এবং ভাবে বিহ্বল হয়ে ভাবস্থ হচ্ছেন।

সেই লীলাকাহিনী পাঠ করলে সত্যই শ্রীরামকৃষ্ণ উচ্চারিত অবতারের লীলার কথা স্মরণে আসে। তিনি বলছেন, 'ভগবান সকলেরই, যেমন চাঁদ সকলেরই মামা। তিনি ভক্তদের হৃদয়ে বাস করেন, ভক্তের হৃদয় ভগবানের বৈঠকখানা! তিনি ভক্তদের জন্যই অবতীর্ণ হন! একই চাঁদ রোজ রোজ!' সত্যই তাই, যিনি জগন্নাথ তিনিই নবদ্বীপনাথ, তিনিই ভক্তের নাথ শ্রীরামকৃষ্ণ।'

**রথে ভক্তের মেলা**

বলরাম বসুর গৃহে শ্রীরামকৃষ্ণের আগমনের দুটি দিনের বর্ণনা আমরা বিস্তারিত পাই। একটি ১৮৮৪, অন্যটি ১৮৮৫। অক্ষয়কুমার সেনের বিখ্যাত গ্রন্থ শ্রীশ্রীরামকৃষ্ণপুঁথিতে একটি সন্ধ্যার সুন্দর বর্ণনা পাই যেখানে নিপুণ বর্ণনা দেওয়া হচ্ছে,

'অতিশয় ক্ষুদ্র রথ কাঠের নির্মিত।
দ্বিতলের বারান্ডায় টানিবোর মত।।
শোভে রথ বিবিধ বর্ণের পতাকায়।
পাশের চোওদিকে প্রতি ধ্বজায় ধ্বজায়।।
সুন্দর ফুলের মালা দিলা মাঝে মাঝে
সেখানে তেমন ধারা যেখানে যা সাজে'।

রথ সজ্জিত হয়ে প্রস্তুত। পুরোহিত জলের ধারা দিয়ে গৃহের জগন্নাথ, বলরাম ও সুভদ্রা বিগ্রহকে রথের মধ্যে অধিষ্ঠিত করলেন। সঙ্গে সঙ্গে জয়ধ্বনিতে সেই গৃহের প্রাঙ্গণ মুখরিত হল। শ্রীরামকৃষ্ণ রথের রজ্জু ধরে টান দিলেন। শ্রীরামকৃষ্ণ পুঁথি বলছে,

'শ্রীকরে ধরিয়া রজ্জু টান দিলা রথে।
সঙ্কীর্তন- সহ প্রভু নাচিতে নাচিতে।।'

রথের দড়ি ধরে টানার থেকে গুরুত্বপূর্ণ হল সংকীর্তন। নৃত্য ও গীত। শ্রীরামকৃষ্ণ গান গাইছেন ভক্তেরা আখর দিচ্ছেন। শ্রীরামকৃষ্ণ গাইছেন, 'আমার গোরা নাচে রে। আমার প্রাণের গোরা নাচে রে।।' ভক্তরাও গাইছেন। কখনও শ্রীরামকৃষ্ণ রথের দড়ি ছেড়ে দিয়ে কীর্তনে মাতোয়ারা। কেমন করে কীর্তন করছেন যেন 'প্রমত্ত কীর্ত্তনে।'

ঈশ্বরের নামে, ঈশ্বরের সঙ্গে এই মাতোয়ারা হয়ে যাওয়ার অপূর্ব দৃশ্য বর্ণনা করেছেন অক্ষয়কুমার সেন। সেখানে শ্রীরামকৃষ্ণ নয়, তাঁর সঙ্গে প্রতিটি ভক্তেরও রূপচ্ছবি ধরা পড়ে। সেদিন রথ টানায় যোগ দিতে বেদান্ত কেশরী নিরাকারবাদী যুবক নরেন্দ্রনাথকেও ডেকে এনেছেন শ্রীরামকৃষ্ণ। কিন্তু প্রেমের জোয়ারে নরেন্দ্রনাথও আপ্লুত! তিনিও কীর্তনে যোগ দিয়েছেন। আমরা সেই সুন্দর দৃশ্যটি প্রত্যক্ষদর্শীর আলোকেই বর্ণনা করব।

'ভক্তবসু বলরাম মাথায় পাগড়ি।
নাচেন প্রভুর পাশে দোলাইয়া দাড়ি।।
কৃষ্ণকায় তেজচন্দ্র বসু চুনিলাল।
শ্রীমনমোহন রাম দেবেন্দ্র রাখাল।।
কৃতদার হরিপদ হরিণনয়ন।
সুন্দর শরৎ শশী কুমার দুজন।
বারান্ডা কাঁপায়ে অভিমানিবর।
বিশ্বাসী গিরিশ ঘোষ গুরু কলেবর।।
নাচেন নরেন্দ্রনাথ ভক্তের প্রধান।
সাকার হৃদয়ে যাঁর নাহি পায় স্থান।'

সন্ধ্যা নেমে আসে। বিগ্রহের আরতি সমারোহে সম্পন্ন হয়। শ্রীরামকৃষ্ণ গান ধরেন
'যাঁদের হরি বলতে নয়ন ঝরে,
তারা, দুভাই এসেছে রে!'

মাস্টারমশাই অনবদ্য ভাষায় সেই চিত্র বর্ণনা করে বলেন, 'আজ বলরামের বাড়ি যেন নবদ্বীপে পরিণত হইয়াছে। বাহিরে নবদ্বীপ, ভিতরে শ্রীবৃন্দাবন।' কিংবা বোধ হইল যেন শ্রীবাস-মন্দিরে ভক্তসঙ্গে শ্রীগৌরাঙ্গ হরিপ্রেমে মাতোয়ারা হইয়া নৃত্য করিতেছেন। কীর্তন চলিতেছে।

শ্রীরামকৃষ্ণের প্রামাণ্য জীবনী শ্রীশ্রীরামকৃষ্ণ লীলা প্রসঙ্গে স্বামী সারদানন্দ লিখছেন, 'সে আনন্দ, সে ভগবদ্ভক্তির ছড়াছড়ি, সে মাতোয়ারা ভাব, ঠাকুরের সে মধুর নৃত্য – সে আর অন্যত্র কোথা পাওয়া যাইবে? সাত্ত্বিক পরিবারের বিশুদ্ধ ভক্তিতে প্রসন্ন হইয়া সাক্ষাত্ জগন্নাথদেব রথের বিগ্রহে এবং শ্রীরামকৃষ্ণ শরীরে আবির্ভূত - সে অপূর্ব দর্শন আর কোথাও মিলিবে?' (শ্রীশ্রীরামকৃষ্ণ লীলা প্রসঙ্গ, গুরুভাব উত্তরার্ধ, পৃঃ ২৮৫)

সেদিন বলরাম গৃহে এমনভাবে রথ উৎসব পালিত হয়েছিল যে, গৃহ ছাড়িয়ে রাস্তায় তার সমারোহের শব্দ পৌঁছায়নি। আর আজ বাগবাজারে সেই গৃহে সমারোহে পালিত হয় রথ উৎসব। সেখানে জগন্নাথের সঙ্গে রথে ওঠেন শ্রীরামকৃষ্ণ! একই চাঁদ রোজ রোজ! ভক্ত ও সন্ন্যাসীরা আনন্দে কীর্তন করেন, 'যাঁদের হরি বলতে নয়ন ঝরে, তাঁরা দু-ভাই এসেছে রে।' নিরাভিমান ভক্ত বলরাম গৃহের সন্ধ্যা আজ আলোকিত, উৎসবমুখর।

*(লেখক প্রবন্ধকার।)*

## আজ

**১৯৩৯**



সুরকার ও গায়ক রাহুল দেববর্মনের জন্ম আজকের দিনে।

**১৯৬৪**



আজকের দিনে জন্মগ্রহণ করেন বিশিষ্ট অ্যাথলিট পিটি উষা।

## আলোচিত



শিশুর মতো হাঁটতে শিখছি। শিখছি কীভাবে হাঁটতে হয়, খেতে হয়। সফর বেশ ভালো ছিল। মহাকাশে পৌঁছোতেই একটু অস্বস্তি ছিল। শুনলাম, আমি গতকাল পড়ে পড়ে ঘুমিয়েছি।

- শুভাংশু শুক্লা



মহাকাশ এখন বিশেষ কারও নয়। সব দেশের জন্য। আমাদের ট্রেনিং হয়েছিল ১৮ মাস। আমায় কিন্তু দু'মাসে রাশিয়ান ভাষা শিখতে হয়েছিল। কথাবার্তা সব হত রাশিয়ান ভাষায়।

- রাকেশ শর্মা

## ভাইরাল/১



হায়দরাবাদের শংকরপল্লিতে রেললাইনের ওপর চারচাকার গাড়ি চালিয়ে নিয়ে যান এক মহিলা। প্রায় ৮ কিলোমিটার চালান। গাড়িটি আটকালে পুলিশের সঙ্গে তর্ক জুড়ে দেন তিনি। মানসিক বিপর্যস্ত মহিলার কীর্তিতে কিছুক্ষণ ব্যাহত হয় ট্রেন চলাচল।

## ভাইরাল/২



কলম্বিয়ায় লেকে সাঁতার কাটতে নামেন এক মহিলা। হঠাৎ একটি ক্যাপিবারা (বিশাল ইঁদুর) আক্রমণ করে। ছাড়ানোর চেষ্টা করেন মহিলা। প্রাণীটি তাঁর মাথা কামড়ে ধরে। চ্যাঁচানিতে এক ব্যক্তি লাঠি নিয়ে তাড়া করেন ক্যাপিবারাকে। কাঁদতে কাঁদতে মহিলাটি লেক থেকে ওঠেন।

জনমন
জনমত

## চা শ্রমিকদের জীবন হোক চা ফুলের মতো সুন্দর

১৫ জুন উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত 'দুর্দশার আরেক নাম দলসিংপাড়া' শীর্ষক প্রতিবেদনটি দৃষ্টি আকর্ষণ করেছে। শুধু দলসিংপাড়া নয়, বিভিন্ন সময়ে চা শ্রমিকদের দুর্দশার কাহিনী এই পত্রিকায় প্রকাশিত হয়েছে। প্রায়ই দেখা যায়, বাগানে কাজ না থাকায় পুরুষ শ্রমিকরা ভিনরাজ্যে পরিযায়ী শ্রমিকের কাজ করছেন। চা বাগানের মহিলা ও পুরুষ শ্রমিকরা ছাদ ঢালাইয়ের কাজ করেন।

দলসিংপাড়া চা বাগান আড়াই বছর ধরে বন্ধ থাকলেও সরকারি নথিতে খোলা থাকার বিষয়টি অবাক করছে। ফলে অপুষ্টি ও অনাহারে চা ফুলকেই খাবার হিসাবে গ্রহণ করছে তারা, যা খুবই লজ্জার। শ্রম দপ্তরের এ বিষয়ে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

পরিশেষে বলব, চা বাগিচার আসল সম্পদ হলেন শ্রমিকরা। তাঁদের ছাড়া বাগান অচল। সুতরাং তাঁদের রুটিরুজি ও সুখ-স্বাচ্ছন্দ্যের বিষয় নিয়ে অবশ্যই ভাবতে হবে, যাতে তাঁরা চা ফুলের মতো সুন্দর জীবন কাটাতে পারেন। এটাই প্রত্যাশা।

**অশোক সূত্রধর**
**সাতপুকুরিয়া, পাঁচ মাইল, ফালাকাটা।**

## শিলিগুড়িতে এত বহিরাগত কেন

এ কী হচ্ছে শিলিগুড়িতে! চারদিকে অরাজকতা, কোথাও পাড়ায় পাড়ায় মারপিট, রাতদুপুরে এটিএম ভেঙে টাকা লুট, দিনদুপুরে হিলকার্ট রোডের মতো জনবহুল এলাকায় সোনার দোকানে ডাকাতি। দেখা যাচ্ছে, শিলিগুড়ির পুলিশ প্রশাসনের শাসন ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। আর যারা ধরা পড়ছে তারা সবাই বাইরের রাজ্য থেকে আসা দুষ্কৃতী। তাহলে কি শিলিগুড়ি চোর, ডাকাত, গুন্ডাদের কাছে সফট টার্গেট?

আমার মনে হয়, শিলিগুড়িতে এখন এত বেশি বহিরাগত মানুষের বাস যে, কে কখন কী করছে, কোথায় যাচ্ছে, তাদের উদ্দেশ্যই বা কী, কিছুই খবর রাখা গোয়েন্দাদের পক্ষে সম্ভব হচ্ছে না। এই বহিরাগতদের মধ্যেই আছে রেইকি ইনফর্মার। না হলে একেবারে মসৃণভাবে অপারেশন চালিয়ে খুব অল্প সময়ের মধ্যে শহর ছেড়ে দুষ্কৃতীরা কীভাবে পালিয়ে যাচ্ছে?

তাছাড়া বেশিরভাগ বাড়ির মালিক বাড়ি ভাড়া দেন ঠিকই, কিন্তু ভাড়াটিয়াকে কোনও বৈধ রসিদ দেন না। এতে পুরনিগমের যেমন কর ধার্য করার ক্ষেত্রে ক্ষতি হচ্ছে, সেইসঙ্গে ভাড়াটিয়াদের সম্পর্কে যথাযথ তথ্য সংগ্রহ করা সম্ভব হচ্ছে না।

শিলিগুড়িতে যদি বহিরাগতদের উপর নিয়ন্ত্রণ করা না হয়, তাহলে শিলিগুড়ির ভবিষ্যৎ অচিরেই আরও খারাপের দিকে যে যাবে তাতে কোনও সন্দেহ নেই।

**সমীরকুমার বিশ্বাস**
**পূর্ব বিবেকানন্দপল্লি, শিলিগুড়ি।**

সম্পাদক ও স্বত্বাধিকারী : সব্যসাচী তালুকদার। স্বত্বাধিকারীর পক্ষে প্রলয়কান্তি চক্রবর্তী কর্তৃক সুহাসচন্দ্র তালুকদার সরণি, সুভাষপল্লি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত ও বাড়িভাসা, জলেশ্বরী-৭৩৫১৩৫ থেকে মুদ্রিত। কলকাতা অফিস : ২৪ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১, মোবাইল : ৯০৭৩২০৪০৪০। জলপাইগুড়ি অফিস : থানা মোড়-৭৩৫১০১, ফোন : ৯৬৪১২৮৯৬৩৬। কোচবিহার অফিস : সিলভার জুবিলি রোড-৭৩৬১০১, ফোন : ৯৮৮৩৫৫০৮০৫। আলিপুরদুয়ার অফিস : এনবিএসটিসি ডিপোর পাশে, আলিপুরদুয়ার কোর্ট-৭৩৬১২২, ফোন : ৯৮৮৩৫৩৯৮৭৮। মালদা অফিস : বিহানি আবাসন, গ্রাউন্ড ফ্লোর (নেতাজি মোড়ের কাছে), গোলাপট্টি, বাঁধ রোড, মালদা-৭৩২১০১, ফোন : ৯৮০০৫৮৫৯৫০। শিলিগুড়ি ফোন : সম্পাদক ও প্রকাশক : ৯৫৬৪৫৪৬৮৬৮, জেনারেল ম্যানেজার : ২৪৩৫৯০৩, বিজ্ঞাপন : ২৫২৪৭২২/৯০৬৪৮৪৯০৯৬, সার্কুলেশন : ৯৭৭৫৭৮৫৮৭৭, অফিস : ৯৫৬৪৫৪৬৮৬৮, নিউজ : ৭৮৭২৯৩৩৮৮৮, হোয়াটসঅ্যাপ : ৯৭৩৫৭৩৯৬৭৭।

Editor & Proprietor : Sabyasachi Talukdar
Uttar Banga Sambad: Published & Printed by Pralay Kanti Chakraborty on behalf of Proprietor from Siliguri, West Bengal, Pin 734001, Printed at Jaleswari, West Bengal, Pin 735135, Regn. No. 35012/1980 and Postal Regn. No. WB/NBSR/D-03/2003-08. E.Mail : uttarbanga@hotmail.com, Website : http://www.uttarbangasambad.in

# শিশুদের কল্পনার জগৎ মিলছে না বাস্তবে

ইদানীং প্রচুর শিশু খবরের কাগজের শিরোনামে আসছে। সেই খবর মন ভালো করা নয়। সব মন খারাপ করা খবর।



অজিত ঘোষ



রাজস্থানের একটি পরিবার যমজ ছেলে ও মেয়েকে নিয়ে আহমেদাবাদ থেকে লন্ডনগামী এয়ার ইন্ডিয়ার বিমানে চড়েছিলেন। তাঁদের বিমানের ভিতরে বসে থাকা অবস্থার সেলফি ভাইরাল সোশ্যাল মিডিয়ায়। সেলফি তোলার কিছুক্ষণের মধ্যেই ভেঙে পড়ে বিমানটি। ওরা হয়তো সেলফি তোলার আগে জানলা দিয়ে পাখি দেখছিল। কিন্তু ভাগ্যের পরিহাস। নিয়তি কখন কী লিখে রাখে, তা কেউ জানে?

দুর্ঘটনার দায় কী সব ক্ষেত্রে নিয়তির উপর বর্তানো যায়? কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের ফলাফলে দশ বছর বয়সি শিশু তামান্না খাতুন কি জানত জয়োল্লাসে মত্ত মানুষের ছোড়া বোমায় প্রাণ যাবে তার? সে তো নিজের উঠোনে দাঁড়িয়ে বিজয় তখনও সম্পূর্ণ না হওয়া বিজয় মিছিল দেখছিল।

ফড়িং ধরার মতো আম কুড়োনোর খেলায় মালদা মোথাবাড়ির সুমন মণ্ডল কি জানত বাগানের মালিক কৃষ্ণ মণ্ডলের ছোড়া বল্লম ভেদ করবে ওর পেট? মেঘুটোলা প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র সে। মৃত্যুর সঙ্গে লড়াই করতে করতে সে যাত্রায় প্রাণে বাঁচে।

প্রাণে বাঁচেনি বালুরঘাটের কিশোরী। পাশের বাড়ির কাকু পারিবারিক বিবাদের প্রতিশোধ নিতে তাকে খুন করে বস্তায় পুরে রেখেছিল টিনের চালে। যে সরল বিশ্বাসে শিশুটি বিশ্বাস করেছিল পাশের বাড়ির কাকুকে। পুর্ব মেদিনীপুরের পাঁশকুড়ার সপ্তম শ্রেণির ছাত্র কৃষ্ণেন্দুকে সামান্য চিপসের প্যাকেট চুরির অপবাদে কানধরে ওঠবস করতে হয়। নির্দোষ কৃষ্ণেন্দু বাধ্য হয়ে আত্মহত্যার পথ বেছে নেয়। লিখে রেখে যায় বয়ান, 'মা, আমি চুরি করিনি।'

সরলতাই শিশুদের প্রাথমিক পরিচয়। সেই পরিচয়েই বীরভূমের লাভপুর শীতলগ্রাম প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণির খুদে রিক বাগদি শিক্ষকের 'বড় হয়ে কী হতে চাও?' প্রশ্নের উত্তরে বলেছিল, 'বড় হয়ে আমি বোকা হতে চাই।'

রিকের বোকা হতে চাওয়ার মতো রোদ্দুর হতে চেয়েছিল কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর, 'অমলকান্তি' কবিতার অমল। এক সাক্ষাৎকারে কবি বলেন, 'অমল বাস্তবে ছিল আমার সহপাঠী। যে একজন দুর্বল এবং অসাবধান ছাত্র। প্রায়শই স্কুলে দেরিতে যেত এবং অবাক হয়ে জানালার বাইরে তাকিয়ে থাকত।'

মনে পড়ে 'টিউটোরিয়াল' কবিতার শিশুটির কথা। যে সংসারের হিসেব নয় মেঘ-রোদ্দুরের খেলায় মাততে চেয়েছিল। পারেনি পারিবারিক চাপে। বাবা এবং মা অসম্পূর্ণ জীবনের পাঠ চাপিয়ে পরীক্ষায় প্রথম হওয়ার দাবি তোলে। প্রথম সে হয়েছিল খবরের কাগজের প্রথম পাতায় ভিন্ন ছবিতে।

বর্তমান বিশ্বে যুদ্ধ পরিস্থিতি তুঙ্গে। গাজায় নিহত শিশুদের করুণ মুখচ্ছবি বা ইজরায়েলে ভাইরাল শিশুটির মাটি খেয়ে পেট ভরানোর আর্তনাদে কেঁপে উঠছে না বিশ্বের তাবড় তাবড় রাষ্ট্রনায়কের মন।

উত্তরোত্তর হিংস্র হয়ে উঠছে পারিপার্শ্বিক। কত শিশু হারিয়ে যাচ্ছে, কে খোঁজ রাখে তার। বুকে হাত রেখে বলা মুশকিল, শিশুরা বর্তমানে কার কাছে সুরক্ষিত? শিশুদের রয়েছে এক কল্পনার জগৎ। যেখানে প্রজাপতি ডানা মেলে, বৃষ্টি ভিজিয়ে দেয়, রামধনু গোমড়া মেঘের মুখে হাসি ফোটায়। সে জগৎ মিলছে না বাস্তবে! চাপ পড়ছে শিশুমনে।

শিশুরা হারাচ্ছে শৈশব। হিতোপদেশের গল্প, ঠাকুমার ঝুলি কেড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে প্রথম হবার পাঠ। সবই যেন উদ্দেশ্যমুখী। যে উদ্দেশ্যে নীরেন্দ্রনাথ চক্রবর্তীর, 'উলঙ্গ রাজা' কবিতার শিশুটি হারিয়ে যাচ্ছে পাহাড়ের গোপন গুহায়। আসলে তাকে হারিয়ে ফেলা হয়েছে। কারণ, প্রতিটি অসফল মানুষের মধ্যে একটি শিশুর অবস্থান। সফল মানুষজনের ভিড়ে তাকে তো হারাতেই হবে।

*(লেখক গঙ্গারামপুরের বাসিন্দা। সাহিত্যিক)*

**সম্পাদকীয় বিভাগে লেখা পাঠান। ৪০০ শব্দের মধ্যে।**
**ইউনিকোডে ডক ফাইলে লেখা পাঠান।**
**মেল—ubsedit@gmail.com**

## শব্দরঙ্গ ■ ৪১৭৭

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ★ | ১ | | ২ | ★ | ৩ | ৪ | ★ |
| ★ | | ★ | ৫ | | ★ | | ★ |
| ★ | | ★ | | ★ | ৬ | | ৭ |
| ★ | ৮ | | | ★ | ★ | ★ | |
| ৯ | ★ | ★ | ★ | ১০ | | ১১ | ★ |
| ১২ | ১৩ | | ★ | | ★ | | ★ |
| ★ | | ★ | ১৪ | | ★ | | ★ |
| ★ | ১৫ | | ★ | ১৬ | | | ★ |

**পাশাপাশি** : ১। অগ্রদূত পরিচালিত উত্তম-সুচিত্রা জুটির সিনেমা ৩। শারীরিক যন্ত্রণা ৫। বর্ণের ঊর্ধ্বরেখা ৬। বাগে আনা বা খপ্পরে পড়া ৮। আচার-ব্যবহারে ভালো মানুষ ১০। তরুণ মজুমদার পরিচালিত রহস্য ছায়াছবি ১২। মৌমাছির মতো পতঙ্গ ১৪। তামাকের সঙ্গে সম্পর্ক আছে ১৫। মাটির আধার ১৬। পুজোয় দেবতাকে বাতাস করতে লাগে।

**উপর-নীচ** : ১। যিনি আলো বিকিরণ করেন ২। প্রদীপ রাখার আধার ৪। প্রতিবিধান করা ৭। কারবারে অর্থ বিনিয়োগ ৯। ধবধবে সাদা রং ১০। বাচ্চাকাচ্চা বা ছোট ছোট ছেলেমেয়ে ১১। যিনি দেওয়াল ও সাইনবোর্ড লেখেন ১৩। বইয়ের ওপরের আবরণ।

## সমাধান ■ ৪১৭৬

**পাশাপাশি** : ১। অম্লান ৩। বিষ্ণুপ্রিয়া ৪। গৌরব ৫। সত্যভামা ৭। কত ১০। নানা ১২। বরবাদ ১৪। বেতালা ১৫। বুনুয়েল ১৬। নলক।

**উপর-নীচ** : ১। অযান্ত্রিক ২। নগৌকা ৩। বিবসতা ৬। ভাগিনা ৮। তস্কর ৯। কদবেল ১১। নাগরিক ১৩। বোলান।

## বিন্দুবিসর্গ





## দিঘার বাস

ঝাড়গ্রাম থেকে দিঘা বাস পরিষেবা চালু করল দক্ষিণবঙ্গ পরিবহণ নিগম। সকাল ৬.৩০ ঝাড়গ্রাম থেকে ছাড়বে। দুপুর ১.৩০ টায় ফের দিঘা থেকে রওনা দেবে।



## কলেজে আগুন

বৃহস্পতিবার পূর্ব মেদিনীপুরের এগরার সারদা শশীভূষণ কলেজে অগ্নিকাণ্ড ঘটে। দমকলের একটি ইঞ্জিন গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। বিধায়ক তদন্তের দাবি জানিয়েছেন।



## বৃষ্টির পূর্বাভাস

বঙ্গোপসাগরে নিম্নচাপ তৈরির সম্ভাবনা হয়েছে। এর ফলে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গের সর্বত্র বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী সপ্তাহে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।



## নৌকাডুবি

হুগলির খানাকুলে স্কুল পড়ুয়াদের নিয়ে একটি নৌকা নদীতে ডুবে যায়। স্থানীয় বাসিন্দাদের চেষ্টায় ১২ জন পড়ুয়াকে উদ্ধার করা হয়। প্রতিদিনই ওই নৌকা করেই ছাত্রছাত্রীরা স্কুলে যেত।

# রথযাত্রায় রাজনীতির ছোঁয়া



দুয়ারে প্রস্তুত রথ। দিঘার জগন্নাথ ধামে। বৃহস্পতিবার।

## কুম্ভের পুনরাবৃত্তি এড়াতে সতর্ক দিঘা

**দিঘা, ২৬ জুন :** উদ্বোধনের পর এই প্রথম দিঘার জগন্নাথ মন্দিরের রথযাত্রা। প্রস্তুতি চূড়ান্ত। বুধবারই পৌঁছে গিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার সকাল ৯টায় মূল পুজো শুরু হবে। চলবে বেলা ২টো পর্যন্ত। ইতিমধ্যেই দিঘায় প্রায় দেড় লক্ষ মানুষ জড়ো হয়েছেন। বৃহস্পতিবার সকালেই ইসকনের ভাইস প্রেসিডেন্ট রাধামোহন দাসের সঙ্গে একপ্রস্থ বৈঠক সারেন মুখ্যমন্ত্রী। ছিলেন মুখ্যসচিব মনোজ পন্থ, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার প্রমুখ। এদিন মুখ্যমন্ত্রী রথযাত্রা নিয়ে সাংবাদিক বৈঠকে বলেন, 'বেলা ২টো ৩০ মিনিটে রথের রশিতে টান পড়বে। কিন্তু রাস্তা যেহেতু অপরিসর, তাই দু-ধারে ব্যারিকেড করে দেওয়া হচ্ছে। ব্যারিকেডে রথের রশি লাগানো থাকবে। দু-দিকে সাধারণ মানুষ থাকবেন। প্রত্যেকেই রশিতে টান দিতে পারবেন। এবার প্রথম দিঘার রথযাত্রা হচ্ছে। কুম্ভের মতো যেন কোনও অঘটন না ঘটে, আমাদের লক্ষ্য সেদিকেই।'

এদিন সকালেই জগন্নাথ মন্দিরে পৌঁছে যান মুখ্যমন্ত্রী। পুলিশকর্তাদের সঙ্গে সেখানেই বৈঠক হয়। রথে থাকবে নিম কাঠের বিগ্রহ। পাথরের বিগ্রহ থাকবে মন্দিরে। দিঘার নতুন জগন্নাথ মন্দির থেকে পুরোনো জগন্নাথ মন্দির ১ কিলোমিটার রাস্তা। এই রাস্তায় কড়া নিরাপত্তা রাখা হচ্ছে। এদিনই পুলিশ, দমকল ও দিঘা-শংকরপুর উন্নয়ন কর্তৃপক্ষের আধিকারিকরা বৈঠক করেন। তিনটি রথ থাকবে। প্রথমটি জগন্নাথদেবের, দ্বিতীয়টি বলরাম ও শেষেরটি সুভদ্রার। রাত পর্যন্ত ফুল দিয়ে সাজানোর কাজ চলছে। তিনটি রথই ১৬ চাকার। মঙ্গলারতির পরে নিম কাঠের বিগ্রহে জগন্নাথ দেবের রথ বেরোবে।

দিঘার হোটেলগুলিতে ঘর পাওয়া কঠিন হয়ে গিয়েছে। এক ধাক্কায় হোটেলের ভাড়াও বেড়ে গিয়েছে অনেকটা। দিঘা-শংকরপুর উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান তথা পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের সভাধিপতি উত্তম বারিক বলেন, 'ইতিমধ্যেই দেড় লক্ষ লোক পৌঁছে গিয়েছেন। রথের দিন আরও মানুষ দিঘায় আসবেন। দিঘা এখন আর শুধু সমুদ্রসৈকত নয়, দিঘা এখন তীর্থক্ষেত্র।' দিঘা-শংকরপুর হোটেলিয়ার্স অ্যাসোসিয়েশনের সভাপতি বিপ্রদাস চক্রবর্তী বলেন, 'হোটেলে যাতে কেউ অতিরিক্ত ভাড়া না নেন, আমরা তার চেষ্টা করছি।' এদিন রাতে রথযাত্রা উপলক্ষ্যে রাজ্যবাসীকে তাঁর এক্স হ্যান্ডেলে শুভেচ্ছাও জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

## মমতার মোকাবিলায় শুভেন্দুর প্রসাদ বিলি

**অরূপ দত্ত**

**কলকাতা, ২৬ জুন :** হিন্দু ভোটই টার্গেট জেনেও রথে মমতার সঙ্গে টক্করে যেতে চান না শুভেন্দু অধিকারী ও বঙ্গ বিজেপি। তবে হিন্দু ভোটকে নিশানা করেই মুখ্যমন্ত্রী দিঘায় জগন্নাথ মন্দির তৈরি ও রথযাত্রার পরিকল্পনা করেছেন বলে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আক্রমণ শানিয়ে শুভেন্দু বলেন, '৩৩ শতাংশ সংখ্যালঘু ভোট নিশ্চিত করতে বাংলাদেশের ইউনূসের মতো এখানেও হিন্দুদের ওপর বুলডোজার চালাচ্ছেন মমতা। এর সঙ্গে মোয়াজ্জেম ভাতা, ওবিসি বিল করে তুষ্টিকরণ করে চলেছেন। ভোটে জিততে তাই তাঁর ১২ থেকে ১৪ শতাংশ হিন্দু ভোট দরকার। ডোল পলিটিক্স আর এই প্যাঁড়া, গজা খাইয়ে তা হাসিল করাই ওর লক্ষ্য। বগটুইয়ের সংখ্যালঘুরা বা তামান্নার মতো নাবালিকারা খুন হলেও ভোটের সময় ওরা তৃণমূলকেই ভোট দেবে।'

শুক্রবার দিঘায় নব নির্মিত জগন্নাথ মন্দির থেকে রথযাত্রা নিয়ে সাজোসাজো রব। ইতিমধ্যেই সেখানে পৌঁছে গিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। দিঘায় ঘাঁটি গেড়ে কোন রাস্তা দিয়ে যাবে রথ তা থেকে শুরু করে রথযাত্রার প্রতিটি খুঁটিনাটি বিষয় নিজে খতিয়ে দেখছেন মমতা। দিঘার রথযাত্রায় মানুষের ঢল নামাতে রথে শামিল হতে মানুষকে আমন্ত্রণ জানিয়ে প্রচার চলেছে সরকারি ভাবে। এই আবহে এদিন রথ নিয়ে তাঁর পরিকল্পনা জানিয়েছেন শুভেন্দু। এদিন সকালেই তিনি বলেছেন, 'আমি যেখানে থাকব সেখানেই রথযাত্রায় শামিল হব।' তিনি আরও জানান, 'শুক্রবার বেলা ১২টায় উত্তর কলকাতার চিত্তরঞ্জন অ্যাভিনিউয়ে পশ্চিমবঙ্গ লোকশিল্পী সংস্থার উদ্যোগে আয়োজিত রথের রশি টেনে উদ্বোধন করার পর বিকেল ৩টেয় তমলুকের গৌরাঙ্গ মহাপ্রভু মন্দিরে পুরীধাম থেকে আনা জগন্নাথের প্রসাদ বিলির সূচনা করে সন্ধ্যা ৬টায় মেচেদায় রথযাত্রায় অংশ নেব।' দিঘার জগন্নাথ মন্দিরের প্রসাদ রাজ্যের হিন্দুদের মধ্যে বিলি করার বিশেষ উদ্যোগ নিয়েছেন মুখ্যমন্ত্রী। র‌্যাশন ডিলারদের মাধ্যমে ঘরে ঘরে সেই প্রসাদ পাঠানো ইতিমধ্যেই শুরু হয়েছে। শুভেন্দু জানিয়েছেন, তমলুকের গৌরাঙ্গ মহাপ্রভু মন্দির থেকে মহাপ্রসাদ বিলি শুরু হবে। শুক্রবার তমলুক ও কলকাতার মোট ৫টি জায়গা থেকে এই প্রসাদ বিলি করা হবে। আগামী ৯ দিন ধরে চলবে মোট ৫ লাখ প্রসাদের প্যাকেট বিলি। শুভেন্দুর ঘোষণার পরেই জগন্নাথের প্রসাদ বিলি নিয়ে তুল্যমূল্য চর্চা শুরু হয়েছে। শুভেন্দু বলেন, 'পুরীধাম থেকে প্রকৃত প্রসাদ এনে আমরা সাধ্য মতো বিলি করার চেষ্টা করছি। কিন্তু, সরকারি ব্যবস্থাপনায় যা করা সম্ভব তার সঙ্গে ব্যক্তিগত উদ্যোগ এক হতে পারে না।' কিছুদিন আগে খোলা হাওয়া নামে একটি সংস্থার উদ্যোগে রাজ্যের বেশকিছু রথকমিটির সঙ্গে বৈঠক হয়। যে বৈঠকে শুভেন্দু নিজেও হাজির ছিলেন। এদিন প্রসাদ বিলি প্রসঙ্গে শুভেন্দু বলেন, 'বেশকিছু রথ কমিটিকে দিয়ে বড় বড় রথের মেলায় এই প্রসাদ বিলির ব্যবস্থা করা হচ্ছে। উত্তরবঙ্গের শিলিগুড়ি, জলপাইগুড়ির রথের মেলাতেও এই প্রসাদ পাঠানো হবে।'



বৃহস্পতিবার শুভেন্দুর সাংবাদিক সম্মেলন। -সংবাদচিত্র।

জগন্নাথ মন্দিরের পর রথযাত্রার জেরে মুখ্যমন্ত্রীকে হিন্দু বিদ্বেষী বলে তাদের প্রচার যে ধাক্কা খেতে পারে সেই আশঙ্কা করছে বিজেপিও। সেই কারণে এদিন মালদার জালালপুরে রথের মেলা বন্ধ করা নিয়ে সরকারি নির্দেশকে সামনে এনেছেন শুভেন্দু। তাঁর মতে শুধু জালালপুর নয়, হাওড়ার উলুবেড়িয়ায় রথযাত্রা করতে বাধা দেওয়া হচ্ছে। উলটোরথের দিন সংখ্যালঘু সম্প্রদায়ের কোনও অনুষ্ঠানকে অগ্রাধিকার দিতে উলটোরথের রাস্তা বদলের কথা বলা হচ্ছে। এসবই হিন্দুদের ধর্মাচরণে বাধা। হুঁশিয়ারি দিয়ে বলেন, 'আমি জালালপুর ও উলটোডাঙার উদ্যোক্তাদের বলছি কোথাও রথ, মেলা বন্ধ করবেন না। গ্রেপ্তার হলে সমস্ত রকম আইনি সহায়তা দেব আমরা।'



মমতাময়ী...

বৃহস্পতিবার দিঘায় মুখ্যমন্ত্রী। ছবি-পিটিআই।

## শেষ পর্যন্ত ঘোষণা হল না বকেয়া ডিএ'র

**কলকাতা, ২৬ জুন :** ২৭ জুনের মধ্যে রাজ্য সরকারি কর্মচারীদের বকেয়া মহার্ঘভাতার(ডিএ) ২৫ শতাংশ দেওয়ার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। কিন্তু বৃহস্পতিবারও রাজ্য সরকারের তরফে বকেয়া মহার্ঘভাতা নিয়ে কোনও ঘোষণা করা হল না। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, মুখ্যসচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার সহ রাজ্য প্রশাসনের পদস্থ কর্তারা দিঘায় রথযাত্রায় ব্যস্ত। এদিন মুখ্যমন্ত্রী দিঘায় সাংবাদিক বৈঠক করলেও বকেয়া মহার্ঘভাতা নিয়ে একটি কথাও উচ্চারণ করলেন না। ফলে রাজ্য সরকার আদৌ সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশ দেবে কি না, তা নিয়ে সংশয়ে রয়েছেন রাজ্য সরকারি কর্মচারীরা। সুপ্রিম কোর্টের নির্দেশ না মেনে শুক্রবারের মধ্যে বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশ রাজ্য সরকারি

**চিন্তা বাড়ছে সরকারি কর্মীদের**

কর্মচারীদের না দেওয়া হলে আদালত অবমাননা হবে বলেও মনে করছেন আইনজীবীরা। সেক্ষেত্রে মুখ্যসচিব ও অর্থসচিবকে আদালতের মুখোমুখি হতে হবে।

গত সপ্তাহেই বকেয়া মহার্ঘভাতা নিয়ে নবান্নে বৈঠক করেছিলেন মুখ্যমন্ত্রী। সেখানেই ঠিক হয়েছিল, বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশের ২০ শতাংশ পেনশন ফান্ডে জমা করে বাকি টাকা দেওয়া হবে। চলতি মাসেই তিন দফায় ঋণ ও ঋণপত্র মিলিয়ে ৭৫০০ কোটি টাকা রিজার্ভ ব্যাংকের কাছ থেকে নিয়েছে রাজ্য সরকার। বকেয়া মহার্ঘভাতার সম্পূর্ণ দিতে হলে রাজ্য সরকারকে এই মুহূর্তে ৪০ হাজার কোটি টাকা ব্যয় করতে হত। সুপ্রিম কোর্টের নির্দেশমতো ২৫ শতাংশ দিতে হলেও রাজ্য সরকারকে ১০ হাজার কোটি টাকা এই মুহূর্তে ব্যয় করতে হবে।

সেই কারণেই রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছিল, বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশের ২০ শতাংশ পেনশন ফান্ডে জমা দিলে আপাতত ৭৫০০ কোটি টাকা খরচ করলেই হবে। সেই টাকা জোগাড়ও হয়েছে। কিন্তু রাজ্য সরকার কেন শেষদিন পর্যন্ত বকেয়া মহার্ঘভাতা নিয়ে কোনও ঘোষণা করল না, তা নিয়েই ধন্দে রয়েছেন রাজ্য সরকারি কর্মচারীরা।

## কলেজে ভর্তিতে ওবিসি জট নেই

### হস্তক্ষেপ করল না হাইকোর্ট

**রিমি শীল**

**কলকাতা, ২৬ জুন :** ওবিসি জটে রাজ্যের কলেজে ভর্তির পোর্টালে আবেদন প্রক্রিয়ায় কোনও হস্তক্ষেপ করল না কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চ জানিয়ে দেয়, ভর্তির আবেদন নিয়ে কোনও সমস্যা নেই। ওবিসির নতুন তালিকায় অন্তর্বর্তী স্থগিতাদেশ সংক্রান্ত মামলায় শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছে রাজ্য। তাই সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের ওপর পরবর্তী পদক্ষেপ নির্ভর করছে। ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, 'প্রাথমিক পর্যায়ে শুধু ভর্তির জন্য আবেদন নিচ্ছে রাজ্য। ভর্তির চূড়ান্ত প্রক্রিয়া এখনও শুরু হয়নি। তাই এই পরিস্থিতিতে ওবিসির নতুন বিজ্ঞপ্তি বাতিল সংক্রান্ত নির্দেশ অবমাননার বিষয়টি এখনই বিচার্য নয়।'

ওবিসির নতুন তালিকা সংক্রান্ত নির্দেশ অমান্য করে কলেজে ভর্তির পোর্টালে ওবিসি এ ও ওবিসি বি শ্রেণি বিন্যাস আলাদাভাবে উল্লেখ করা হয়েছে। এই অভিযোগে আদালত অবমাননার মামলা দায়ের হয়। এদিন আবেদনকারীদের তরফে আইনজীবী বাঁশুরি স্বরাজ আদালতে জানান, ৩১ জুলাই পর্যন্ত অন্তর্বর্তী স্থগিতাদেশ বহাল রয়েছে। আদালতের নির্দেশের ফলে ওবিসি এ ও ওবিসি বি তালিকার বৈধতা নেই। ২০১০ সালের আগে যে ৬৬টি জনগোষ্ঠী ওবিসি তালিকাভুক্ত সেটি বৈধ। ইতিমধ্যেই ৭১ হাজার আবেদন জমা পড়েছে। রাজ্য নিজস্ব বৃত্ত অনুযায়ী পদক্ষেপ করছে। তবে আবেদন চালিয়ে যাওয়ার পক্ষে মত দিয়েছে ডিভিশন বেঞ্চ।

আদালতের বক্তব্য, 'ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে ১২ জুন। আদালতের নির্দেশের পরে শ্রেণিবিন্যাস স্থগিত রাখা হয়েছে। শীর্ষ আদালত যদি হাইকোর্টের ডিভিশন বেঞ্চের রায় খারিজ করে তখন অসুবিধা হবে। এখনই আবেদন প্রক্রিয়া নিয়ে কী অসুবিধা রয়েছে। তা চলুক।' আবেদনে প্রশ্ন তুলে বিচারপতি মান্থা বলেন, 'এখনও মেধাতালিকা তৈরি হয়নি। রাজ্য বলেছে, এখন সকলকে ভর্তি নিতে পারবে, পরে শ্রেণি বিন্যাস করা হবে। সুপ্রিম কোর্ট হাইকোর্টের নির্দেশে হস্তক্ষেপ না করলে তখন আবেদন করবেন।'

তবে আবেদনকারীর দাবি, ক্যাটেগোরি উল্লেখ করলে আসন নিয়ে সমস্যা তৈরি হবে। বিচারপতি মান্থার বক্তব্য, 'শ্রেণি বিন্যাস করা না হলে আপনার অধিকার কীভাবে বঞ্চিত হবে? শ্রেণি বিন্যাস করার পর অধিকার থেকে বঞ্চিত হলে আবেদন করবেন।' সমস্ত পক্ষের সওয়াল জবাবের পর ডিভিশন বেঞ্চ নির্দেশ দেয়, সুপ্রিম কোর্টের কোনও স্থগিতাদেশ ছাড়া কলেজগুলিতে ভর্তি বা চাকরিতে নিয়োগের ক্ষেত্রে হাইকোর্টের ১৭ জুনের নির্দেশ পুঙ্খানুপুঙ্খ পালন করা হবে বলে হলফনামা দিয়ে জানাবে রাজ্য। ২০১০ সালের আগে যাঁরা ওবিসি তালিকায় নথিভুক্ত ছিলেন তাঁদের অধিকারও ক্ষুণ্ণ হবে না বলে জানাতে হবে। ভর্তির পোর্টালে ওবিসির শ্রেণি বিন্যাস সংক্রান্ত রাজ্যের নির্দেশিকা নিয়েও সন্তুষ্ট আদালত। রাজ্যের বিরুদ্ধে আদালত অবমাননার মামলায় তাই আপাতত হস্তক্ষেপ নয় ডিভিশন বেঞ্চের।

আদালতের নির্দেশের পর শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এক্স হ্যান্ডেলে লেখেন, 'আজ মহামান্য কলকাতা হাইকোর্ট ভর্তির বিষয় নিয়ে হস্তক্ষেপ করেনি। এই সিদ্ধান্তে আমরা কৃতজ্ঞ।'

**পর্যবেক্ষণ**

- প্রাথমিক পর্যায়ে কলেজে আবেদন প্রক্রিয়া চালু থাকুক
- রাজ্যের বিরুদ্ধে অবমাননার মামলায় হস্তক্ষেপ নয়
- আদালতের নির্দেশ অক্ষরে অক্ষরে পালন নিয়ে হলফনামা দেবে রাজ্য
- হাইকোর্টকে ধন্যবাদ জানিয়েছেন ব্রাত্য বসু

## শোকজ হুমায়ুনকে, দোষ কবুল ধৃতের

**স্বরূপ বিশ্বাস ও রিমি শীল**

**কলকাতা, ২৬ জুন :** দলকে না জানিয়ে পশ্চিম মেদিনীপুরের ডেবরার বিধায়ক হুমায়ুন কবীর আগ বাড়িয়ে কালীগঞ্জের নিহত নাবালিকার মাকে টাকা দিতে যাওয়ায় তাঁকে শোকজ করল তৃণমূল। হুমায়ুনের এই আচরণের পর বিস্তর বিতর্ক তৈরি হয়। তারপরই এই পদক্ষেপ করেছে রাজ্যের শাসক দল। বৃহস্পতিবার তৃণমূলের রাজ্য সহসভাপতি জয়প্রকাশ মজুমদার তাঁকে শোকজের বিষয়টি প্রকাশ্যে আনেন। ৭২ ঘণ্টার মধ্যে তাঁকে চিঠির জবাব দিতে বলা হয়েছে। এই ঘটনায় ইতিমধ্যেই ধৃত কালু শেখ পুলিশি জেরায় স্বীকার করেছে, ওই পরিবারকে লক্ষ্য করে বোমা ছোড়া হয়েছিল। পুরোনো রাজনৈতিক দ্বন্দ্ব থেকেই এই হামলা। তার সঙ্গে আরও কয়েকজন যুক্ত ছিল।

সিপিএম করার অভিযোগে এই পরিবারের বিরুদ্ধে প্রতিহিংসামূলক আক্রমণের অভিযোগ ওঠে। এবার কালীগঞ্জের ঘটনায় সিপিএম পথে নামছে। ২৮ জুন সিপিএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম ও মীনাক্ষী মুখোপাধ্যায়ের উপস্থিতিতে বিক্ষোভ সমাবেশ ও ২৯ জুন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুর নেতৃত্বে প্রতিনিধি দল যাওয়ার কথা রয়েছে।

কালীগঞ্জের উপনির্বাচনের ফল প্রকাশের দিনই তৃণমূলের ছোড়া বোমায় নাবালিকার মৃত্যু হয় বলে বুধবার তার পরিবারকে টাকা দিতে যান প্রাক্তন আইপিএস হুমায়ুন কবীর। কিন্তু তা নিতে অস্বীকার করেন মৃতার মা। তা নিয়ে চরম বিতর্কের সূত্রপাত হয়। এই পরিস্থিতিতে তাঁকে দলের শোকজের মুখে পড়তে হয়েছে। এই নিয়ে বিধায়কের প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে তিনি অরাজনৈতিক একটি সংগঠনের সঙ্গে যুক্ত। সেই সূত্রে তিনি দেখা করতে এসেছিলেন বলে আগে দাবি করেছিলেন। এই প্রেক্ষিতে শাসক দলের বক্তব্য, হুমায়ুনের এই কাজ সমর্থন করে না দল। তাই কেন তিনি এই কাজ করেছেন তা জানতে চাওয়া হয়েছে। ঘটনার প্রথম থেকেই পুলিশ ও স্থানীয় তৃণমূল নেতাদের বিরুদ্ধে অভিযোগ তুলেছেন নাবালিকার মা। তাঁর দাবি, পুলিশ সব জানার পরেও পদক্ষেপ করেনি। তিনি মেয়ের মৃত্যুর বিচার চান। এই ঘটনায় ধৃত পাঁচজনই তৃণমূলের সঙ্গে যুক্ত বলে পুলিশ সূত্রে খবর। মূল অভিযুক্ত আনোয়ার শেখ এলাকায় প্রভাবশালী ছিল বলেও তদন্তে উঠে এসেছে। এলাকায় দাদাগিরি ও পুলিশি তোয়াক্কার ঊর্ধ্বে থাকতেন আনোয়ার।

ওই পরিবার সিপিএমের সঙ্গে যুক্ত ছিল। তারপরেও কেন ঘটনার পর থেকে দল পাশে দাঁড়ায়নি তা নিয়ে প্রশ্ন তোলে বিরোধীরা। এই পরিস্থিতিতে কালীগঞ্জ নিয়ে কর্মসূচি নেওয়ার পরিকল্পনা নিয়েছে সিপিএম। স্থানভিত্তিক প্রতিবাদ কর্মসূচি করছে প্রদেশ কংগ্রেসও।



এই ছবি ঘিরে শুরু হয়েছে সমালোচনা। ফাইলচিত্র।



গড়িয়াহাটে রথযাত্রার শেষ মুহূর্তের কেনাকাটা। ছবি-আবির চৌধুরী।

## আপাতত বন্ধ 'দুয়ারে সরকার'

**কলকাতা, ২৬ জুন :** লক্ষ্মীর ভাণ্ডার, স্বাস্থ্যশ্রী, কন্যাশ্রী সহ বিভিন্ন সামাজিক প্রকল্পের অর্থবরাদ্দে এবার বাধ্য হয়ে রাশ টানতে চলেছে রাজ্য সরকার। বিভিন্ন সামাজিক প্রকল্পে অর্থ বরাদ্দে লাগাম টানতে চায় সরকার। তা করতে হলে সবচেয়ে আগে দরকার সামাজিক প্রকল্পে প্রকৃত উপভোক্তার সংখ্যা যাচাই করে তাঁদের এককাট্টা করা। ঢালাওভাবে সবাইকে সরকারি সুবিধার আওতায় নিয়ে আসা যে মোটেই সরকারের গঠনমূলক পদক্ষেপের পর্যায়ে পড়ে না। এটা এখন চরম আর্থিক সংকটের মধ্যে পড়ে সরকারকে রীতিমতো গুরুত্ব দিয়ে ভাবতে হচ্ছে বলেই বৃহস্পতিবার নবান্নে অর্থ দপ্তর সূত্রের খবর। যদিও ঢালাওভাবে উপভোক্তা ছাঁটাইয়ের মোটেই পক্ষপাতী নন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পিছনে রয়েছে ভোট। ২০২৬-এ বিধানসভা ভোটের আগে লক্ষ্মীর ভাণ্ডার থেকে শুরু করে কল্যাণমূলক সামাজিক প্রকল্পগুলি সমানতালে চালু রাখতে চান তিনি। তবে 'অক্টোপাসের' মতো আর্থিক চাহিদা সরকারকে সাম্প্রতিককালে ঘিরে ধরায় সামাজিক প্রকল্পের রাশ নিয়ন্ত্রণের মধ্যে রাখার বিষয়ে একরকম সিদ্ধান্ত নিয়েই ফেলেছেন মুখ্যমন্ত্রী।

নবান্নে ওপর মহলের খবর, এই নিয়ে মুখ্যমন্ত্রী একান্তে মুখ্যসচিব ও অর্থসচিবের সঙ্গেও কথা বলেছেন। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, লক্ষ্মীর ভাণ্ডারের মতো সামাজিক প্রকল্পগুলিতে খরচে রাশ টানা নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী অমিত মিত্রেরও কয়েক দফা কথা হয়েছে। প্রাক্তন অর্থমন্ত্রীর পরামর্শ ও সহায়তায় অতীতে 'ভোটের তাগিদে'-ই মুখ্যমন্ত্রী তাঁর সরকারের পক্ষ থেকে প্রকল্পগুলি চালু করেন। তার ফলও মিলেছিল হাতেনাতে। প্রকল্পগুলি জনপ্রিয় হওয়ার পাশাপাশি রাজ্যের বিগত প্রায় ভোটেই 'মাইলেজ' এনে দেয় শাসকদল তৃণমূলকে। একমাত্র সে কারণেই লক্ষ্মীর ভাণ্ডারের মতো জনপ্রিয় সামাজিক প্রকল্পগুলি মোটেই পুরোপুরি বন্ধ করতে চান না মুখ্যমন্ত্রী। উপভোক্তার সংখ্যা নিয়ন্ত্রণের মধ্যে রেখে সম্ভব হলে আরও উপভোক্তার অর্থের পরিমাণ বাড়াতে চান মুখ্যমন্ত্রী। তা নিয়ে প্রাক্তন অর্থমন্ত্রীর সঙ্গে কথা চলছে তাঁর। এতে রাজ্যের অর্থপ্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্যের সঙ্গে অমিতবাবুর শলাপরামর্শও থাকছে।

উপভোক্তা যাচাইয়ের বিষয়টি এখন প্রাথমিকভাবে দপ্তরে কাজও শুরু করেছে। সামাজিক প্রকল্পগুলিতে উপভোক্তার সংখ্যা যাতে না বাড়ে তার জন্য রাজ্যে 'দুয়ারে সরকার' কর্মসূচি মুখ্যমন্ত্রীর নির্দেশে আপাতত বন্ধ রাখা হয়েছে। লক্ষ্মীর ভাণ্ডার সহ বিভিন্ন সামাজিক প্রকল্পে মোট উপভোক্তার সংখ্যা কত বা তা যাচাই শুরু করা হলে কী সম্ভাবনা আসতে পারে, তার ওপর একটা বিস্তারিত রিপোর্ট অর্থ দপ্তরের কাছে চাওয়া হয়েছে। যার ওপর ভিত্তি করে অমিতবাবুর মতো অন্যদের সঙ্গে আলোচনা সাপেক্ষে চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন মুখ্যমন্ত্রী।

## বাড়ি ছাড়ার নির্দেশ

**কলকাতা, ২৬ জুন :** ক্যানসার আক্রান্ত বৃদ্ধ বাবা ও অসুস্থ মা-কে দেখভাল না করে অত্যাচার করে ছেলে ও বৌমা। এই অভিযোগে আদালতের দ্বারস্থ হয়েছিলেন উত্তর দিনাজপুরের রায়গঞ্জের বাসিন্দা বৃদ্ধ দম্পতি। বৃহস্পতিবার এই মামলায় বিচারপতি অমৃতা সিনহা ৩০ জুলাইয়ের মধ্যে ছেলে ও বৌমাকে বাড়ি ছাড়ার নির্দেশ দেন। তাঁরা বাড়ি খালি না করলে পুলিশ ব্যবস্থা নেবে বলে জানায় আদালত। বিচারপতির মন্তব্য, 'বৃদ্ধ বাবা-মায়ের চিকিৎসা ও জীবনযাপনে অর্থ সাহায্য করেন না তাঁরা। তাই বাড়ি ছেড়ে দিয়ে বৃদ্ধ দম্পতিকে শান্তিপূর্ণ, সুরক্ষিতভাবে থাকতে দিতে হবে।' ছেলে ও বৌমা পেশায় আইনজীবী। কিন্তু উত্তর দিনাজপুর জেলা বার অ্যাসোসিয়েশনকে জানিয়ে লাভ হয়নি।

## কেষ্ট-ঘনিষ্ঠকেও কড়া বার্তা বক্সীর

**কলকাতা, ২৬ জুন :** বীরভূম জেলার তৃণমূলের প্রাক্তন সভাপতি অনুব্রত মণ্ডলকে আগেই সেন্সর করেছে দল। এবার তাঁর অনুগামী সুদীপ্ত ঘোষকে সতর্ক করে দিলেন শীর্ষ নেতৃত্ব। কয়েকদিন আগে কোর কমিটিকে না জানিয়ে দুবরাজপুরে সাংগঠনিক বৈঠক ডেকেছিলেন সুদীপ্ত। অথচ তাঁর বৈঠক ডাকার অধিকার নেই। দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সী স্পষ্ট জানিয়ে দিয়েছিলেন, বীরভূমে বৈঠক ডাকতে পারেন একমাত্র দলের জেলা চেয়ারম্যান আশিস বন্দ্যোপাধ্যায়।

দুবরাজপুরের ওই বৈঠকের খবর আশিসবাবুর কাছেও ছিল না। বৈঠকে তৃণমূল নেতা পীযূষ পাণ্ডে উপস্থিত ছিলেন। দলীয় রাজনীতিতে তিনি কেষ্ট অনুগামী বলেই পরিচিত। বিধানসভার অধিবেশন চলাকালীন এই বৈঠক ডাকায় সুদীপ্তর কাছে কৈফিয়ত তলব করেছেন দলের রাজ্য সভাপতি।

দলের জেলা চেয়ারম্যান আশিস বন্দ্যোপাধ্যায় বলেন, 'দুবরাজপুরের বৈঠকের কথা আমার জানা ছিল না। পরে শুনেছি। দলের রাজ্য নেতৃত্বের নির্দেশ মতো বৈঠক ডাকার অধিকার একমাত্র আমার। কেন ওই বৈঠক আমাকে না জানিয়ে হয়েছে, তা বলতে পারব না।' বীরভূম জেলা কোর কমিটির সদস্য তথা জেলা পরিষদের সভাধিপতি কাজল শেখ বলেন, 'দলের জেলা চেয়ারম্যানই একমাত্র বৈঠক ডাকতে পারেন। কে কোথায় বৈঠক ডাকছে, তা আমার জানা নেই। তবে এটা দলীয় শৃঙ্খলার বিরুদ্ধে।' দুবরাজপুরের প্রাক্তন বিধায়ক নরেশচন্দ্র বাউড়ি বলেন, 'দলের শৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব আমাদের সকলের। কেউ শৃঙ্খলা ভঙ্গ করলে তাঁর বিরুদ্ধে দলের শীর্ষ নেতৃত্ব নিশ্চিত পদক্ষেপ করবে।' কেষ্ট বলেন, 'বিষয়টি আমার জানা নেই। তবে দলের স্বার্থে ছোট ছোট বৈঠক হতেই পারে।' সুদীপ্ত ঘোষকে এই নিয়ে একাধিকবার ফোন করা হলেও তিনি ফোন ধরেননি।

তৃণমূল সূত্রের খবর, গত শুক্রবার এই বৈঠক হয়েছে দুবরাজপুরে। ওইদিনই দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সীর কাছে অভিযোগ জমা পড়ে। তারপরই এই নিয়ে আশিসবাবুর কাছে জানতে চান বক্সী। এই বৈঠক নিয়ে তাঁর কিছু জানা নেই বলে আশিসবাবু জানিয়ে দেন। এরপরই সুদীপ্তকে চরম সতর্কবার্তা দেওয়া হয়। দলের জেলা চেয়ারম্যানকে না জানিয়ে কোনও বৈঠক করা যাবে না বলে তাঁকে স্পষ্ট জানিয়ে দেন বক্সী। এমনকি কোর কমিটির সদস্য হওয়া সত্ত্বেও অনুব্রত মণ্ডল যে কোনও বৈঠক ডাকতে পারবেন না, সেই কথাও তাঁকে বুঝিয়ে দেওয়া হয়। আগামীদিনে এই ধরনের কোনও দলীয় শৃঙ্খলা ভঙ্গের কাজ করলে তাঁর বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করা হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন বক্সী।

## সিদ্ধান্ত নেবে নিম্ন আদালত

**কলকাতা, ২৬ জুন :** আরজি কর কাণ্ডের ঘটনাস্থল দেখতে যাওয়া নিয়ে সিদ্ধান্ত নেবে নিম্ন আদালত। এই বিষয়ে এখনই সিদ্ধান্ত নিল না কলকাতা হাইকোর্ট। নির্যাতিতার পরিবারের আইনজীবীর তরফে ঘটনাস্থল দেখতে যেতে চেয়ে আবেদন জানানো হয়েছিল হাইকোর্টে। বৃহস্পতিবার বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানিয়ে দেন, মূল মামলার বিচার প্রক্রিয়া নিম্ন আদালতে চলছে। তাই ঘটনাস্থল দেখতে যাওয়ার অনুমতির জন্য সেখানেই আবেদন করতে হবে। আবেদনের ভিত্তিতে নিম্ন আদালতকে ৪৮ ঘণ্টার মধ্যে সিদ্ধান্ত নিতে হবে বলে জানিয়েছেন বিচারপতি। আরজি করের ঘটনায় পুনরায় তদন্ত মামলা দায়ের হয়েছিল। এদিন সেই মামলায় সিবিআইকে

**আরজি কর কাণ্ড**

বিচারপতি বলেন, 'অনেকটা সময় পাচ্ছেন। বিস্তারিত জানান তদন্ত কীভাবে এগোচ্ছে। ২৪ জুলাইয়ের রাজ্য ও সিবিআই হলফনামা জমা দেবে। ১১ অগাস্টের মধ্যে হলফনামা দেবে পরিবার।

## বিধানসভায় আধা সেনায় না

**কলকাতা, ২৬ জুন :** শুভেন্দু অধিকারীর নিরাপত্তারক্ষী সিআরপিএফ জওয়ানদের প্রবেশাধিকার চেয়ে দায়ের হওয়া মামলায় বৃহস্পতিবার সওয়াল শেষ করলেন তাঁর আইনজীবী। তবে এখনই তাঁর অন্তর্বর্তীকালীন সুরক্ষার আবেদনে সম্মতি দেয়নি আদালত। তাঁর আইনজীবী আদালতে জানান, বিধানসভার নির্দেশিকায় উল্লেখ রয়েছে অস্ত্র ছাড়া নিরাপত্তারক্ষীরা বিধানসভার ভিতরে ঢুকতে পারেন। শাসক দলের মন্ত্রী-বিধায়করা নিরাপত্তারক্ষী নিয়ে ভিতরে প্রবেশ করতে পারলে বিরোধী রাজনৈতিক দলের ক্ষেত্রে তা ব্যতিক্রম কেন? এটা ভারতীয় সংবিধানের ১৪ ও ২১ নম্বর ধারার পরিপন্থী।

# হিলকার্ট রোডের দায়িত্ব নিল কেন্দ্রীয় সংস্থা

## প্রাণ ফেরাতে উদ্যোগ, রাস্তাজুড়ে চলছে সংস্কার কাজ

**রণজিৎ ঘোষ**

**শিলিগুড়ি, ২৬জুন:** দার্জিলিংগামী হিলকার্ট রোড বা ১১০ নম্বর জাতীয় সড়কের দায়িত্ব নিল ন্যাশনাল হাইওয়ে অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (এনএইচআইডিসিএল)। চলতি সপ্তাহেই সংস্থার আধিকারিকরা সুকনা থেকে শুরু করে কার্সিয়াং হয়ে দার্জিলিং পর্যন্ত রাস্তার পুরোটাই পুঙ্খানুপুঙ্খভাবে খতিয়ে দেখেছেন। পাশাপাশি এতদিন রাস্তার দায়িত্বে থাকা পূর্ত দপ্তরের জাতীয় সড়ক বিভাগের (ডিভিশন-৯) বাস্তুকারদের সঙ্গে আলোচনাও করেছেন। সূত্রের খবর অনুযায়ী, এই রাস্তায় বর্তমানে বেশ কিছু জায়গায় পূর্ত দপ্তর সংস্কার এবং ধস মোকাবিলার কাজ করছে। সেই কাজগুলি পূর্ত দপ্তরই আপাতত করবে বলে সিদ্ধান্ত হয়েছে। কেন্দ্রীয় সংস্থা রাস্তাটির সম্প্রসারণ, ধস মোকালিবায় গার্ডওয়াল তৈরি সহ অন্যান্য কাজের জন্য ডিটেইলস প্রোজেক্ট রিপোর্ট (ডিপিআর) তৈরির সিদ্ধান্ত নিয়েছে। পূর্ত দপ্তরের জাতীয় সড়ক-৯ বিভাগের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার দেবব্রত ঠাকুর অবশ্য এই বিষয়ে কোনও মন্তব্য করতে রাজি হননি।

বহু বছর ধরে শিলিগুড়ি থেকে দার্জিলিংগামী জাতীয় সড়ক হিলকার্ট রোড রাজ্যের পূর্ত দপ্তরের জাতীয় সড়ক-৯ ডিভিশন দেখছে। কিন্তু দার্জিলিংয়ের পথে নিত্য যানজট, মাঝেমধ্যেই ধস নেমে যানবাহন চলাচলে বিপত্তি লেগেই রয়েছে। এই পরিস্থিতির মধ্যে রাস্তাটির আরও ভালোভাবে রক্ষণাবেক্ষণ, প্রয়োজনে রাস্তা চওড়া করা সহ অন্যান্য পরিকল্পনার জন্য দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট কেন্দ্রীয় এজেন্সিকে দায়িত্ব দেওয়ার আবেদন জানিয়েছিলেন। তিনি কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নীতিন গড়কড়ির কাছে দরবার করেছিলেন। সেই আবেদনে সাড়া দিয়ে কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রক গত মাসে রাস্তাটি এনএইচআইডিসিএলকে হস্তান্তর করা নিয়ে বিজ্ঞপ্তি জারি করেছে। এই রাস্তায় বর্তমানে বিভিন্ন জায়গায় সংস্কারের কাজ চলছে। বিশেষ করে রংটং, চুনাভাটি, তিনধারিয়া, গয়াবাড়ি এলাকায় রাস্তার ধস মোকাবিলায় নীচ থেকে গার্ডওয়াল তৈরির কাজ করছে পূর্ত দপ্তর। পাশাপাশি রাস্তাটির সৌন্দর্যায়নের কাজও হচ্ছে।

চলতি সপ্তাহেই এনএইচআইডিসিএলের কর্তারা এই রাস্তাটি ঘুরে দেখেছেন। পরে তাঁরা পূর্ত দপ্তরের জাতীয় সড়ক বিভাগের সঙ্গে কথা বলেছেন। এনএইচআইডিসিএল জানিয়েছে, পূর্ত দপ্তরের তরফে টেন্ডার করে যে কাজগুলি শুরু হয়েছে সেগুলি হবে। পরবর্তীতে আর নতুন করে কোনও টেন্ডার পূর্ত দপ্তর করবে না।

দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট বলেছেন, 'জাতীয় সড়কটি আবার ব্যবহারের উপযোগী করে তোলাই আমাদের লক্ষ্য। যেভাবে কার্সিয়াং থেকে শুরু করে দার্জিলিং রেলস্টেশন পর্যন্ত যানজট হচ্ছে সেটা ভয়ংকর। এর ফলে দার্জিলিংয়ের পর্যটন ব্যবসাও মুখ থুবড়ে পড়ছে। বহু বছর রাস্তাটি পূর্ত দপ্তর দেখভাল করলেও কাজের কাজ কিছুই করেনি। বরং কেন্দ্রের কাছ থেকে টাকা এনে সেগুলি অপচয় করেছে।' তিনি বলেন, 'আশা করছি দার্জিলিংগামী এই রাস্তা আগামীতে আরও উন্নত হবে এবং বিকল্প জাতীয় সড়কের কাজও দ্রুত শুরু হয়ে যাবে।'



*১১০ নম্বর জাতীয় সড়কের সংস্কারে কাজ চলছে রংটং-এর কাছে।*

## ১৯ বছর পর বাড়ি ফিরলেন রবিউল



**কালিয়াচক, ২৬ জুন :** ১৯ বছর নিখোঁজ থাকার পর অবশেষে বাড়ি ফিরলেন এক ব্যক্তি। কালিয়াচকের সিলামপুর-২ গ্রাম পঞ্চায়েতের বাহাদুরপুরের ঘটনা। ওই ব্যক্তির নাম রবিউল ইসলাম (৪৫)। মানসিক ভারসাম্যহীন রবিউল কোনওভাবে পৌঁছে গিয়েছিলেন মুম্বইয়ে। স্মৃতি হারিয়ে ফেলেছিলেন তিনি। পরবর্তীতে মুম্বইয়ের হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। চিকিৎসায় সুস্থ হয়ে ওঠেন। সম্প্রতি তাঁর স্মৃতি ফিরে আসে। মুম্বইয়ের এক স্বেচ্ছাসেবী সংস্থার তরফে তাঁর বাড়ি ফেরার ব্যবস্থা করা হয়। বুধবার বাড়ি ফেরেন রবিউল। নিখোঁজ হওয়ার সময় বেঁচে ছিলেন তাঁর বাবা-মা। বছর দশেক আগে দুজনেই মারা যান। রবিউল নিখোঁজ হওয়ার পর স্ত্রী রুলি বিবি একমাত্র সন্তান নাজমা খাতুনকে নিয়ে চলে আসেন তাঁর বাবার বাড়িতে কালিয়াচকের কাশিমনগরে। খবর পেয়ে রুলি ও তাঁর মেয়ে ছুটে আসেন রবিউলকে দেখতে। পঞ্চায়েত সমিতির স্থানীয় সদস্য মরতুজ শেখ বলেন, 'রবিউল বাড়ি ফিরে আসায় আমরা খুশি। আপাতত তাঁর থাকা, খাওয়ার ব্যবস্থা করছেন গ্রামবাসী।'

## বিপাকে পরিযায়ী শ্রমিকরা

# ওড়িশায় আটক বঙ্গের ২০

**সৌরভকুমার মিশ্র ও পরাগ মজুমদার**

**হরিশ্চন্দ্রপুর ও বহরমপুর, ২৬ জুন :** বাংলাদেশি সন্দেহে হরিশ্চন্দ্রপুর থানা এলাকার মশালদহ গ্রাম পঞ্চায়েতের তালগাছি গ্রামের ১৯ জন ও মুর্শিদাবাদের হরিহরপাড়ার ১ জন পরিযায়ী শ্রমিককে আটক করা হয়েছে। বুধবার ওড়িশায় কটক জেলার মাহঙ্গা এলাকা থেকে স্থানীয় পুলিশ ও প্রশাসন তাঁদের আটক করে। তাঁরা সবাই কটকের নানা এলাকায় নানা সামগ্রী ফেরির কাজ করেন। সেখানে এক ক্যাম্পে তাঁদের রাখা হয়েছে বলে অভিযোগ। গত বছরই এই তালগাছি এলাকার কয়েকজনকে বাংলাদেশি সন্দেহে ওই এলাকায় নিগ্রহ করা হয়েছিল। বুধবার দুপুরে তালগাছি এলাকার পরিযায়ী শ্রমিকের পরিবারের সদস্যরা সংশ্লিষ্ট এলাকার বাসিন্দা পঞ্চায়েত সমিতির সভাপতি রিজিয়া সুলতানার কাছে অভিযোগ জানান। বিডিও তাপসকুমার পাল জেলা শাসককে এ বিষয়ে অবগত করেন। ওই শ্রমিকদের উদ্ধার করতে প্রশাসন উদ্যোগী হয়েছে।

হরিশ্চন্দ্রপুর ২ নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি রিজিয়া সুলতানা বললেন, 'তালগাছি গ্রামের যে ১৯ জনকে আটক করা হয়েছে তাঁরা সবাই ফেরিওয়ালা হিসেবে দীর্ঘদিন ধরে ওড়িশায় কাজ করেন। বাংলা ভাষায় কথা বললেই কেউ তো আর বাংলাদেশি হয়ে যায় না। ওঁদের উদ্ধারের ব্যবস্থা করা হচ্ছে।' স্থানীয় বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী তাজমুল হোসেনের আশ্বাস, 'এবিষয়ে ইতিমধ্যেই রাজ্য পরিযায়ী শ্রমিক উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান মহম্মদ সামিরুল ইসলামের সঙ্গে কথা হয়েছে। ওই শ্রমিকরা ওড়িশার ক্যাম্পে রয়েছেন। সেখানকার সরকারের সঙ্গে কথা চলছে। অবিলম্বে ওই শ্রমিকদের ঘরে ফেরানো হবে।' এবিষয়ে সরকারিভাবে সমস্ত রকম উদ্যোগ নেওয়া হচ্ছে বলে জেলা শাসক নীতিন সিংহানিয়া জানিয়েছেন।

জিজ্ঞাসাবাদের জন্য ওই এলাকায় থাকা ৫০-৬০ জন পরিযায়ী শ্রমিককে বুধবার সকালে ওড়িশার মাহাঙ্গা থানায় ডেকে পাঠানো হয়। তারপর তাঁদের আটক করা হয়। আটক শ্রমিকদের মধ্যে ১৯ জন মালদা জেলার হরিশ্চন্দ্রপুরের তালগাছি এলাকার বাসিন্দা। আটক শ্রমিক মজিবুর রহমানের বাবা মোহাম্মদ ইয়াসিন বলেন, 'যাঁরা কাজের জন্য ওড়িশায় গিয়েছেন তাঁদের সবার কাছে ভারতীয় পরিচয়পত্র রয়েছে। তা সত্ত্বেও বাংলাদেশি বলে অভিযোগ তুলে তাঁদের আটকে রাখা হয়েছে। এর জেরে আমরা খুবই চিন্তায় পড়েছি। যতক্ষণ না ওঁদের ঘরে ফেরানো হচ্ছে ততক্ষণ আমাদের স্বস্তি নেই।' ওড়িশায় গিয়ে বহরমপুর মহকুমার অন্তর্গত হরিহরপাড়ার হতদরিদ্র পরিবারের সদস্য পেশায় দিনমজুর জালিম শেখও আটক হয়েছেন। পরিবারের সদস্যরা বিপাকে পড়েছেন। স্বামীকে ঘরে ফেরাতে জালিমের স্ত্রী ময়না বিবি প্রশাসনের দ্বারে দ্বারে ঘুরছেন। তৃণমূল কংগ্রেসের অঞ্চল সভাপতি সোহেল রানা এভাবে শ্রমিকদের আটক করার ঘটনার নিন্দা করেছেন।

শ্রমিক ঐকমত্য সংগঠনের রাজ্য সাধারণ সম্পাদক আসিফ ফারুক বললেন, 'শুধু মালদাই নয়, এরাজ্যের বিভিন্ন প্রান্তের শ্রমিকরা ওড়িশার নানা জায়গায় হেনস্তার শিকার হচ্ছেন। বাংলাদেশি বলে অপবাদ দিয়ে তাঁদের আটক করা হচ্ছে। সমস্যা মেটাতে পুলিশ ও প্রশাসনকে যাবতীয় ব্যবস্থা নিতে হবে।'



*হরিশ্চন্দ্রপুরে তালগাছি গ্রামে উদ্বিগ্ন শ্রমিকদের পরিবার।*

### ক্যাম্পে ঠাঁই

- কটক জেলার মাহঙ্গা এলাকায় বহু পরিযায়ী শ্রমিক আটক
- তাঁদের সেখানকার এক ক্যাম্পে আটকে রাখা হয়েছে বলে অভিযোগ
- খবর পাওয়ার পর ওই শ্রমিকদের পরিবারগুলিতে দুশ্চিন্তা ছড়িয়েছে
- আটক শ্রমিকদের বাড়ি ফেরানোর চেষ্টা করা হচ্ছে বলে প্রশাসন জানিয়েছে

## মহাকালীর সাজে



*আষাঢ় যাত্রা-বোনালু উৎসবে। হায়দরাবাদের গোলকোন্ডা ফোর্টে। বৃহস্পতিবার।*

## গাড়ি উলটে আহত চালক

**রাজগঞ্জ, ২৬ জুন :** বৃহস্পতিবার সন্ধ্যায় তালমা মোড়ের কাছে গাড়ি উলটে এক চালক আহত হন। কুণাল সরকার নামে ওই ব্যক্তি তালমার কাছেই রাখালদেবী এলাকার বাসিন্দা। দুর্ঘটনার পর স্থানীয় বাসিন্দারা তাঁকে উদ্ধার করে জলপাইগুড়ি সুপারস্পেশালিটি হাসপাতালে নিয়ে যান। বর্তমানে ওই তরুণ সেখানে চিকিৎসাধীন। রাজগঞ্জ ট্রাফিক পুলিশের অনুমান, নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি উলটে যায়।

## মৃতদেহ উদ্ধার

**কিশনগঞ্জ, ২৬ জুন :** বৃহস্পতিবার সকালে কিশনগঞ্জ জেলার পাহাড়কাটটা থানা এলাকায় সারাদিঘি গ্রামের চাষের জমিতে এক অজ্ঞাতপরিচয় তরুণের মৃতদেহ উদ্ধার হয়। পাহাড়কাটটা থানার আইসি ধনজি কুমার ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কিশনগঞ্জ সদর হাসপাতালে পাঠান। তদন্ত চলছে।

# মেখলিগঞ্জে তিনবিঘা শহিদ স্মরণ

**দীপেন রায়**

**মেখলিগঞ্জ, ২৬ জুন :** তিনবিঘা আন্দোলনের শহিদদের স্মরণে বৃহস্পতিবার মেখলিগঞ্জে পালিত হল তিনবিঘা শহিদ দিবস। ১৯৯২ সালের ২৬ জুন তিনবিঘা করিডর হস্তান্তরের দিন আন্দোলন করতে গিয়ে পুলিশের গুলিতে শহিদ হন মেখলিগঞ্জ ব্লকের ফুলকাডাবরির ক্ষীতেন অধিকারী ও কুচলিবাড়ির জীতেন রায়। তার আগে ১৯৮৬ সালে তিনবিঘা জমি অধিগ্রহণের প্রতিবাদ জানাতে গিয়ে শহিদ হন সুধীর রায়। তাঁদের স্মরণে প্রতিবছর ২৬ জুন শহিদ দিবস পালিত হয়।

এদিন শহিদ বেদিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান তৃণমূল, বিজেপি, ফরওয়ার্ড ব্লক, এসইউসিআই (কমিউনিস্ট) সহ বিভিন্ন দলের নেতা-কর্মী ও সমাজসেবী সংগঠনের সদস্যরা।

তিনবিঘা সংগ্রাম কমিটির সম্পাদক তথা তৃণমূল বিধায়ক পরেশচন্দ্র অধিকারী বলেন, 'তিনবিঘা আন্দোলন এখনও শেষ হয়নি। ছিটমহল বিনিময় হলেও বাংলাদেশের দহগ্রাম-অঙ্গারপোঁতা সহ বেশ কয়েকটি ছিট এখনও ভারতের সঙ্গে যুক্ত হয়নি। যতদিন না এসব ছিট ভারতের অন্তর্ভুক্ত হচ্ছে, ততদিন আন্দোলন চলবে।'

একই কথা শোনা গেল বিজেপি নেতাদের মুখেও। দলের জলপাইগুড়ি জেলা সভাপতি শ্যামল রায়, প্রাক্তন সভাপতি বাপি গোস্বামী, সাধারণ সম্পাদক দধিরাম রায়, মণ্ডল সভাপতি বিমল রায় সহ অন্য নেতারা বেদিতে মালা দেন। তারপর দধিরাম রায় বলেন, 'দহগ্রাম-অঙ্গারপোঁতাকে ভারতের অন্তর্ভুক্ত করে করিডর তুলে দেওয়ার দাবি আমরা কেন্দ্রের কাছে জানাব।'

তবে সরকারি অবহেলায় ক্ষুব্ধ শহিদদের পরিবার। ক্ষীতেনের স্ত্রী আরতি অধিকারী বলেন, 'শহিদদের সন্তানদের চাকরির আশ্বাস দেওয়া হলেও তা আজও পূরণ করেনি।' সুধীরের ছেলে ভূপেনের কথায়, 'মা খুব কষ্ট করে বড় করেছেন, কিন্তু প্রশাসন বা রাজনৈতিক নেতারা আমাদের খোঁজ রাখেননি।' যদিও এ নিয়ে রাজনৈতিক নেতারা মুখ খোলেননি।

এদিন কাংড়াতলি কালচারাল ক্লাবের সদস্যরা শহিদ পরিবারের হাতে নতুন বস্ত্র ও গাছের চারা তুলে দেন। শহিদ বেদিও পরিষ্কার করা হয় ক্লাবের উদ্যোগে। তবে স্থানীয়দের অভিযোগ, সারাবছর বেদি পড়ে থাকে অবহেলায়। বছরের বাকি সময় কেউ খোঁজ রাখেন না।

## মাদক সহ ধৃত ২

**কিশনগঞ্জ, ২৬ জুন :** গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ এক কোটি টাকার হেরোইন বাজেয়াপ্ত করল। এই ঘটনায় যুক্ত থাকার অভিযোগে পুলিশ বলিরাম চৌরাসিয়া এবং ললিতা পাসোয়ান নামে দুজনকে গ্রেপ্তার করেছে। বৃহস্পতিবার সাংবাদিক সম্মেলনে পুলিশ সুপার সাগর কুমার জানান, গোপন সূত্রে খবর পেয়ে জাতীয় সড়কে বিভিন্ন গাড়িতে তল্লাশি চালানো হয়। তল্লাশির সময় একটি দামি গাড়ি থেকে এক কেজি হেরোইন বাজেয়াপ্ত করা হয়। এই মাদক মণিপুর থেকে মধ্যপ্রদেশে পাচার করা হচ্ছিল বলে পুলিশের অনুমান। ধৃতদের আদালতে পেশ করা হলে বিচারক তাদের ১৪ দিনের বিচারবিভাগীয় হেপাজতের নির্দেশ দেন।

## নাবালক উদ্ধার

**কিশনগঞ্জ, ২৬ জুন :** কিশনগঞ্জ রেলস্টেশনের দুই নম্বর প্ল্যাটফর্মে আরপিএফ বুধবার রাতে সন্দেহজনকভাবে ঘুরতে থাকা একজন উত্তরপ্রদেশের নাবালককে উদ্ধার করে। আটক নাবালক ইটাহ জেলার বাসিন্দা। নাবালক রেল পুলিশকে জানায়, ২১ জুন পারিবারিক বিবাদের কারণে সে বাড়ি থেকে পালিয়েছিল। অপরদিকে নাবালকের বাবা উত্তরপ্রদেশের নদওলি পুলিশ থানায় নিখোঁজ ডায়েরি করেছিলেন। আরপিএফ নাবালক উদ্ধারের ঘটনা উত্তরপ্রদেশের পুলিশকে জানায়। পরে কিশনগঞ্জ চাইল্ড লাইনের মাধ্যমে নাবালককে অভিভাবকের হাতে তুলে দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।

## বন্ধ বাড়িতে নরকঙ্কাল

*প্রথম পাতার পর*

টেমিতে পাসাংয়ের প্রথমপক্ষের স্বামীর বাড়ি। সেই বাড়ি থেকে কিছুটা দূরেই ভাড়াবাড়িতে থাকতেন ধনঞ্জয়। পরবর্তীতে পাসাংকে বিয়ে করেন তিনি। তাঁদের ১৩ বছরের এক সন্তানও রয়েছে। পরিবার সূত্রে খবর, পাসাং নামচির একটি প্রাথমিক স্কুলে পড়াতেন। স্কুলে যাওয়া বন্ধ করার পাশাপাশি ফোনে তাঁকে না পাওয়া যাওয়ায় অগাস্টের মাঝামাঝিতে প্রথমপক্ষের বাড়িতে চিঠি পাঠায় স্কুল কর্তৃপক্ষ। বারবার চিঠি আসতে থাকায় সন্দেহ হয় অশোকের। ধনঞ্জয়ের ভাড়াবাড়িতে গিয়ে খোঁজ করে জানতে পারেন, সেখানে কেউ নেই। এরপরই থানায় মিসিং ডায়েরি করার সিদ্ধান্ত।

পুলিশের অনুমান, সন্তানকে নিয়েই উধাও হয়ে গিয়েছেন ধনঞ্জয়। যে ঘর থেকে এদিন কঙ্কাল উদ্ধার হয়েছে, তার ঠিক পাশের ঘরের দেওয়ালে রক্তের দাগও পেয়েছে পুলিশ। এমনকি ওই ঘরও লন্ডভন্ড। সেখানে ছড়িয়ে ধনঞ্জয়ের বিভিন্ন আইডি। তাছাড়া বাড়ির মূল দরজার বাইরে তালা লাগানো ছিল। প্রশ্ন উঠছে, তাহলে কি ওই মহিলার মৃত্যুর সময় ভেতরে কেউ ছিল? মৃত্যুর পরই কি সে বা তারা বাড়ির বাইরে তালা মেরে পালিয়ে গিয়েছে?

স্থানীয় সূত্রে খবর, ধনঞ্জয় মাসকয়েক আগেও ওই বাড়ির সামনে ঘোরাঘুরি করেছেন। স্থানীয় পরিচিত এক ব্যক্তিকে নাকি তিনি বলেছিলেন, বাড়িটি দেখে রাখার জন্য। সেক্ষেত্রে ওই ব্যক্তির সঙ্গেও কথা বলছে পুলিশ।

গোটা ঘটনায় তাজ্জব আশপাশের এলাকার বাসিন্দারা। এলাকার বাসিন্দা অনুজ তামাং বললেন, 'এলাকায় অল্প অল্প গন্ধ ছড়াত। আমরা বুঝিনি, এভাবে ঘরে মানুষের দেহ পচছে। তাহলে তো আগেই পুলিশকে জানাতাম।'

প্রধাননগর থানার আইসির কথায়, 'ওঁর শরীরে কোনও আঘাত হলেও সেটা এখন বোঝা যাবে না। তাই ময়নাতদন্তের রিপোর্টের ওপরই ভরসা করতে হবে আমাদের।'

# বিধানসভার আভিজাত্য

*প্রথম পাতার পর*

স্যর হয়েছেন। তিনি বেঁচে থাকলে এখনকার বাঙালি নেতাদের খেলা বুঝতেন, অঙ্কও বুঝতেন। নজরে শুধু ক্ষমতা যে!

বিধানসভায় তৃণমূল কংগ্রেস এবং বিজেপির সদস্যদের কথাবার্তা, কাজকর্ম, অঙ্গভঙ্গি বাঙালির পক্ষে পীড়াদায়ক লজ্জা। এটাই কি বাঙালির স্বরূপ? দিনকয়েক আগে ধাক্কাধাক্কিতে চশমা ভাঙল কারও, ভাঙল হাতঘড়ি, মহিলা নিরাপত্তারক্ষীদের গায়ে হাত পড়ল সেখানে। কী উদাহরণ রাখছি আমরা? ভোটে জেতা বিধায়ক নেতারাই যদি এরকম করেন, তাহলে তো জেতার পর গ্রামের কর্মীরা বোমাটোমা ছোড়ার সাহস পাবেনই!

বিজেপির বিধায়কদের মারে জখম হলেন বিধানসভার মহিলা কর্মীরা। ওদিকে তৃণমূল কর্মীরা জয়ের আনন্দে বোমা ছুড়ে মেরেই ফেলল এক নিষ্পাপ নাবালিকাকে।

রাজ্যের যা পরিস্থিতি, তাতে আগামী নির্বাচনে এই দুটো পার্টিরই কেউ রাজ করবে। তাহলে আমরা মানুষ কাদের ওপর ভরসা করব? দুটো পার্টির অধিকাংশ বিধায়কের মুখের ভাষা আপনার পছন্দ নয়। শারীরিক অঙ্গভঙ্গিতে অনেকে আবার মনে করিয়ে দেন পাড়ার নগা-জগা-খগাকে। এরা কী শিক্ষা দেবেন স্থানীয় মাস্তানকুলকে? পরিবেশ তো সেই একই থেকে যাবে! দাদাগিরি তো সেই একই থেকে যাবে!

বাঙালির ভদ্রতা বোধের সংজ্ঞা নতুন করে লিখতে হচ্ছে এই নেতাকুলের জন্যই। এঁরা পালটে দিচ্ছেন রুচি, পালটে দিচ্ছেন ভাষা। সবচেয়ে আতঙ্কের, বাংলার বাইরে অবাঙালিদের কাছে বাংলার ভাবমূর্তির তেরোটা বেজে গিয়েছে। আমাদের ধর্মনিরপেক্ষতার চিন্তাধারা ও ভাবনা পথে লুটোপুটি খাচ্ছে এখন। বোমায় নাবালিকার মৃত্যুও আমরা অতি সহজে মেনে নিচ্ছি।

ঘুমায়, ঘুমায় সেই বালিকা। আর আমাদের অনেকে সেখানেও খুঁজতে থাকে ধর্ম। যে মারা গিয়েছে সে কোন ধর্মের যেন? হিন্দু হলে এক প্রতিক্রিয়া, মুসলিম হলে আরেকরকম। এ এক অদ্ভুত পরিবেশ, এখানে এক উচ্চশিক্ষিত অতীব সৎ ভদ্রলোক রাজনীতিতে ঢুকলে দু'বছরের মধ্যে আমূল পালটে বেরোন। ডক্টরেটদের মুখের ভাষা, অঙ্গভঙ্গিতেও বাসা বাঁধে উগ্রতা। যে কাউকে জুতো ছুড়ে মেরে দিতে পারেন তাঁরা। তাহলে রাজনীতিতে এসে আমার মনুষ্যত্বের অবনতিই হল।

মনে করার আপ্রাণ চেষ্টা চালাই, বিধানসভায় গত চার বছরে কোনও ভালো বক্তৃতা হয়েছে? তথ্য, তত্ত্ব, রসিকতা বোধ ও গভীরতার বিচারে যা মনে রেখে দেব আজীবন। বাংলার স্বার্থে সৌজন্য দেখিয়ে দু'পক্ষ এক হয়েছে কখনও? সংসদে হীরেন মুখোপাধ্যায়, ভূপেশ গুপ্ত, জ্যোতির্ময় বসু, সোমনাথ লাহিড়ি, সোমনাথ চট্টোপাধ্যায়, প্রিয়রঞ্জন দাশমুন্সির মতো বাঙালি বাগ্মীরা মুগ্ধ করেছেন গোটা ভারতকে। বিধানসভাও দেখেছে এমনই কিছু অসাধারণ মুখ। তেমন ঈর্ষণীয় ভাষণ আর শোনা যায় না কেন? শুধু পারস্পরিক হিংস্র ঠোকাঠুকি। এর জন্য তো বিধানসভার দরকার পড়ে না। ময়দানে শহিদ মিনারের পাশে চাঁদোয়া টাঙিয়ে এসব করলেই হয়।

বোমায় মৃত বালিকা মুসলিম হলে শুভেন্দু ও বিজেপির এক রকম প্রতিক্রিয়া, হিন্দু হলে আরেকরকম। বিজেপি কর্মী নিহত হলে তৃণমূলও চলে যায় বিজেপিসুলভ দ্বিচারিতায়। এসব কি বাংলার ভাবমূর্তির সঙ্গে মেলে? হয়তো আজকের হরেকরকমবার বাংলার সঙ্গে মেলে। আজকের বিধানসভায় অশোক লাহিড়ি বা মানস ভুঁইয়াদের কোনও তথ্যনিষ্ঠ, যুক্তিপূর্ণ ভাষণ আর গুরুত্ব পায় না। মিডিয়ার কাছেও নয়, শাসক বা বিরোধীর কাছেও নয়। এখানে বাজার গরম করা উদ্ধৃতিই গুরুত্ব পায়। পেছনে চলে যায় বাংলার ভবিষ্যৎ।

আসলে বিধানসভার আভিজাত্য, মর্যাদাই নষ্ট করে দিয়েছে রাজ্যের প্রধান দুটো পার্টি। রাজ্যের সামগ্রিক উন্নতিতে গভীর আন্তরিক আলোচনা কোনও পক্ষকেই করতে দেখা যায়নি। অন্য দুটো দলের পাত্তা নেই। সিপিএম বেঁচে আছে স্রেফ সোশ্যাল মিডিয়ায়। কংগ্রেস বেঁচে শুধু মালদা-মুর্শিদাবাদের কিছু অংশে। মানুষ অবশ্যই ধাঁধায় পড়তে বাধ্য, ভোট কাকে দেবে।

মমতার দাদা-ভাইদের দাদাগিরি, শুভেন্দুর তিলক কাটা হিন্দুত্বের পাটিসাপটা দেখে দেখে বহু মানুষ ক্লান্ত। বিজেপি বিধায়করা সভা করছেন হিন্দিতে পোস্টার লিখে। হিন্দি শব্দ এনে। শাসক নেতারা নিত্যনতুন নিয়ম বানাচ্ছেন নিজেদের স্বার্থে। সেদিন হতভম্ব হয়ে দেখলাম, ক্রীড়ামন্ত্রী নিজেই যাবতীয় নিয়ম ভেঙে প্রকাশ্যে ঘোষণা করে দিলেন, সন্তোষ ট্রফিতে বাংলার কোচ কে হবেন। মুখ্যমন্ত্রী যেমন ঠিক করে দিচ্ছেন সিএবি, মোহনবাগান, ইস্টবেঙ্গলে কে ক্ষমতায় বসবেন। এসব কি এঁদের কাজ? এখনই বলে দেওয়া যায়, ছাব্বিশের নির্বাচনে নোটায় ভোটের সংখ্যা বাড়বে অনেক।

সোজা বাংলায় বাংলার পরিস্থিতি কী দাঁড়াল, আর একবার ভাবি। হিন্দু-মুসলিম, জয় শ্রীরাম, জয় জগন্নাথ, রাজ্যপাল ও কেন্দ্রের বঞ্চনা ছাড়া কোনও দৃষ্টান্তমূলক মনকাড়া আলোচনা শুনি না বিধায়কদের মুখে। ওঁরা আমাদের শোনাতে পারেননি। আমরা বুঝে গেছি, বিধানসভায় ভাষণ দিতে গেলে আর বিশেষ হোমওয়ার্কের দরকার হয় না। দলনেতা বা দলনেত্রী যে তারে বেঁধে দেবেন, সেই রুটিন কথাগুলো বললেই কাম খতম। শুধু অপরপক্ষকে ঠুকে যাও।

বিধানসভায় হাতাহাতি, গালাগালি, কুৎসার উৎসব হলেই এখন বেশি প্রচার ও প্রসার। সৌজন্যবোধের জায়গা নেই। ৩৩ বিঘার ওপর দু'বছর সাত মাস ধরে তৈরি হয় বিধানসভা ভবন। প্রধান স্থপতি জে গ্রিভস সাহেব বেঁচে থাকলে ভাবতেন, দরকার কী ছিল বাড়িটা এত রাজকীয়ভাবে বানানোর?

গণতন্ত্রের মন্দির এই রাজকীয় ভবনে গুন্ডাগিরি, দাদাগিরি মানায় না।

# বিহার বাহানা, বাংলা নিশানা

*প্রথম পাতার পর*

১৯৮৭-র ১ জুলাই থেকে ২০০৪-এর ১২ ডিসেম্বরের মধ্যে জন্ম হয়ে থাকলে শুধু নিজের নয়, বাবা-মায়ের মধ্যে যে কোনও একজনের ওইসব প্রামাণ্য নথি জমা দিতে হবে। কিন্তু ২০০৪-এর ১২ ডিসেম্বরের পর জন্ম হয়ে থাকলে বাবা ও মা, দুজনেরই ওই দুই নথি পেশ করা বাধ্যতামূলক। না পারলে ভোটার তালিকায় নাম উঠবে না। আগে উঠে থাকলে নাম বাদ যেতেও পারে।

মমতার অভিযোগ, ভোটার তালিকার সার্বিক সংশোধনের নামে নাগরিকদের ন্যাশনাল রেজিস্টার (এনআরসি) করাতে চাইছে কেন্দ্রীয় সরকার। তিনি বলেন, 'আমি ওদের খেলা বুঝতে পারছি না। গরিব মানুষ কোথা থেকে বাবা-মায়ের সার্টিফিকেট দেবে? আজকের প্রজন্ম কি ভোটাধিকার পাবে না? এটা তো এনআরসি'র চেয়েও বিপজ্জনক।'

মুখ্যমন্ত্রী বলেন, 'আমাদের অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জন্ম ১৯৮৭ সালের নভেম্বর মাসে। ওঁর বাবা-মায়ের জন্ম সার্টিফিকেট কীভাবে পাবে? এটা নাকি কমিশনের ডিক্লারেশন ফর্ম। গোটা বিষয়টিতে বিরাট ঘাপলা রয়েছে। আরও ঘাপলা বের হবে। এরা বাংলাকে নিশানা করেছে। তালিকা থেকে প্রকৃত ভোটারদের বাদ দিয়ে বাইরে থেকে নাম ঢোকাবে। ২ জুন ওরা এটা বাজারে ছেড়েছে। আসলে যেখানে ওরা দুর্বল, সেখানে এই স্ক্যাম করে জয়ের চেষ্টা করছে।'

এই অভিযোগ উড়িয়ে দিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী পালটা বলেন, 'মুখ্যমন্ত্রী বুঝে গিয়েছেন, রোহিঙ্গাদের নাম তালিকা থেকে বাদ যাচ্ছে। নির্বাচন কমিশন যে সংস্কার শুরু করেছে, তাকে আমরা স্বাগত জানাই। আমাদের দাবি, সচিত্র পরিচয়পত্রের সঙ্গে বায়োমেট্রিক, আধার ইত্যাদির লিংক করা হোক। কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করানো হোক। ভোটগ্রহণ থেকে শুরু করে ভোটগণনা পর্যন্ত প্রতি ধাপে কেন্দ্র এবং রাজ্য সরকারি কর্মচারীদের সমন্বয় করে ভোট হোক।'

মহারাষ্ট্রের ভোটে কারচুপি করেছিল বলে অভিযোগ করেছিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধি। বিহারে কমিশনের ভূমিকা নিয়ে এখন সরব আরজেডি নেতা তেজস্বী যাদব। মমতা বৃহস্পতিবার সমস্ত রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধ হয়ে নির্বাচন কমিশনের এই বিজ্ঞপ্তির বিরুদ্ধাচরণ করার ডাক দিলেন দিঘা থেকে। তিনি বলেন, 'এর আগে হরিয়ানার ভোটারদের দিয়ে এই রাজ্যের তালিকা ভরিয়ে দিয়েছিল। এর পিছনে বিজেপি রয়েছে।' সার্বিক ভোটার তালিকা সংশোধনে বাড়ি বাড়ি সমীক্ষা করবেন বুথ লেভেল অফিসাররা। তাঁরা একটি ফর্ম দেবেন, যে ফর্মে ভোটারদের সমস্ত তথ্য, ঠিকানা, সচিত্র পরিচয়পত্রের নম্বর ইত্যাদি ও প্রামাণ্য নথি দেওয়া বাধ্যতামূলক। বুথ লেভেল অফিসাররা সেই ফর্ম সংগ্রহ করবেন। পরে সেই ফর্মের তথ্য যাচাই করবে নির্বাচন কমিশন। কোনও ভোটার চাইলে অনলাইনে ওই ফর্ম পূরণ করে নথি আপলোড করতে পারবেন।

মুখ্যমন্ত্রী প্রশ্ন করেন, 'যাঁরা প্রান্তিক মানুষ, তাঁরা বাবা-মায়ের জন্ম সার্টিফিকেট কোথা থেকে পাবেন? যাঁরা হকার, সাধারণ খেটে খাওয়া মানুষ, তাঁরা কীভাবে এই সার্টিফিকেট পাবেন?' বিজেপির নাম না করে তিনি বলেন, 'আপনি হেরে যাচ্ছেন। তাই কি এসব করা হচ্ছে? জনগণকে বলব, আপনার নাম ভোটার তালিকায় রয়েছে কি না, ভালো করে দেখে নিন। অনেক বড় ষড়যন্ত্র হচ্ছে।'

বুথ স্তরের দলীয় কর্মীদের তথ্য ইতিমধ্যে রাজনৈতিক দলের কাছে চেয়েছে নির্বাচন কমিশন। তাতেও আপত্তি তৃণমূল নেত্রীর। তাঁর বক্তব্য, 'আমি কেন বুথ স্তরের এজেন্টদের তথ্য দিয়ে দলের গোপনীয়তা জানিয়ে দেব? এটা মারাত্মক।'




# আকাশ-গৌরবদের নিয়ে নতুন স্বপ্ন শিলিগুড়ির

**ভাস্কর সাহা**

**শিলিগুড়ি, ২৬ জুন :** শিলিগুড়ির প্রথম ক্রিকেটার হিসেবে জাতীয় দলে জায়গা পেয়েছিলেন ঋদ্ধিমান সাহা। নিজেকে দেশের অন্যতম সেরা উইকেটকিপারের উচ্চতায় নিয়ে গিয়েছিলেন। সেই ঋদ্ধি এখন অবসর গ্রহের বাসিন্দা। স্বাভাবিকভাবে প্রশ্ন জাগে, পাপালির পর শিলিগুড়ি থেকে কাদের মধ্যে সর্বোচ্চ পর্যায়ের ক্রিকেটে নিজেকে প্রমাণ করার সম্ভাবনা রয়েছে? কাদের নিয়ে স্বপ্ন দেখা যায়? সেই তালিকায় উঠে এসেছে গৌরব মুন্ডা, আকাশ তরফদার, তুফান রায়দের নাম।

চলতি মাসে সিএবি-র আন্তঃজেলা অনূর্ধ্ব-১৫ দু'দিনের ক্রিকেটে চ্যাম্পিয়ন হয়েছে শিলিগুড়ি। সেই দলে গৌরব, আকাশ, তুফান ছিল। তিনজনই শিলিগুড়ির অনূর্ধ্ব-১৫ দলের নিয়মিত সদস্য। ডানহাতি ওপেনিং ব্যাটার গৌরব বর্তমানে কল্যাণীর বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমিতে রাজ্য অনূর্ধ্ব-১৫ দলের ট্রায়ালে রয়েছে। বীরেন্দ্র শেহবাগের ভক্ত গৌরব প্রস্তুতির ফাঁকে বলেছে, 'রাজ্য দলের ট্রায়ালে নতুন অনেক কিছু শিখতে পারছি। এখানকার কোচরা ব্যাটিং অ্যাপ্রোচে কিছু পরিবর্তন আনার কথা বলেছেন। ওঁদের টিপস মেনেই অনুশীলন করছি।'

শিলিগুড়ি অনূর্ধ্ব-১৫ দল চ্যাম্পিয়ন হলেও টুর্নামেন্টে ব্যক্তিগত পারফরমেন্স খুব একটা আহামরি ছিল না গৌরবের। যা নিয়ে আফসোস রয়েছে তার। গৌরব বলেছে, 'অনূর্ধ্ব-১৫ প্রতিযোগিতায় প্রস্তুতিতে কিছু খামতি ছিল। যারজন্য যতটা ভালো পারফরমেন্স করব ভেবেছিলাম, সেটা হয়নি। বাংলা দলের ট্রায়ালে সেই ভুলগুলিকেই শোধরানোর চেষ্টা করছি।' শেহবাগের আক্রমণাত্মক ব্যাটিং ভালো লাগে গৌরবের। অনূর্ধ্ব-১৫ দলের সদস্য হলেও আগামীর লক্ষ্য স্থির করে ফেলেছে সে। আর পাঁচটা খুদে ক্রিকেটারের মতো গৌরবও স্বপ্ন দেখে, একদিন জাতীয় দলের জার্সি তার গায়ে উঠবে।

অনূর্ধ্ব-১৫ দু'দিনের ক্রিকেটে শিলিগুড়ির চ্যাম্পিয়ন দলের অধিনায়ক ছিল পেস বোলার আকাশ। ফাইনালে ৬২ বলে ৫৬ রানের ইনিংসের সঙ্গে বল হাতে জোড়া উইকেট নিয়ে আকাশ দলের জয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। চলতি বেঙ্গল প্রো টি২০ লিগে শিলিগুড়ি স্ট্রাইকার্স দলে রয়েছে আকাশ। অনুষ্টুপ মজুমদার, সুরজ সিন্ধু জয়সওয়ালদের মতো বাংলার রনজি ট্রফি দলের সদস্যদের সঙ্গে ড্রেসিংরুম ভাগ করে নেওয়ার সুযোগ পাচ্ছে সে। সেই অভিজ্ঞতাকেই আগামীদিনে পাথেয় করতে চায় আকাশ। বলেছে, 'শিলিগুড়ি স্ট্রাইকার্সে অনুষ্টুপদা (অনুষ্টুপ মজুমদার), সুরজদা (সুরজ সিন্ধু জয়সওয়াল)-দের মতো একাধিক অভিজ্ঞ ক্রিকেটার রয়েছেন। মেন্টরের ভূমিকায় রয়েছেন ঋদ্ধিদা (ঋদ্ধিমান সাহা)। ওঁরা নিয়মিত সাহায্য করছেন আমাকে। টি২০ ক্রিকেটে মানসিকতা কীরকম হওয়া উচিত, মাথা কীভাবে ঠান্ডা রাখতে হয়, ব্যাটারদের মাইন্ড কীভাবে রিড করতে হয়-এসব নিয়ে পরামর্শ পাচ্ছি ওঁদের থেকে। যা আমাকে আগামীদিনে সাহায্য করবে।'

টিম ইন্ডিয়ার পেসার ভুবনেশ্বর কুমার আদর্শ আকাশের। বলকে দু'দিকে সুইং করার ক্ষমতা রয়েছে ভুবির। সেই কৌশল রপ্ত করতে চায় আকাশ। সঙ্গে স্বপ্ন, অনূর্ধ্ব-১৯ জাতীয় দলে সুযোগ পাওয়া। বলেছে, 'ভুবনেশ্বর কুমারের ভক্ত আমি। ওঁর সুইং বোলিং ভালো লাগে। আমি শিলিগুড়ির অনূর্ধ্ব-১৫ দলে রয়েছি। বাংলা অনূর্ধ্ব-১৯ দলের হয়েও পুদুচেরিতে প্রতিযোগিতা রয়েছে। বাংলা অনূর্ধ্ব-১৯ দলে ভালো পারফরমেন্স করে ভারতীয় অনূর্ধ্ব-১৯ দলে জায়গা পাওয়াই লক্ষ্য আমার।'

অলরাউন্ডার তুফানও বর্তমানে কল্যাণীতে রাজ্য অনূর্ধ্ব-১৫ দলের ট্রায়ালে রয়েছে। বলেছে, 'আমি যেহেতু অলরাউন্ডার তাই ট্রায়ালে কোচরা ম্যাচ ফিনিশের উপর জোর দিতে বলছেন। ব্যাটিং, বোলিং-দুই বিভাগেই আরও উন্নতি করার চেষ্টা করছি।'

আকাশ, গৌরব, তুফানদের মধ্যে সম্ভাবনা দেখছেন মহকুমা ক্রীড়া পরিষদের ক্রিকেট সচিব ভাস্কর দত্ত মজুমদারও। বলেছেন, 'শিলিগুড়ির অনূর্ধ্ব-১৫ গোটা দলটাই ভালো। আকাশ, গৌরব, তুফান, যুবরাজ সিং-প্রত্যেকের মধ্যে সম্ভাবনা রয়েছে। ঋদ্ধিমান ধারাবাহিকভাবে পারফর্ম করে নিজেকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে গিয়েছিল। আকাশ, গৌরবরাও যদি সেই পথ অনুসরণ করে তাহলে সাফল্য না পাওয়ার কোনও কারণ নেই। সঙ্গে ধৈর্য রাখতে হবে। শচীন তেন্ডুলকার, সুনীল গাভাসকারও শূন্য রানে আউট হয়েছেন। তারপরও তাঁরা ভারতীয় ক্রিকেটের মুখ। তাই একবার ব্যর্থ হলেই যে সব শেষ তা ভাবার কারণ নেই। আকাশদের বলব, ধারাবাহিকতা বজায় রেখে পারফর্ম করতে।'


সম্ভাবনাময় তারা আকাশ-গৌরব-তুফান। ঋদ্ধিমানের পর এই তরুণ ক্রিকেট খেলোয়াড়দের নিয়ে চর্চা চলছে ক্রীড়ামহলে।

**তিন তারা**

- ঋদ্ধিমান সাহার পর গৌরব মুন্ডা, আকাশ তরফদার, তুফান রায়দের নিয়ে স্বপ্ন
- গৌরব এখন কল্যাণী বেঙ্গল ক্রিকেট অ্যাকাডেমিতে অনূর্ধ্ব-১৫ দলের ট্রায়ালে রয়েছে
- শিলিগুড়ির অনূর্ধ্ব-১৫ দলের অধিনায়ক ছিল পেস বোলার আকাশ, সম্প্রতি ওরা চ্যাম্পিয়ন হয়
- তুফানও এখন কল্যাণীতে অনূর্ধ্ব-১৫ দলের ট্রায়ালে রয়েছে


রথযাত্রা উপলক্ষ্যে রথখোলা মাঠে মেলার প্রস্তুতি। বৃহস্পতিবার শিলিগুড়িতে সূত্রধরের তোলা ছবি।

# ছক কষে ছিনতাই

## মহিলার গলার হার নিয়ে চম্পট

**প্রিয়দর্শিনী বিশ্বাস**

**শিলিগুড়ি, ২৬ জুন :** আগে থেকেই টার্গেট করা হচ্ছে ফাঁকা রাস্তা। রাস্তায় অভীষ্ট লক্ষ্যবস্তু পেলেই সুযোগ বুঝে ঝাঁপিয়ে পড়া। মুহূর্তের মধ্যেই চলে আসছে বাইক। এরপরই মহিলার গলার সোনার চেন ছিনতাই করে সোজা বাইকের পেছন সিটে। দুজন তরুণের এই অপারেশন মাত্র কয়েক মিনিটের। গত ২৪ ঘণ্টায় এভাবেই একাধিক ছিনতাইয়ের ঘটনায় নতুন করে আশঙ্কা তৈরি হয়েছে শহরের সাধারণ মানুষের মধ্যে। এনিয়ে থানায় দুটি অভিযোগও দায়ের হয়েছে।

সোশ্যাল মিডিয়ায় আরও দুটি পৃথক জায়গার ভিডিও ভাইরাল হয়েছে (উত্তরবঙ্গ সংবাদ তার সত্যতা যাচাই করেনি)। সেখানে দাবি করা হচ্ছে, একটি ঘটনা মেডিকেল মোড় সংলগ্ন রাস্তায়। আরেকটি ঘটনা চম্পাসারির কোনও এক রাস্তায়। বিষয়টা নজরে এসেছে পুলিশ প্রশাসনেরও। যদিও ভাইরাল হওয়া দুটি ভিডিওর পরিপ্রেক্ষিতে কোনও অভিযোগ এখনও হয়নি বলেই জানা গিয়েছে। শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের ডিসিপি (ওয়েস্ট) বিশ্বচাঁদ ঠাকুর বলেছেন, 'অভিযোগ হয়ে থাকলে অবশ্যই প্রয়োজনীয় তদন্ত করা হবে।' সেক্ষেত্রে ওই দুই ভিডিও পুরোনো কিংবা অন্য কোনও জায়গার কি না, সেটাও যাচাই করে দেখছে পুলিশ। সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক তৈরি করতে ভিডিওগুলো ফেক কি না, সেটাও যাচাই করা হচ্ছে।

ওই দুই ভিডিওর সঙ্গে বৃহস্পতিবার ভোরে শান্তিনগর বৌবাজার এলাকার বাসিন্দা বৃদ্ধা সন্ধ্যা কুণ্ডুর অভিজ্ঞতার মিল রয়েছে। সন্ধ্যা কুণ্ডু বলেন, 'ভোরবেলা বাড়ির সামনে উঠোন ঝাড় দেওয়ার সময় পাশের বাড়ির মহিলার সঙ্গে দেখা হয়। আমিও রাস্তায় বেরিয়ে তাঁর সঙ্গে কথা বলছিলাম।' ওই বৃদ্ধার অভিযোগ, 'লক্ষ করি, বাড়ির থেকে কিছুটা এগিয়ে একটি বাইক গিয়ে দাঁড়াল। বাইকচালকের মাথায় টুপি ছিল।' তিনি বলেন, 'আমি বিষয়টায় অত গুরুত্ব দিইনি। প্রতিবেশীর সঙ্গে কথা বলছিলাম। এরপরই হঠাৎ দেখি, রাস্তার উলটোদিক থেকে একটি ছেলে এসে আমার গলা চেপে মুহূর্তের মধ্যে গলার হার টেনে নিয়ে ওই বাইকে উঠে যায়। এরপর ওই বাইকটি দ্রুতগতিতে চলে যায়।'

বুধবার রাতে একইরকম ঘটনার অভিজ্ঞতা হয়েছিল লক্ষ্মী বিশ্বাসেরও। দুই ক্ষেত্রেই থানায় অভিযোগ দায়ের হয়েছে। অন্যদিকে, দুটি যে ভিডিও ভাইরাল হয়েছে তার মধ্যে দেখা যাচ্ছে, একই পদ্ধতিতে এক তরুণ মহিলার গলার হার ছিনতাই করছে। এরপরই বাইক চলে আসছে। এমনকি চম্পাসারির কথা বলে ভাইরাল হওয়া ভিডিওতে দেখা গিয়েছে, মহিলার গলার হার ছিনতাই করে তাঁকে ড্রেনে ফেলে দেওয়া হয়েছে। দিনদুপুরে মেডিকেল মোড় সংলগ্ন রাস্তাতেও একই ঘটনা ঘটেছে বলে একটি ভিডিওর মাধ্যমে দাবি করা হচ্ছে। এদিকে ওই দুই তরুণ কারা, তা নিয়ে ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করেছে।

ছিনতাইয়ের পাশাপাশি দক্ষিণ একতিয়াশাল এলাকায় বৃহস্পতিবার ভোরে এক বাড়িতে চুরির ঘটনা ঘটে। শংকর রায় নামের ওই বাড়ির মালিকের অভিযোগ, 'একটি মোবাইল, নগদ কিছু টাকা ও সাউন্ড সিস্টেম নিয়ে চোরেরা চম্পট দিয়েছে।' এমনকি পুলিশের ভূমিকা নিয়েও তিনি ক্ষোভ প্রকাশ করেছেন। তাঁর অভিযোগ, 'আশিঘর ফাঁড়িতে চুরির অভিযোগ করা হলে বারবার ঘোরানো হয়েছে। পরবর্তীতে পুলিশের তরফে আমাদের বলা হয়, চুরির অভিযোগ দায়ের না করে বাণেশ্বর মোড় থেকে হারিয়ে যাওয়ার অভিযোগ লিখতে।' যদিও শংকর শেষপর্যন্ত চুরির অভিযোগই দায়ের করেছেন। তবে গোটা ঘটনায় ফের একবার শহরের নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। পুলিশের এক পদস্থ কর্তার অবশ্য আশ্বাস, ওই দুই দুষ্কৃতীকে চিহ্নিত করা হয়েছে। দ্রুতই পুলিশের জালে চলে আসবে।


পরপর অপরাধ। (উপরে) মহিলার গলার হার ছিনতাইয়ের পর জটলা। (নীচে) চুরির পর দক্ষিণ একতিয়াশাল।

**দুই তরুণ**

- টার্গেট করে ফাঁকা রাস্তায় মহিলাদের গলার সোনার চেন ছিনতাই করা হচ্ছে
- শহরে এই অপারেশন চালাচ্ছে দুজন বাইক আরোহী বেপরোয়া তরুণ
- একজন গলা থেকে চেন ছিনতাই করছে, অপরজন বাইকে তাকে নিয়ে পালিয়ে যাচ্ছে
- সিসিটিভি ফুটেজে দেখা ওই দুই তরুণ কারা, তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে

## মিছিল

**শিলিগুড়ি, ২৬ জুন :** বৃহস্পতিবার আন্তর্জাতিক মাদকবিরোধী দিবসকে সামনে রেখে শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের থানাগুলোর তরফে সচেতনতামূলক র‍্যালি হয়। এদিন ভক্তিনগর থানার তরফে পিসি মিত্তাল বাস টার্মিনাস থেকে র‍্যালি বের হয়। দার্জিলিং জেলা জিম ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের উদ্যোগে অগ্রগামী সংঘ ও শিলিগুড়ি ভেটারেন্স প্লেয়ার্স অ্যাসোসিয়েশনের সহযোগিতায় পদযাত্রার আয়োজন করা হয়। বাঘা যতীন পার্কের সামনে থেকে ওই পদযাত্রা শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

## দুর্ঘটনা

**শিলিগুড়ি, ২৬ জুন :** বৃহস্পতিবার রাতে ফুলবাড়িতে বাইক ও পণ্যবাহী ছোট গাড়ির মুখোমুখি সংঘর্ষে গুরুতর আহত হলেন বাইকচালক। পণ্যবাহী ওই ছোট গাড়িটি রংসাইড দিয়ে যাচ্ছিল। তখন বাইকের সঙ্গে সংঘর্ষ হয়। ঘটনার পর বাইকচালককে উদ্ধার করে স্থানীয় একটি নার্সিংহোমে নিয়ে যাওয়া হয়। তদন্ত শুরু করেছে এনজেপি থানার পুলিশ।

## বিক্ষোভ

**শিলিগুড়ি, ২৬ জুন :** যোগ্য শিক্ষক ও শিক্ষাকর্মীদের সসম্মানে স্কুলে ফেরাতে এবং দুর্নীতিগ্রস্তদের শাস্তির দাবিতে বিদ্যালয় পরিদর্শকের অফিসে অভিযান করল এআইডিএসও। বৃহস্পতিবার সংগঠনের তরফে শিলিগুড়ি শিক্ষা জেলার স্কুল পরিদর্শকের অফিসের সামনে বিক্ষোভ দেখানো হয়। পাশাপাশি ২০২০ সালের নতুন শিক্ষানীতি বাতিলের দাবি করা হয়।

## সংবর্ধনা

**শিলিগুড়ি, ২৬ জুন :** পেনশনার্স সংগঠনের রাজ্য শাখায় সুযোগ পাওয়া দার্জিলিং জেলার পাঁচজনকে সংবর্ধনা জানাল পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশনের দার্জিলিং জেলা কমিটি। বৃহস্পতিবার সন্ধ্যায় দীনবন্ধু মঞ্চের রামকিঙ্কর হলে এই সংবর্ধনা সভা হয়।

## ওপড়াল পোস্ট

**শিলিগুড়ি, ২৬ জুন :** ট্রাকের ধাক্কায় সেবক রোডের পাঞ্জাবিপাড়া মোড় এলাকায় থাকা ট্রাফিক পোস্ট উপড়ে পড়ে। ঘটনায় জেরে যান চলাচলে সমস্যা হয়। স্থানীয়রাই সেই পোস্ট রাস্তা থেকে তুলে সরিয়ে দেন।

# গুণ্ডিচা মার্জনের পর প্রস্তুত শহর

**পারমিতা রায়**

**শিলিগুড়ি, ২৬ জুন :** প্রায় আড়াইশো ভক্ত একসঙ্গে শিলিগুড়ির ইসকন মন্দিরে এসে গুণ্ডিচা মার্জন করেছেন। রথযাত্রার আগের দিন এটি হল ভক্তদের কাছে একটি পবিত্র কর্তব্য। গুণ্ডিচা মার্জন হল আপাতদৃষ্টিতে মন্দির সাফাইয়ের কর্ম। বিশ্বাস করা হয়, এই কাজের ভেতর দিয়ে ভক্তরা আসলে ভগবানকে স্বাগত জানানোর জন্য অন্তরের সব অপবিত্র ভাবনাচিন্তা পরিষ্কার করে নেন।

রাত পোহালেই জগন্নাথের রথযাত্রায় মেতে উঠবে শহর। তার আগে শহরের মন্দির, মঠগুলিতে চলছে প্রস্তুতি। কোথাও দেখা গেল ভক্তদের ভিড়, আবার কোথাও চলছে রথ সাজানো। রথযাত্রার আগের দিনের অনুভূতিটা যে আলাদা সেই কথাই শোনা গেল অনেকের মুখে। কেউ বলছিলেন, 'আজ গুণ্ডিচা মার্জন করতে এসেছি। এটা এক আলাদা অনুভূতি। আমরা সকলে একসঙ্গে গোটা মন্দির ধুয়ে পরিষ্কার করেছি।' এদিন শেষ মুহূর্তের প্রস্তুতি চলে কেশব গোস্বামী গৌড়ীয় মঠ, বিধান মার্কেট, রথখোলা থেকে শুরু করে চম্পাসারিতেও।

রথযাত্রা থেকে শুরু হয়ে যাবে মেলা। শহরের বেশিরভাগ জায়গাতেই দেখা যাবে রথের মেলা। ইসকনে দুপুর দুটোয় বের হবে রথ যা শহরের অনেক পথ ঘুরে আসবে মাসির বাড়িতে। এদিন ইসকনে এসেছিলেন সুপ্রিয়া সরকার। এসেই মন্দির পরিষ্কার থেকে শুরু করে নানা কাজে যোগ দেন। বলেন, 'এটাই তো আনন্দ যে ভগবান আসবেন আর তার জন্য আমরা সবটা সাজিয়ে রাখছি। রথের আগের দিনের আনন্দটা একটু অন্যরকম। একটা অপেক্ষা যা অনেক ভালো লাগার।'


**বিশ্বাস করা হয়, গুণ্ডিচা মার্জনের ভেতর দিয়ে ভক্তরা ভগবানকে স্বাগত জানানোর জন্য অন্তরের সব অপবিত্র ভাবনাচিন্তা পরিষ্কার করে নেন।**

গোপাল সরকার বলছিলেন, 'সকালে আমার বাড়ির কাছে মঠে যাব এরপর নাচ, গানের মাধ্যমে রথযাত্রা শুরু হবে। এরপর সন্ধ্যায় আবার বন্ধুদের সঙ্গে নিয়েই যাব অন্য রথযাত্রার মেলা দেখতে।' কেউ আবার সারাদিন ব্যস্ত ছিলেন রথ সাজানোর কাজে। যেমন সুরভি সরকার, রঞ্জিতা দাসেরা এদিন রথ সাজানোর নানা কাজে সাহায্য করছিলেন।

সুরজিৎ সরকার বলছিলেন, 'এটা একটা আলাদা অনুভূতি। এছাড়া কেমন চলছে রথের আয়োজন সেটাও দেখলাম।' এদিন বিধান মার্কেট থেকে শুরু করে বিভিন্ন জায়গা ঘুরে কর্ম ব্যস্ততাই উঠে এল। ইসকনের জনসংযোগ অধিকর্তা নামকৃষ্ণ দাস বলেন, 'আজ মন্দিরে অনেক ভিড় ছিল। অনেক ভক্ত রথের আয়োজনে নিজেদের যুক্ত করতে আসছেন।'

জগন্নাথ দেবের রথযাত্রা উদযাপন কমিটি চম্পাসারির বিশ্বনাথ সাহার কথায়, 'আমাদের প্রস্তুতি জোরকদমে চলছে। কাল রথ নিয়ে বের হয়ে বিভিন্ন পথ ঘুরে আমরা চম্পাসারিতে আসব।' রথযাত্রাকে কেন্দ্র করে প্রস্তুতি তুঙ্গে শহরের মন্দির, মঠগুলিতে। কখন রথের চাকা নামবে রাস্তায় সেদিকে তাকিয়েই প্রত্যেকে।


শহরে সস্তা প্লাস্টিক পণ্যের পসরা। বৃহস্পতিবার দীপেন্দু দত্তের তোলা ছবি।

# রাস্তার গর্তে দুর্ঘটনার শঙ্কা

**শিলিগুড়ি, ২৬ জুন :** টিউমালা মেইন রোডের বেহাল দশা। এদিকে, বৃষ্টি শুরু হতেই সেইসব গর্ত জলে ভরতে শুরু করেছে। তাতে দুর্ঘটনার আশঙ্কা বাড়ছে।


ঝংকার মোড়ের সঙ্গে চতুর্থ মহানন্দা সেতুর সংযোগকারী রাস্তাটি বিশেষ গুরুত্বপূর্ণ। বর্ষার মরশুম শুরু হতেই যেভাবে সেই রাস্তার একাংশ থেকে পিচের প্রলেপ উঠতে শুরু করেছে, তা রীতিমতো আশঙ্কাজনক বলে ক্ষোভ প্রকাশ করছেন ওই রাস্তা দিয়ে যাতায়াতকারী বাসিন্দারা।

স্থানীয়দের একাংশের প্রশ্ন, বর্ষার মরশুম শুরু হতেই যদি রাস্তার এধরনের পরিস্থিতি হয়, তাহলে পরবর্তীতে কী হবে? পুরনিগমের ৪ নম্বর ওয়ার্ড কাউন্সিলার বিবেক সিং বলছেন, 'রাস্তার সংস্কারের কাজ বোর্ড মিটিংয়ে পাশ হয়ে গিয়েছে। টেন্ডার পাশ হলেই কাজ শুরু হবে।'

ঝংকার মোড় দিয়ে এই রাস্তা ধরে মহানন্দা সেতুর দিকে যেতেই রাস্তার একাংশে পিচের প্রলেপ উঠে যাওয়ার ছবি নজরে পড়ল। স্থানীয় বাসিন্দা অভিষেক দাসের বক্তব্য, 'যেভাবে পিচের প্রলেপ উঠতে শুরু করেছে, তা রীতিমতো আশঙ্কার। যে কোনও সময় দুর্ঘটনা ঘটতে পারে।' একই বক্তব্য এলাকার আর এক বাসিন্দা মণীশ দাসের। তাঁর কথায়, 'এই রাস্তা দিয়ে সারাদিনে হাজারেরও বেশি মানুষজন যাওয়া-আসা করে। যদিও এই রাস্তাটাই যদি এভাবে ভাঙতে শুরু করে তাহলে তো সমস্যা।' প্রতিদিন এই রাস্তা দিয়ে যাতায়াতের সময় হাজারো সমস্যার মুখে পড়তে হয় সাধারণ মানুষকে। দ্রুত এই রাস্তার সংস্কার হোক, সেটাই চাইছেন স্থানীয়রা।

**আজ শহরে**

- শিলিগুড়ি মিত্র সম্মিলনীর ৯৯তম দুর্গাপুজো উপলক্ষ্যে কাঠামোপুজো সকাল সাড়ে দশটায় সংস্থার নাটমণ্ডপে।
- ইসকন মন্দির থেকে রথ বের হবে দুপুর ২টায়। শহর পরিক্রমা করে রথ যাবে মাসির বাড়ি।






# জগৎসভায় ভারত

## আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে শুভাংশু

**ফ্লোরিডা, ২৬ জুন :** শুভাংশু শুক্লার হাত ধরে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে প্রথম পা পড়ল ভারতের। ইতিহাসে প্রথমবার! ৪১ বছর পর মহাকাশে ফের ধ্বনিত হল 'জয় হিন্দ'। ২৮ ঘণ্টার দীর্ঘ সফরের পর বৃহস্পতিবার বিকালে শুভাংশু শুক্লা সহ চার নভশ্চরকে নিয়ে আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পৌঁছোল ড্রাগন মহাকাশযান। ভারতীয় সময় বিকাল ৪টে ৩ মিনিটে ড্রাগন যানটি আইএসএস-এর সঙ্গে 'সফট ডকিং' করে। এরপর ৪টে ১৫ মিনিটে 'হার্ড ডকিং' সম্পূর্ণ হয়।

২৮ ঘণ্টা লম্বা সফর শেষে বিকাল সাড়ে ৪টে নাগাদ (৪:২০-৪:৩০) আন্তর্জাতিক মহাকাশ স্টেশনে পা দেন শুভাংশুরা।

বৃহস্পতিবার দুপুর থেকেই শুভাংশুদের যান 'ড্রাগন'-কে আইএসএস-এর সঙ্গে 'ডকিং' (জুড়ে দেওয়া) করার প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছিল। দুপুর ৩টের পর আইএসএস থেকে ড্রাগন যানটিকে স্পষ্ট দেখা যাচ্ছিল। গোটা সফরে ড্রাগনে কোনও গোলমাল দেখা দেয়নি। থ্রাস্টারও ঠিকঠাক কাজ করেছে। নাসার নির্ধারিত সময় মতো বৃহস্পতিবার বিকাল ৪টে নাগাদ (ভারতীয় সময় অনুযায়ী) আইএসএসের হারমনি পোর্টে ড্রাগনের ডকিং প্রক্রিয়া সম্পন্ন হয়। সংযোগটি দু'টি পর্যায়ে ঘটে। প্রথমে চৌম্বকীয় 'সফট ক্যাপচার' এবং দ্বিতীয় ধাপে যান্ত্রিক 'হার্ড ক্যাপচার'-এর মাধ্যমে ডকিংয়ের জটিল প্রক্রিয়া শেষ হয়।

এই মহাকাশ অভিযানের সরাসরি সম্প্রচার করে নাসা ও অ্যাক্সিয়ম স্পেস। টিভির পর্দায় শুভাংশুদের ডকিং প্রক্রিয়া শেষ হতেই আনন্দে ভেসে যায় তাঁর পরিবার। ড্রাগনের পাইলট ছিলেন ভারতীয় বায়ুসেনার গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু। মহাকাশযানটি চালিয়েছেন তিনিই। সঙ্গে ছিলেন নাসার প্রাক্তন নভশ্চর তথা অ্যাক্সিয়ম স্পেসের মানব মহাকাশযানের ডিরেক্টর পেগি হুইটসন। গোটা একটা দিন মহাকাশে কাটানোর অবিস্মরণীয় অভিজ্ঞতা জানিয়েছেন শুভাংশু। মহাকাশ থেকে জীবনের প্রথম কল করে তিনি জানিয়েছেন, 'এটা এমন একটা অনুভূতি, যা ভাষায় বোঝানো যায় না। মহাকাশে শূন্য মাধ্যাকর্ষণে এখন শিশুর মতো করে হাঁটাচলা শিখতে হচ্ছে।' ভিডিও কলে 'নমস্কার' জানিয়েই বক্তব্য শুরু করেন ড্রাগনের পাইলট। তিনি বলেন, 'আমি এখন মাধ্যাকর্ষণহীন অবস্থায় চলাফেরা করা শিখছি। যেভাবে শিশুরা শেখে, সেভাবেই। কীভাবে শরীর সামলাব, কোন দিকে সরে যাব—তা নিয়ে বিস্তর অনুশীলন করছি।' এরপর হাসতে হাসতে যোগ করেন, 'পড়ে পড়ে খুব ঘুমোচ্ছি!'



*মহাকাশ স্টেশনে অন্য মহাকাশচারীদের সঙ্গে শুভাংশু।*

### ডকিং প্রক্রিয়া



**অ্যাপ্রোচ পর্যায়**
ড্রাগন ক্যাপসুল মহাকাশ স্টেশনের কাছে পৌঁছে ধীরে ধীরে তার গতি কমায়। আইএসএস-এর সঙ্গে একই কক্ষপথে এবং একই গতিতে এর সিঙ্ক্রোনাইজ হয়।

**সফট ক্যাপচার**
ড্রাগন ক্যাপসুলের নোজ কন (নাকের ঢাকনা) খুলে গিয়ে ডকিং পোর্ট উন্মুক্ত হয়। ক্যাপসুলটি আইএসএস-এর নির্ধারিত ডকিং পোর্টের দিকে ধীরে ধীরে এগিয়ে আসে।

দু'টি যান একে অপরকে স্পর্শ করলে ডকিং গাইড পিন ও হুকের মাধ্যমে একটি সাময়িক সংযোগ তৈরি হয়। এই অবস্থায় দু'টি যান সামান্য আলগা থাকে।

**হার্ড ক্যাপচার**
দু'টি যানকে সম্পূর্ণ শক্তভাবে একত্রে বেঁধে ফেলা হয়। যাতে নিরাপদে হ্যাচ খোলা যায়।

**হ্যাচ খোলা**
প্রযুক্তিগত নিরাপত্তা পরীক্ষা শেষে হ্যাচ খোলা হয়। এরপর নভশ্চরেরা মহাকাশ স্টেশনে প্রবেশ করেন। পুরো প্রক্রিয়া সম্পন্ন হতে ২০ থেকে ৪৫ মিনিট সময় নেয়।

আমরা খুব খুশি। ঈশ্বরের কাছে অনেক প্রার্থনা করেছিলাম। ঈশ্বর শুভাংশুকে আশীর্বাদ করেছেন। ও সফলভাবে ডকিং করেছে-এটাই আমাদের জীবনের গর্বের মুহূর্ত।
**শম্ভু দয়াল (বাবা)**

ডকিং সফলভাবে সম্পন্ন হয়েছে। এটা শুধু আমাদের নয়, পুরো দেশের গর্বের মুহূর্ত। আমি চাই ওরা (নভশ্চররা) সফলভাবে দায়িত্ব পালন করে নিরাপদে পৃথিবীতে ফিরে আসুক।
**আশা শুক্লা (মা)**


এই দিনটার জন্য দিনের পর দিন অপেক্ষায় ছিলাম আমরা। আজ তা বাস্তব হল। অনেক পরিশ্রম, সময় এবং ত্যাগ লাগে এখানে পৌঁছোতে। ও সবকিছু উজাড় করে দিয়েছে, তাই আজ ও এই জায়গায় পৌঁছেছে।
**সূচি মিশ্র (বোন)**

# এসসিও সইয়ে নারাজ রাজনাথ

**বেজিং, ২৬ জুন :** ভারত-পাক দ্বন্দ্ব ছায়া ফেলল সাংহাই কোঅপারেশন অর্গানাইজেশন বা এসসিও-র প্রতিরক্ষামন্ত্রীদের বৈঠকেও। পহলগামে পর্যটকদের ওপর সন্ত্রাসবাদী হামলার প্রসঙ্গ না থাকায় বৃহস্পতিবার এসসিও-র নথিতে সই করা থেকে বিরত থাকলেন ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। তাঁর এহেন অনড় অবস্থানের জেরে শেষমেশ যৌথ বিবৃতি জারি না করার সিদ্ধান্ত নেয় এসসিও। এই বৈঠকে হাজির ছিলেন পাকিস্তানের প্রতিরক্ষামন্ত্রী খোয়াজা আসিফও। সূত্রের খবর, এসসিও প্রধান চিন এবং তাদের বন্ধুরাষ্ট্র পাকিস্তান এসসিও নথিতে সন্ত্রাসবাদের প্রসঙ্গটাই উহ্য রাখার চেষ্টা করেছিল। পহলগাম হামলার কথা না থাকলেও বালোচিস্তানের প্রসঙ্গ রাখা হয়েছিল তাতে। পাকিস্তানের ওই প্রদেশে হামলার নেপথ্যে ভারতের হাত থাকার অভিযোগ প্রায়ই তোলে ইসলামাবাদ। কিন্তু রাজনাথের অনড় অবস্থানের কারণে সেই চেষ্টা বিফলে গিয়েছে।

এসসিও বৈঠকে নাম না করে পাকিস্তানকে কড়া ভাষায় আক্রমণ করেন রাজনাথ। তিনি বলেন, 'সন্ত্রাসবাদীদের আশ্রয় দেওয়ার জন্য কিছু দেশ সীমান্তপার সন্ত্রাসকে লালন করে। এই ধরনের দ্বিচারিতার কোনও জায়গা নেই। এই ধরনের দেশগুলির নিন্দায় সংকোচ করা উচিত নয় এসসিও-র।' সন্ত্রাসবাদ ও আলোচনা যে একসঙ্গে চলবে না, সেটাও পাক প্রতিরক্ষামন্ত্রীকে বুঝিয়ে দেন রাজনাথ। পহলগাম হামলা এবং অপারেশন সিঁদুরের পর এই প্রথম দুই দেশের নেতারা পরস্পরের মুখোমুখি হলেন। কিন্তু তাঁরা একে অন্যের সঙ্গে কুশল বিনিময় করেননি। রাজনাথ এদিন বলেন, 'সন্ত্রাসবাদের মতো চ্যালেঞ্জের মোকাবিলা করতে বলিষ্ঠ নেতৃত্বের প্রয়োজন। সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারত জিরো টলারেন্স নীতি নিয়ে চলে।' বুধবার থেকে চিনের কিংদাও শহরে এসসিও বৈঠক শুরু হয়েছে। গত ২২ এপ্রিল লস্কর-ই-তৈবার ছায়া সংগঠন টিআরএফ পহলগামে হামলার দায় স্বীকার করেছিল। কিন্তু পাকিস্তান আগাগোড়া ওই দাবি খারিজ করেছে।

### উল্লেখ নেই পহলগামের



সন্ত্রাসবাদীদের আশ্রয় দেওয়ার জন্য কিছু দেশ সীমান্তপার সন্ত্রাসকে লালন করে। এই ধরনের দ্বিচারিতার কোনও জায়গা নেই। এই ধরনের দেশগুলির নিন্দায় সংকোচ করা উচিত নয় এসসিও-র।
**রাজনাথ সিং**

এসসিও বৈঠকে প্রতিরক্ষামন্ত্রীর অবস্থান নিয়ে কেন্দ্রীয় বিদেশমন্ত্রক সাফাই দিয়েছে। বিদেশমন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, 'ভারত ওই নথিতে নিজেদের উদ্বেগ এবং সন্ত্রাসবাদের বিষয়টি তুলে ধরতে চেয়েছিল। কিন্তু একটি দেশ সেটা মেনে নিতে পারেনি। প্রতিরক্ষামন্ত্রী তাঁর ভাষণে ১১টি দেশকে সর্বপ্রকারের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে নামার ডাক দিয়েছেন।' জয়সওয়াল জানান, এসসিও প্রতিরক্ষামন্ত্রীদের বৈঠকে যৌথ বিবৃতি জারি করা হয়নি। কিছু সদস্য রাষ্ট্র কয়েকটি বিষয়ে ঐকমত্যে পৌঁছোতে পারেনি। তাই ওই বিবৃতি চূড়ান্ত করা যায়নি।

এদিকে পাকিস্তানের পাশাপাশি চিনও যে ভারতের মাথাব্যথার কারণ সেটা বুঝিয়ে দিয়েছেন পাক-প্রতিরক্ষামন্ত্রী খোয়াজা আসিফ। তিনি জানিয়েছেন, অপারেশন সিঁদুরের পর ভারত সম্পর্কে একাধিক গোয়েন্দা তথ্য ইসলামাবাদকে দিয়েছিল চিন। তাঁর সাফ কথা, 'বন্ধুরাষ্ট্র যে উপগ্রহ বা অন্য কোন মাধ্যম মারফত গোয়েন্দা তথ্য জানাবে সেটা তো স্বাভাবিক। আর ভারতের সঙ্গে চিনেরও তো একাধিক সমস্যা আছে।' অপারেশন সিঁদুরের পর থেকে পাকিস্তান আরও সতর্ক হয়ে গিয়েছে সেই কথাও জানিয়েছেন আসিফ।



## অনলাইন গেমের আসক্তি থেকে চরবৃত্তি

**জয়পুর ও নয়াদিল্লি, ২৬ জুন :** পাকিস্তানি গুপ্তচরদের কাছে তথ্যপাচারের অভিযোগে গ্রেপ্তার করা হল ভারতীয় নৌসেনার সদর দপ্তরে কর্মরত এক অসামরিক কেরানিকে। বিশাল যাদব নামে ওই অভিযুক্তকে বুধবার দিল্লি থেকে গ্রেপ্তার করে রাজস্থান পুলিশের গোয়েন্দা শাখা।

অভিযোগ, বিশাল সম্প্রতি 'অপারেশন সিঁদুর'-এর সময় গোপন প্রতিরক্ষা তথ্য পাকিস্তানে পাচার করেছিলেন। হরিয়ানার রেওয়াড়ি জেলার পুনসিকা গ্রামের বাসিন্দা ৩৬ বছরের বিশাল দিল্লির নৌসেনা ভবনে ডকইয়ার্ড ডিরেক্টরেটের আপার ডিভিশন ক্লার্ক হিসেবে কর্মরত ছিলেন। পুলিশ সূত্রে খবর, তিনি 'প্রিয়া শর্মা' নামে ছদ্মনামে পরিচিত এক পাকিস্তানি মহিলা হ্যান্ডলারের সঙ্গে সমাজমাধ্যমে নিয়মিত যোগাযোগ রাখতেন।

তদন্তে উঠে এসেছে, তিনি গুরুত্বপূর্ণ সামরিক নথি, পরিকল্পনা ও নৌসেনা সংক্রান্ত তথ্য তাঁর পাকিস্তানি হ্যান্ডলারকে পাঠাতেন। গোপন তথ্য পাচারের বিনিময়ে ৫০ হাজার টাকা করে তিনি পেতেন। সব মিলিয়ে প্রায় ২ লাখ টাকা তিনি পেয়েছেন।

তদন্তকারীরা জানিয়েছেন, অনলাইন গেমে আসক্ত ছিলেন বিশাল। এই নেশার জন্যই সম্ভবত তিনি জড়িয়ে পড়েছিলেন ঋণের ফাঁদে। ঋণের বোঝা হালকা করতেই তিনি ঝুঁকে পড়েন বেআইনি আয়ের পথে। শুরু করেন গোপন নথি পাচার। বেশিরভাগ তথ্য তিনি পাঠিয়েছিলেন অপারেশন সিঁদুরের সময়। ক্রিপ্টোকারেন্সি (ইউএসডিটি) ও সাধারণ ব্যাংক লেনদেনের মাধ্যমে বিশালের কাছে অর্থ আসত। তাঁর মোবাইল ফোনে চ্যাট এবং নথি পাচারের প্রমাণ মিলেছে বলে দাবি গোয়েন্দাদের।

## অনুপ্রবেশ তর্জা

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ২৬ জুন :** বিজেপির বিরুদ্ধে সংসদীয় কমিটিকে রাজনৈতিক হাতিয়ার করে বিরোধী-শাসিত রাজ্যগুলির বিরুদ্ধে মিথ্যা প্রচার চালানোর অভিযোগ উঠল। বৃহস্পতিবার নিশিকান্ত দুবের নেতৃত্বাধীন সংসদের তথ্য ও প্রযুক্তি বিষয়ক স্থায়ী কমিটির বৈঠকে ওই অভিযোগ তোলেন বিরোধীরা। সূত্রের খবর, এদিন কমিটিতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইনটেলিজেন্স নিয়ে আলোচনা হওয়ার কথা ছিল। কিন্তু তার আগে দুবে অভিযোগ তোলেন, পশ্চিমবঙ্গের নানা প্রান্তে অনুপ্রবেশের জেরেই ঝাড়খণ্ডের আদিবাসী জনসংখ্যায় বড় রকমের প্রভাব পড়ছে। এর ফলে রাজ্যের আদিবাসী সংখ্যা হ্রাস পাচ্ছে এবং বিষয়টি অত্যন্ত উদ্বেগজনক। এই কথায় আপত্তি জানান তৃণমূলের এক সাংসদ। তিনি সাফ বলেন, এই বিষয়টির সঙ্গে বাংলার কোনও প্রত্যক্ষ সম্পর্ক নেই, কারণ সীমান্ত নিরাপত্তা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ।

বৈঠকে উপস্থিত কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন পালটা অভিযোগ তোলেন, পশ্চিমবঙ্গ সরকার বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় জমি দিচ্ছে না। জবাবে ওই সাংসদ জানান, এই দাবি অসত্য এবং পশ্চিমবঙ্গ সরকার যে বিএসএফ-কে জমি দিয়েছে সেটা তিনি তথ্যপ্রমাণ সহ দেখিয়ে দেবেন। এই বিতর্ককে সামনে রেখে বিরোধীরা অভিযোগ করেন, আগামী বিহার, পশ্চিমবঙ্গ ও কেরল বিধানসভা নির্বাচনকে সামনে রেখে সংসদীয় কমিটিগুলিকে রাজনৈতিক প্রচারের মঞ্চে পরিণত করছে বিজেপি। বিরোধী শিবিরের এক নেতার কথায়, 'কাশ্মীরে 'সম্পূর্ণ শান্তি' রয়েছে বলে বার্তা ছড়িয়ে দেওয়ার চেষ্টাতেও কেন্দ্রীয় কমিটিগুলিকে ব্যবহার করা হয়েছিল। অথচ তার পরেই ঘটে যায় পহলগামে জঙ্গি হামলা।'

## মুক্ত বিহঙ্গ কথা

**নয়াদিল্লি, ২৬ জুন :** তিরুবনন্তপুরমের সাংসদ শশী থারুরের সঙ্গে দূরত্ব ক্রমশ বাড়ছে কংগ্রেসের। বৃহস্পতিবার দলের সাংসদ মণিকম টেগোর এক্সে পাখির একটি ছবি পোস্ট করেছেন। তিনি লিখেছেন, 'ওড়ার জন্য অনুমতি চেয়ো না। ওড়ার জন্য পাখিদের কোনও ছাড়পত্রের প্রয়োজন পড়ে না। কিন্তু আজ একটি মুক্ত বিহঙ্গকেও আকাশের দিকে নজর রাখতে হয়। চিল, শকুন এবং ঈগল সবসময় শিকার করছে।' মণিকম টেগোরের সাফ কথা, 'শিকারীরা যখন দেশপ্রেমের পালক গায়ে দেয় তখন স্বাধীনতাও স্বাধীন থাকে না।' বুধবার খাড়গে খোঁচা দিয়েছিলেন, 'কংগ্রেসের কাছে দেশই প্রথম। কিন্তু কারও কারও কাছে মোদিই প্রথম।'

## আমেরিকাকে সপাটে থাপ্পড় ইরানের, দাবি খামেনেইয়ের

**তেহরান, ২৬ জুন :** ইজরায়েল ও ইরানের যুদ্ধ একটানা ১২ দিন চলার পর মার্কিন মধ্যস্থতায় সংঘর্ষ বিরতির ফলে আপাতত যুযুধান দুই পক্ষ বিরতি নিয়েছে বটে, কিন্তু এর মধ্যেই আমেরিকা ইরানকে আত্মসমর্পণের বার্তা দেওয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে উষ্মা উগরে দিয়েছেন ইরানের সর্বোচ্চ ধর্মীয় প্রধান আয়াতোল্লা আলি খামেনেই। বুধবার রাষ্ট্রায়ত্ত টেলিভিশনে তিনি বললেন, 'ইরান আমেরিকার মুখে সজোরে থাপ্পড় মেরেছে। ইজরায়েল-ইরান যুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্র অংশ না নিলে ইহুদি রাষ্ট্রটি সম্পূর্ণ ধ্বংস হয়ে যেত'।

মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের বিরুদ্ধে ইরান জয়ী হয়েছে বলে তেল আভিভ প্রসঙ্গে খামেনেইয়ের দাবি, ইজরায়েল প্রায় হাঁটু গেড়ে বসেছে। তিনি এও বলেছেন, 'ইরানের শব্দভাণ্ডারে আত্মসমর্পণ বলে কোনও কথা নেই।' সংঘর্ষ বিরতির পর তাঁর প্রথম প্রতিক্রিয়ায় ফের হামলার হুমকি দিয়েছেন তিনি। খামেনেইয়ের বক্তব্য সমাজমাধ্যমেও প্রকাশিত হয়েছে।

খামেনেই বলেছেন, 'ইরান আত্মসমর্পণকে অপমান হিসেবে দেখে।' ইজরায়েলের বিরুদ্ধে ইরানের জয়ে তিনি ইরানি জনগণকে অভিনন্দন জানিয়েছেন। ইজরায়েলের সঙ্গে ইরানের সংঘাত শুরু হওয়ার পর খামেনেইকে জনসমক্ষে দেখা যায়নি। ইরান উপসাগরীয় অঞ্চলে মার্কিন ঘাঁটিগুলিতে সরাসরি আঘাত হেনেছিল। খামেনেইয়ের দাবি, তাতে আমেরিকার সামরিক পরিকাঠামো ধাক্কা খেয়েছে। তাঁর সাফ কথা, ইরানকে আক্রমণ করলে উচিত মূল্য দিতে হবে।

# কমিউনিস্ট মামদানি পাগল, ব্যঙ্গ ট্রাম্পের

### নিউ ইয়র্কের মেয়র পদে এগিয়ে মীরা নায়ারের ছেলে

**ওয়াশিংটন, ২৬ জুন :** ইতিহাস গড়লেন ভারতীয় বংশোদ্ভূত চলচ্চিত্রকার মীরা নায়ার ও গুজরাটি মুসলিম মাহমুদ মামদানির ছেলে জোহরান মামদানি।

নিউ ইয়র্ক সিটির মেয়র পদে ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী হিসেবে যোগ্যতা অর্জন করেছেন মামদানি। নভেম্বরে নির্বাচন। ডেমোক্র্যাটিক পার্টি থেকে ২৪ জুনের বাছাই পর্বে প্রাক্তন গভর্নর অ্যান্ড্রু কুমো সহ প্রায় একডজন প্রার্থীকে হারিয়েছেন রাজনীতিতে আনকোরা উগান্ডার কাম্পালায় শৈশব কাটানো মামদানি। সরকারি ফল পেতে আরও কয়েক দিন সময় লাগবে। কিন্তু তাঁর বিজয় নিয়ে কারও সন্দেহ নেই।

মামদানি কী করে পারলেন? সোশ্যালিস্ট ডেমোক্র্যাটিক ও চরম বামঘেঁষা জোহরান শহরের প্রথাগত রাজনীতিকে বুড়ো আঙুল দেখিয়ে প্রচারে নিশানা করেছিলেন নিউ ইয়র্ক সিটির তরুণ প্রজন্ম ও নিম্ন আয়ের মানুষদের। অশ্বেতাঙ্গ মামদানি মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পকে 'ফ্যাসিস্ট' বলতে দ্বিধা করেননি। ইজরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু নিউ ইয়র্কে এলে তাঁর গ্রেপ্তারির হুমকি পর্যন্ত দিয়েছেন। গাজা প্রশ্নে তাঁর ইজরায়েলের সমালোচনা নবীন প্রজন্ম ও শিক্ষার্থীদের আকৃষ্ট করেছে।

এহেন মামদানির উত্থানে বিরক্ত ট্রাম্প। ভয়ও পেয়েছেন। দু'য়ের চাপে মামদানিকে ব্যক্তিগত আক্রমণ করে তাঁর চেহারা নিয়ে কটাক্ষ করেছেন। বলেছেন, 'ওঁকে ভয়ানক দেখতে। স্মার্ট নয়। গলার স্বরও খারাপ। একেবারে অপদার্থ।' ট্রুথ সোশ্যালে মামদানিকে 'পাগল' বলে অভিহিত করে লিখেছেন, 'উনি ১০০ শতাংশ পাগল কমিউনিস্ট।'

শুধু ট্রাম্পই নন, রিপাবলিকানদের পাশাপাশি বহু ডেমোক্র্যাট নেতাও মামদানির জয়ে উদ্বিগ্ন। প্রাক্তন প্রেসিডেন্ট বারাক ওবামার তহবিল সচিব লরেন্স সুমার্স বলেছেন, 'নিউ ইয়র্ক সিটির ডেমোক্র্যাটিক পার্টির প্রাইমারির ফলাফল দেখে দেশের ভবিষ্যৎ নিয়ে আমি গভীরভাবে উদ্বিগ্ন।' মধ্যপন্থী ডেমোক্র্যাটিক পার্টি থার্ড ওয়ের সহ প্রতিষ্ঠাতা ম্যাট বেনেটের কথায়, 'মামদানির নীতিপদ্ধতি ডেমোক্র্যাটিক পার্টির রাজনৈতিক সমস্যা হয়ে দাঁড়াবে। ওঁর ভাবনাচিন্তা ঠিক নয়।'

সমালোচনা করেছেন রাজ্যসভা সাংসদ অভিষেক সিংভিও। সমাজমাধ্যমে লিখেছেন, 'মামদানি মুখ খুললে পাকিস্তানের জনসংযোগকারী টিম ছুটি নিয়ে নেয়। ভারতের এমন শত্রুর দরকার নেই, যাদের মিত্র নিউ ইয়র্ক থেকে কল্পিত কাহিনী বলে চিৎকার করছেন।' বিজেপি সাংসদ কঙ্গনা রানাওয়াতের কথায়, 'মীরা নায়ার ওঁর মা। বাবার শিকড় গুজরাটে। ওঁকে কিন্তু ভারতীয়র চেয়ে পাকিস্তানি বলে মনে হচ্ছে।'



*জয়ের পর স্ত্রীর সঙ্গে জোহরান মামদানি।*

উনি ১০০ শতাংশ পাগল কমিউনিস্ট। ওঁকে ভয়ানক দেখতে। স্মার্ট নয়। গলার স্বরও খারাপ। একেবারে অপদার্থ।
**ডোনাল্ড ট্রাম্প**

## কবুল নাতির

**মুম্বই, ২৬ জুন :** ত্বক ক্যানসারে আক্রান্ত মুমূর্ষু ঠাকুমা যশোদা গায়কোয়াড়কে মুম্বইয়ের আরে কলোনির এক জঞ্জালের স্তূপে ফেলে রেখে এসেছিলেন নাতি। পুলিশি জেরায় তা স্বীকার করলেন নাতি সাগর শেওয়াল। তাঁর বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার নির্দিষ্ট ধারায় অবহেলার মামলা রুজু হয়েছে। বয়স হয়ে গেলে মা-বাবার ভরণপোষণ সন্তানকে করতে হবে, এই মর্মে আইনও হয়েছে। এই মামলায় ভরণপোষণ আইনের ধারাটিও যুক্ত করা হয়েছে।

যশোদা গায়কোয়াড়কে গত সপ্তাহে কান্দিভলি পুলিশ উদ্ধার করে হাসপাতালে দেয়। আস্তাকুঁড়ে তাঁকে ফেলে রাখার ছবি অনলাইনে ভাইরাল হয়ে হইচই ফেলে। পুলিশ তাঁর পরিজনদের সন্ধান পায়। পরিজনদের দাবি, ইদানীং তাঁর মধ্যে আক্রোশ এসে গিয়েছিল। নিজের গলা নিজে টিপতে গিয়েছিলেন। একসময়ে নিজেই বাড়ি থেকে বেরিয়ে যান। পরিজনদের এই দাবি নাকচ করে দিয়েছে সিসিটিভি ফুটেজ। তাতে দেখা যায়, সাগর ও তাঁর কাকা বাবাসাহেব গায়কোয়াড় বৃদ্ধাকে নিয়ে হাসপাতালে যেতে চাইলে তিনি অস্বীকার করেছিলেন। শেষে ভোর ৩.৩০ মিনিট নাগাদ রিকশা ডেকে নাতি ঠাকুমাকে তাতে তুলে আবর্জনা স্তূপে ফেলে আসেন।

## মৃত ৩

**দেরাদুন, ২৬ জুন :** উত্তরাখণ্ডের রুদ্রপ্রয়াগ জেলার অলকানন্দা নদীতে একটি গাড়ি পড়ে গিয়ে মৃত্যু হয়েছে তিনজনের। আরও অন্তত ৮ জন নিখোঁজ। তাঁদেরও বাঁচার আশা ক্ষীণ বলে আশঙ্কা করা হচ্ছে।

বৃহস্পতিবার সকালে রাজস্থানের উদয়পুর থেকে আসা চারধাম যাত্রীদের একটি গাড়ি অলকানন্দা নদীতে পড়ে যায়। ১১ জন নিখোঁজ হওয়ার পর তিনজনের দেহ উদ্ধার করা হয়। নদীর প্রবল স্রোতের কারণে উদ্ধারকাজে বিঘ্ন ঘটে। এসডিআরএফের কমান্ড্যান্ট অর্জন যদুবংশী জানান, 'দুর্ঘটনায় পড়া গোটা পরিবার উদয়পুরের বাসিন্দা। গাড়িটি নদীতে পড়ে সম্পূর্ণ জলে ডুবে যায়। উদ্ধারকাজে ডুবুরি নামিয়ে নিখোঁজদের সন্ধান চলছে।'

## রক্তাক্ত মেক্সিকো

**মেক্সিকো সিটি, ২৬ জুন :** মেক্সিকোর ইরাপুয়াটো শহরে ধর্মীয় উৎসবের ভিড়ে বন্দুকবাজের হামলা। এলোপাতাড়ি গুলিতে হত অন্তত ১২। আহত ২০। বুধবার ঘটনারকথাজানিয়েছেনইরাপুয়াটো প্রশাসন। হামলাকারীকে এখনও গ্রেপ্তার করতে পারেনি পুলিশ। ঘটনার তদন্ত চলছে।কড়া ভাষায় ঘটনার নিন্দা করেছেন মেক্সিকান প্রেসিডেন্ট ক্লডিয়া শেইনবাউম।

# ব্ল্যাকবক্স থেকে দুর্ঘটনার তথ্য উদ্ধার

**নবনীতা মণ্ডল**

**নয়াদিল্লি, ২৬ জুন :** দু-সপ্তাহ কেটে গেল। অথচ এখনও আহমেদাবাদে ভয়াবহ বিমান দুর্ঘটনার প্রকৃত কারণ খুঁজে বের করতে পারল না তদন্তকারী দল। তদন্তে কে নেতৃত্ব দেবেন সেটাও ঠিক করে উঠতে পারেনি এয়ারক্রাফট অ্যাক্সিডেন্ট ইনভেস্টিগেশন ব্যুরো (এএআইবি)। দেশের বিমান দুর্ঘটনার ইতিহাসে এত বড় বিপর্যয়ের পরও সরকারি তদন্তের ঢিলেমিতে প্রশ্ন উঠেছে। এই অবস্থায় অভিশপ্ত এআই-১৭১-এর ব্ল্যাকবক্স থেকে তথ্য উদ্ধার করা সম্ভব হয়েছে বলে দাবি করেছে কেন্দ্র। দুর্ঘটনার জেরে প্রায় ভেঙে চুরমার হয়ে যাওয়া ওই যন্ত্র থেকে মিলেছে বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য।

কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণমন্ত্রক বৃহস্পতিবার দাবি করেছে, এয়ার ইন্ডিয়ার দুর্ঘটনাগ্রস্ত বিমানের ব্ল্যাকবক্স থেকে ককপিট ভয়েস রেকর্ডার ও ফ্লাইট ডেটা রেকর্ডার নিরাপদে উদ্ধার করা হয়েছে। এই ডিভাইসগুলোর মেমোরি থেকে ডেটা সফলভাবে ডাউনলোড করা হয়েছে এবং এখন তার বিশ্লেষণ শুরু হয়েছে। বিমান দুর্ঘটনার তদন্তে এই দুই রেকর্ডার অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ১২ জুন আহমেদাবাদে টেক-অফের কয়েক মুহূর্তের মধ্যেই ভেঙে পড়ে এয়ার ইন্ডিয়ার ফ্লাইট এআই-১৭১। বিমানে থাকা ২৪১ জন যাত্রী সহ প্রাণ হারান ২৭৫ জনেরও বেশি জন। অবিশ্বাস্যভাবে বেঁচে ফিরেছেন মাত্র একজন, বিশ্বাস কুমার রমেশ।

চারপাশে ছড়িয়ে-ছিটিয়ে থাকা বিমানের ধ্বংসাবশেষের ভেতর থেকে উদ্ধার হয় দুটি ব্ল্যাকবক্স। তবে ব্ল্যাক-বক্সের অবস্থা এতটাই খারাপ ছিল যে অনেকেই আশা ছেড়ে দিয়েছিলেন। প্রথমে ধরে নেওয়া হয়েছিল, সেই দুর্ঘটনাগ্রস্ত ব্ল্যাকবক্সটি আমেরিকায় তদন্তের জন্য পাঠানো হতে পারে। কিন্তু কেন্দ্রীয় সরকার তাতে জল ঢেলে দেয়। এদিন সরকারিভাবে জানানো হয়েছে, ককপিট ভয়েস রেকর্ডার (সিভিআর) এবং ফ্লাইট ডেটা রেকর্ডার (এফডিআর) উদ্ধার করা হয়েছে। দিল্লিতে আনার পর আমেরিকার এনটিএসবির প্রযুক্তিবিদদের দলকে সঙ্গে নিয়ে এএআইবি-র ডিজি সেগুলি থেকে তথ্য উদ্ধারের প্রক্রিয়া শুরু করেন। ব্ল্যাকবক্স থেকে ক্র্যাশ প্রোটেকশন মডিউল (সিপিএম) সফলভাবে বের করে নেওয়া হয় এবং ২৫ জুন মেমোরি মডিউল অ্যাক্সেস করে সফলভাবে তথ্য ডাউনলোড করা হয় এএআইবির পরীক্ষাগারে। বর্তমানে সিভিআর ও এফডিআর-এর তথ্য বিশ্লেষণের কাজ চলছে। এই দুই ডিভাইস থেকে প্রাপ্ত তথ্যের মাধ্যমে দুর্ঘটনার আগের সম্পূর্ণ ঘটনার পুনর্গঠন করা সম্ভব হবে বলে মনে করছেন তদন্তকারীরা। তথ্য বিশ্লেষণের মাধ্যমে বোঝা যাবে দুর্ঘটনার পিছনে কারিগরি ত্রুটি, পাইলটের ভুল নাকি অন্য কোনও কারণ ছিল। এই বিশ্লেষণের মূল লক্ষ্য হল ভারতের বিমান নিরাপত্তা ব্যবস্থাকে আরও শক্তিশালী করা এবং ভবিষ্যতে এ ধরনের মর্মান্তিক দুর্ঘটনা রোধ করা।

### তদন্তের ঢিলেমিতে প্রশ্ন

কিন্তু গত ১৪ দিনে কোনও প্রাথমিক তদন্ত রিপোর্ট না থাকায় এবং তদন্তকারী দল গঠনে বিলম্ব ঘিরে প্রশ্ন তৈরি হয়েছে। কংগ্রেস নেতা জয়রাম রমেশ এই বিলম্বের জন্য কেন্দ্রের সমালোচনা করেছেন। তিনি এক্সে লিখেছেন, 'আহমেদাবাদে বীভৎস বিমান দুর্ঘটনার একপক্ষকাল পরও তদন্তের জন্য প্রধান তদন্তকারীকেই নিয়োগ করে উঠতে পারেনি এএআইবি। এই বিলম্ব ব্যাখ্যাতীত এবং অমার্জনীয়।'



# মন্দির থেকে ফেরার পথে গণধর্ষিতা তরুণী

### দশদিনে ৫ ধর্ষণ ওডিশায়, ক্ষোভ কংগ্রেসের

**ভুবনেশ্বর, ২৬ জুন :** ওডিশার তিনটি জেলায় পাঁচটি পৃথক ধর্ষণের ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে। ক্ষোভ তৈরি হয়েছে পুলিশ-প্রশাসনের বিরুদ্ধেও। ধর্ষণের ঘটনাগুলি ঘটেছে গঞ্জাম (২), ময়ূরভঞ্জ (২) এবং কেহঞ্জর (১) জেলায়। মাত্র ১০ দিনের মধ্যে ধর্ষণের ঘটনাগুলি ঘটেছে। যার সর্বশেষটি ঘটেছে গত ২৫ জুন, ময়ূরভঞ্জ জেলার করঞ্জাই গ্রামে।

পুলিশ জানিয়েছে, বুধবার করঞ্জাই গ্রামের এক তরুণী স্থানীয় মন্দির থেকে বাড়ি ফেরার সময় তিনজন ব্যক্তি তাঁকে জোর করে পাশের জঙ্গলে নিয়ে গিয়ে ধর্ষণ করে। দুষ্কৃতীদের বাধা দেওয়ায় তরুণীকে বেধড়ক মারধরও করা হয় বলে অভিযোগ। ঘটনার পর একজন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতের নাম বিকাশ পাত্র। সে মলারপাড়া গ্রামের বাসিন্দা। বাকি দুই অভিযুক্তের খোঁজে তল্লাশি চলছে।

গত ১৯ জুন ময়ূরভঞ্জেই একটি গণধর্ষণের ঘটনা ঘটে। বারিপদায় এক মহিলার বাড়িতে ঢুকে তাঁকে চারজন মিলে ধর্ষণ করে বলে অভিযোগ। সেই ঘটনায় এখনও পর্যন্ত মাত্র একজনকে ধরতে পেরেছে পুলিশ।

১৭ জুন গঞ্জাম জেলার গোপালপুর সমুদ্রসৈকতে এক তরুণী তাঁর পুরুষবন্ধুর সঙ্গে গিয়েছিলেন বেড়াতে। অভিযোগ, কিছু দুষ্কৃতী ওই বন্ধুকে বেঁধে রেখে দলবদ্ধভাবে ধর্ষণ করে তরুণীকে। এই ঘটনায় পুলিশ ১০ জনকে গ্রেপ্তার করেছে। ১৮ জুন কেহঞ্জর জেলার তেঁতলাপাশি গ্রামে এক কিশোরীর (১৭) ঝুলন্ত মৃতদেহ মেলে তার বাড়ির কাছেই একটি ধানখেতে। পরিবারের অভিযোগ, তাকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। মৃতদেহে আঘাতের চিহ্ন পাওয়া যায়। তদন্ত চলছে।

২৫ জুন গঞ্জাম জেলার বেরহামপুর এলাকায় এক ক্লিনিক মালিকের বিরুদ্ধে ১৭ বছরের এক কিশোরীকে ধর্ষণের অভিযোগ ওঠে। ওই ব্যক্তি বিএসসি নার্সিং পড়ার সুযোগ ও থাকার ব্যবস্থা করে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে ধর্ষণ করে মেয়েটিকে। ওই ঘটনায় এখনও পর্যন্ত একটি মামলা দায়ের করতে পেরেছে পুলিশ।

একের পর এক ধর্ষণের ঘটনায় রাজ্যজুড়ে উদ্বেগ ও ক্ষোভ বেড়েছে। কটকের কংগ্রেস বিধায়ক সোফিয়া ফিরদৌস বলেন, 'লজ্জার ব্যাপার। এক বছরের মধ্যেই রাজ্যে মহিলাদের ওপর অপরাধের হার বেড়েছে। পুলিশ গোপালপুর আর করঞ্জাইয়ে অভিযুক্তদের একাংশকে ধরতে পারলেও অন্য এলাকাগুলির দুষ্কৃতীরা অধরা। তারপরেও সরকার কী করে মুখে কুলুপ এঁটে বসে রয়েছে? বোঝাই যাচ্ছে, রাজ্যে আইনশৃঙ্খলা বলে কিছু নেই। ধর্ষকরা শাসকদলের ছত্রছায়ায় থাকার জন্যই কি তাদের বিরুদ্ধে পদক্ষেপ করতে এত গড়িমসি সরকারের?'

# ঋষভের ভয়ডরহীন ক্রিকেটে মজে এবি



**ডারবান ও মেলবোর্ন, ২৬ জুন :** নিজে অভিনব শট খেলতে ভালোবাসতেন। তাঁর শট বৈচিত্র্য চমকে দিত বোলারদের, প্রতিপক্ষকে। বিশ্ব ক্রিকেটের প্রথম 'মিস্টার ৩৬০ ডিগ্রি' এবি ডিভিলিয়ার্স আবার মজেছেন ঋষভ পন্থকে নিয়ে। পঞ্চমুখ ভারতীয় উইকেটকিপার-ব্যাটারের ভয়ডরহীন আগ্রাসী ব্যাটিংয়ে।

হেডিংলে টেস্টের দুই ইনিংসে শতরানকারী ঋষভকে নিয়ে এবি বলেছেন, 'সোফায় বসে ম্যাচ দেখতে দেখতে মনে হচ্ছিল, ঋষভ এসব কী শট নিচ্ছে? এখন এই সব শট খেলার উপযুক্ত সময় নয়। যদিও পরিসংখ্যান দেখো। দিনের শেষে সাফল্যটাই মূল। ও যা করে দেখাচ্ছে।' ডিভিলিয়ার্সের আক্ষেপ, এত কিছুর পরও ভারতকে হারতে হয়েছে। নাহলে দুই ইনিংসের শতরানের সুবাদে ম্যাচের সেরার পুরস্কার উঠত ঋষভের মাথাতেই। ভারতীয় দলের হার নিয়ে চলতি ময়নাতদন্ত নিয়ে এবি আরও বলেছেন, 'এখন অনেক প্রশ্ন উঠবে। সমালোচনা, কাটাছেঁড়া চলবে। পরিবর্তনের দাবিও শোনা যাবে। তবে আমার ধারণা এখনই এসব চিন্তা অযৌক্তিক। পাঁচ ম্যাচের দীর্ঘ সিরিজ। আরও অনেক সুযোগ মিলবে নিজেদের প্রমাণ করতে।'

দক্ষিণ আফ্রিকার কিংবদন্তির ব্যাটারের মতে, ঋষভ এমন একজন খেলোয়াড় যে সবসময় প্রতিপক্ষকে চাপে রাখতে পারে। একশো বারের মধ্যে নিরানব্বই বার যা করে দেখানোর ক্ষমতা রাখে। ঋষভের সাফল্যের মূল কারণ এটাই। এবি আরও

> সোফায় বসে ম্যাচ দেখতে দেখতে মনে হচ্ছিল, ঋষভ এসব কী শট নিচ্ছে? এখন এই সব শট খেলার উপযুক্ত সময় নয়। যদিও পরিসংখ্যান দেখো। দিনের শেষে সাফল্যটাই মূল। ও যা করে দেখাচ্ছে।
>
> **এবি ডিভিলিয়ার্স**

### গিলির কথা মনে পড়ছিল : গ্রেগ

গ্রেগ চ্যাপেল আবার বিস্মিত, ঋষভের বাহারি শট দেখে। ১৩৪ ও ১১৮, হেডিংলে টেস্টে ঋষভের দুই ইনিংস প্রসঙ্গে ভারতীয় দলের প্রাক্তন হেডকোচ বলেছেন, 'অত্যন্ত দ্রুত রান করতে পারে। এমন সব শট খেলেছে, যা এমসিসি-র ব্যাটিং ম্যানুয়ালেও নেই। ওর ব্যাটিং দেখাটা উপভোগ্য। ও ব্যাট হাতে কখন কী করবে বলা মুশকিল। প্রতিপক্ষের জন্য যা বাড়তি চাপ।'

প্রথম দর্শনেই ঋষভের মধ্যে অ্যাডাম গিলক্রিস্টের ছায়াও দেখেছিলেন গ্রেগ। বলেছেন, 'প্রথমবার যখন ওকে দেখি, তখন গিলক্রিস্টের কথা মনে পড়ছিল। অন্য ধরনের খেলোয়াড়। ব্যাটিংয়ের সংজ্ঞা বদলে দিচ্ছে। একজন উইকেটকিপার হয়ে এরকম ব্যাটিং, দ্রুত রান করার ক্ষমতা দলের জন্য বাড়তি পাওয়া।'

বলেছেন, 'অনেক ঝুঁকি নিয়ে ব্যাটিং করে ও। ওর ব্যাটিং স্টাইল বাকিদের চিন্তায় ফেলে দেবে। আমার তো মনে হয়েছিল, প্রথম ৩০ রান করার পথে কুড়িবার আউট হতে পারত দুই ইনিংসে। কিন্তু হয়নি। এটাই বড় ব্যাপার একজন ব্যাটারের কাছে।'

# মর্নির কাছে শেখো, সিরাজকে অশ্বীন

## কুলদীপকে খেলানোর পরামর্শ সানির

**চেন্নাই, ২৬ জুন :** প্রথম ইনিংসে ১২২ রান দিয়ে ২ উইকেট। দ্বিতীয় ইনিংসে উইকেটহীন। সবচেয়ে চিন্তার জায়গা মহম্মদ সিরাজের রান বিলোনোর রোগ। অনিয়ন্ত্রিত বোলিংয়ে জসপ্রীত বুমরাহর তৈরি চাপ আলগা করে দিচ্ছেন। সিরাজকে নিয়ে স্বভাবতই অনাস্থা প্রকাশ করছেন অনেকে।

প্রাক্তন সতীর্থকে যে ভুল শুধরে নিতে বোলিং কোচ মর্নি মরকেলের শরণাপন্ন হওয়ার পরামর্শ দিচ্ছেন রবিচন্দ্রন অশ্বীন। ২ জুলাই সিরিজের দ্বিতীয় টেস্ট। দল লিডস ছেড়ে বার্মিংহামে পৌঁছে গিয়েছে। অশ্বীনের বিশ্বাস, মাঝের কয়েকদিনে মরকেলের সাহায্যে ভুলত্রুটি শুধরে নেবে সিরাজ।

নিজের ইউটিউব চ্যানেলে অশ্বীন বলেছেন, 'বুমরাহ অসাধারণ। ছন্দ ফিরে পেলে প্রসিধ কৃষ্ণাও সফল হবে। রবীন্দ্র জাদেজাও প্রত্যাশা পূরণের চেষ্টা করছে। তবে সিরাজের কাছে আমার একটাই প্রশ্ন, তুমি কি রান কম দিতে পারো? উইকেট নিতে হবে না। কিন্তু প্রতি ওভারে টেস্টে ৪-৫ করে রান দেওয়া মানা যায় না। ফলে বুমরাহকে আক্রমণে ফেরানো ছাড়া রাস্তা থাকে না অধিনায়কের কাছে। বুমরাহর পক্ষেই বা কতটা সম্ভব। ক্লান্ত হয়ে পড়বে। বাকিরা দায়িত্ব না নিলে বিশ্রাম দিয়ে নতুন স্পেলে বুমরাহকে ফেরানোর আগেই ব্যাটাররা পার্টনারশিপ গড়ে ফেলবে।'

অশ্বীনের মতে, প্রসিধ তুলনায় অনভিজ্ঞ। প্রথমবার ইংল্যান্ড সফরে। সিনিয়ার হিসেবে সিরাজের বাড়তি ভূমিকা থেকে যায়। মর্নি মরকেল নিয়ন্ত্রিত বোলিংয়ের জন্য পরিচিত ছিলেন। দলের বোলিং কোচকে দেখে সিরাজ শিক্ষা নিক। বর্তমান বাজবলের যুগে রানের গতি বেড়েছে। কিন্তু যেভাবে সিরাজ রান বিলোচ্ছেন, তা দৃষ্টিকটু। সিরাজ ভুলত্রুটি শুধরে নিলে ভারতীয় বোলিংয়ের চেহারা বদলে যাবে।



*কুলদীপ যাদব ও অর্শদীপ সিংকে দ্বিতীয় টেস্টে দেখতে চাইছেন প্রাক্তনরা।*

লোয়ার অর্ডার নিয়েও কিছুটা কটাক্ষের সুরে অশ্বীন বলেছেন, 'টেস্টে জোড়া সেঞ্চুরি করে এলিট ব্যাটারদের তালিকায় নাম তুলেছে ঋষভ পন্থ। আমি যদি গৌতম গম্ভীরের জায়গায় থাকতাম, তাহলে ওকে আলাদা করে ডেকে বলতাম, তুমি ভালো খেলছ। একটাই অনুরোধ, যখন ১৩০ রানে ব্যাট করবে, দুইশো করে ফেরার চেষ্টা কোরো। কারণ আমাদের লোয়ার অর্ডার খুব খারাপ। ওরা বেশি রান করতে পারবে না।'

> সিরাজের কাছে আমার একটাই প্রশ্ন, তুমি কি রান কম দিতে পারো? উইকেট নিতে হবে না। কিন্তু প্রতি ওভারে টেস্টে ৪-৫ করে রান দেওয়া মানা যায় না।
>
> **রবিচন্দ্রন অশ্বীন**

সুনীল গাভাসকার আবার দ্বিতীয় টেস্টের প্রথম একাদশে পরিবর্তনের ডাক দিলেন। কিংবদন্তির পরামর্শ, কুলদীপ যাদবকে খেলানো উচিত। শার্দূল ঠাকুরের বদলে কুলদীপের সুযোগ পাওয়া উচিত। বার্মিংহামের পিচে রিস্ট স্পিনাররা সুবিধা পায়। বি সাই সুদর্শন ও করুণ নায়ারকে এখনই বসানোর পক্ষপাতী নন। গাভাসকারের দাবি, আরও সুযোগ প্রাপ্য দুইজনের। ব্যর্থতা যদি না কাটে, তখন ওয়াশিংটন সুন্দরের কথা ভাবা যেতে পারে।

মহম্মদ কাইফ আবার যশস্বী জয়সওয়ালের ক্যাচ মিসের রহস্য ভেদ করে ফেলেছেন। নিজের সময়ে অন্যতম সেরা ফিল্ডার কাইফের যুক্তি, ডিউক বলে ফিল্ডিংয়ের সময় বাড়তি চোটআঘাতের সম্ভাবনা থাকে। যার থেকে রেহাই পেতে হাতে স্ট্র্যাপ জড়াতে হচ্ছে। স্ট্র্যাপের কারণে আঙুলের মুভমেন্ট আটকে যাচ্ছে। ক্যাচ নেওয়ার সময় যা একটা বড় সমস্যা।

## আইএসএল সূচি জুলাইয়ে যাবে ক্লাবগুলির কাছে

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৬ জুন :** আগামী আইএসএলের সূচি নিয়ে কাজ শুরু করে দিল এফএসডিএল।

এমআরএ বা মাস্টার রাইটস এগ্রিমেন্ট নিয়ে এখনও অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন ও এফএসডিএলের মধ্যে আলোচনায় কোনও সমাধানসূত্র বেরোয়নি। এরইমধ্যে জুলাইয়ের দ্বিতীয় বা তৃতীয় সপ্তাহে চলে আসার কথা ফেডারেশনের নতুন সংবিধান। দেশের সর্বোচ্চ আদালত সেই সংবিধানে কী কী নির্দেশিকা রাখছে নতুন কমিটি গঠনের জন্য, সেদিকেই এখন তাকিয়ে সব পক্ষ। মনে করা হচ্ছে এই সংবিধান দিয়ে দেওয়ার পরই ঢাকে কাঠি পড়বে ফেডারেশনের নির্বাচনের। আশা করা হচ্ছে, অগাস্টের মধ্যে নতুন কমিটি তাদের দায়িত্বভার বুঝে নিয়ে কাজ শুরু করে দিতে পারবে। আর তখনই নতুন চুক্তি নিয়ে আলোচনা এবং কাজ শুরু হবে। আপাতত ৩১ ডিসেম্বর পর্যন্ত চুক্তি ফেডারেশন ও এফএসডিএলের।

তাই আর বসে না থেকে আসন্ন আইএসএলের সূচি তৈরির কাজ শুরু করে দিয়েছে এফএসডিএল। এফএসডিএলের তৈরি সম্ভাব্য সূচি জুলাইয়ের শেষ সপ্তাহে সব ক্লাব পেয়ে যাবে বলে খবর। যে ফরম্যাটে হয়, সেভাবেই আপাতত রাখা হবে টুর্নামেন্টের সূচি। তবে পরিবর্তিত পরিস্থিতিতে যদি দ্রুত শেষ করতে হয় তাহলেও যাতে কোনও পক্ষেরই সমস্যা না হয়, তাই টুর্নামেন্ট ছোট করার মতো ব্যবস্থাও হয়তো রাখা হতে পারে। যদিও অভিজ্ঞমহল মনে করছে, নতুন কমিটি দায়িত্ব নিলেই এই দোলাচল কেটে যাবে এবং এফএসডিএল ও এআইএফএফ একটা ঐকমত্যে চলে আসবে। আর তার জন্যই কিছুদিন চুপচাপ থাকার পর ফের দলগঠনের কাজ শুরু করেছে বিভিন্ন ক্লাব। বিদেশমন্ত্রক থেকে ছাড়পত্রও এসে গেছে বিদেশিদের ভিসার ক্ষেত্রে। এই ছাড়পত্র টুর্নামেন্ট আয়োজকদের নিতে হয় বিদেশিদের খেলানোর জন্য। যার ফলে বেঙ্গালুরু এফসি নতুন দুইজনকে নেওয়া এবং এফসি গোয়া পুরোনো দুই বিদেশিকে রেখে দেওয়ার কথাও জানিয়ে দিয়েছে। পরিস্থিতি আবার খানিকটা সহজ হতে শুরু করেছে বলে মনে করছে এখন সব পক্ষই।

# ফেরার লড়াইয়ে পৃথ্বীকে অক্সিজেন শচীনের

**মুম্বই, ২৬ জুন :** মাত্র উনিশেই টেস্ট অভিষেক।

ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে রাজকোটে প্রথম ম্যাচেই শতরান। ভারতীয় ক্রিকেটের পরবর্তী শচীন তেন্ডুলকার বলছিলেন কেউ কেউ। যদিও একুশে পা রাখতে না রাখতেই বাতিলের তালিকায়! শুধু ভারতীয় দল নয়, মুম্বই রনজি ট্রফি দলেও ব্রাত্য! আইপিএলে দল পাননি।

পৃথ্বী শ-র ক্রিকেট কেরিয়ারে গল্প এরকমই। অল্প বয়সে হাতে কোটি কোটি টাকা চলে আসা মাথা ঘুরিয়ে দিয়েছিল। জুটে গিয়েছিল বদসঙ্গ। ক্রিকেটের মূলস্রোত থেকে ঠোক্কর খেতে খেতে আবার ঘুরে দাঁড়াতে মরিয়া পৃথ্বী। প্রত্যাবর্তনের যে যুদ্ধে অক্সিজেন জোগাচ্ছেন খোদ শচীন!

মাস দুয়েক আগে সরাসরি কথা বলেন পৃথ্বীর সঙ্গে। মানসিকভাবে বিপর্যস্ত তরুণ ওপেনারকে সাহস জুগিয়েছেন। কঠিন সময় কাটিয়ে ওঠার মরিয়া তাগিদের মাঝে সেকথাই শোনা গেল পৃথ্বীর মুখে। পৃথ্বী বলেছেন, '৮-৯ বছর বয়স থেকে আমি আর অর্জুন (তেন্ডুলকার) বন্ধু। একসঙ্গে খেলেছি, বড় হয়েছি। স্যারও মাঝেমধ্যে থাকতেন সেখানে।'

শচীন স্যারের পরামর্শের প্রসঙ্গ টেনে জানান, মাস দুয়েক আগে কথা বলার সুযোগ হয়েছিল। মাস্টার লিগের জন্য শচীন প্র্যাকটিস করছিলেন এমআইজি-তে। সেখানে ছিলেন পৃথ্বীও। সেখানে পৃথ্বীকে শচীন বলেছেন, 'তোমার ওপর বিশ্বাস ছিল। আগামী দিনেও বিশ্বাস থাকবে। সঠিক ট্র্যাকে ফিরে আয়, আগে যেমনটা ছিলি। এখনও সবকিছু সম্ভব।' পৃথ্বীর কাছে যে পরামর্শ মূল্যবান।



*নতুন করে ক্রিকেট কেরিয়ার শুরু করতে চাইছেন পৃথ্বী শ।*

নিজের ভুল স্বীকার করে পৃথ্বী বলেছেন, 'বেশ কিছু ভুল সিদ্ধান্ত নিয়েছি। ক্রিকেটকে সময় কম দিচ্ছিলাম। অথচ, ২০২৩ পর্যন্ত অর্ধেক দিনই মাঠে কাটাতাম। তারপর ভুল জিনিসকে গুরুত্ব দিতে শুরু করি। কিছু ভুল বন্ধুও তৈরি হয়। লক্ষ্য থেকে সরে যাই আস্তে আস্তে। প্রিয় দাদুর মৃত্যুও ধাক্কা ছিল। তবে পরিস্থিতি যেমনই হোক না কেন, বরাবরই বাবাকে পাশে পেয়েছি।'

### 'স্যার বলেছেন, এখনও সম্ভব'

নতুন করে লক্ষ্যস্থির। মুম্বই থেকে এনওসি নিয়ে নতুন শুরুর ক্ষেত্রে অন্য রাজ্যের হয়ে রনজি খেলার প্রস্তুতি নিচ্ছেন। মুম্বই ক্রিকেট সংস্থাও জানিয়ে দিয়েছে, পৃথ্বীর আবেদন তাঁরা মেনে নিয়েছেন। অন্য রাজ্যের হয়ে খেলতে অসুবিধা নেই। সুযোগ কাজে লাগিয়ে পৃথ্বী মরিয়া শচীন স্যারের আস্থার মর্যাদা রাখতে। বলেছেন, 'স্যারের বিশ্বাস, খেলায় দ্রুত ফেরার পরামর্শ, আমার কাছে মূল্যবান।'

## রিয়ালের শেষ ম্যাচেও নেই এমবাপে

**ওয়াশিংটন, ২৬ জুন :** অসুস্থতার জন্য হাসপাতালে ভর্তি হয়েছিলেন। খেলতে পারেননি ক্লাব বিশ্বকাপের গ্রুপ পর্বের প্রথম দুইটি ম্যাচে। হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর অনুশীলনে যোগ দিলেও গ্রুপ পর্বের শেষ ম্যাচেও খেলবেন না ফরাসি তারকা কিলিয়ান এমবাপে।

রিয়াল মাদ্রিদ ম্যানেজমেন্ট এমবাপেকে নিয়ে কোনও ঝুঁকি নিতে চাইছে না। কোচ জাভি অলন্সো বলেছেন, 'আমি এমবাপেকে অনুশীলনে দেখে খুশি হয়েছিলাম। কিন্তু ও এখনও পুরোপুরি সুস্থ নয়। তাই শেষ ম্যাচের জন্য এমবাপেকে দলে রাখা হয়নি।' তিনি আরও যোগ করেন, 'আমরা যদি নকআউটে উঠি, তখন এমবাপেকে নিয়ে চিন্তাভাবনা করব। ও যদি সুস্থ থাকে, তাহলে নকআউটে খেলানো হবে।'

গ্রুপ শীর্ষে থাকলেও রিয়ালের এখনও নকআউটে খেলা নিশ্চিত হয়নি। শেষ ম্যাচে সলজবার্গের বিরুদ্ধে ড্র করলেই রাউন্ড অফ সিক্সটিনের ছাড়পত্র পাবে তারা।

## ডুরান্ডে ডায়মন্ড

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৬ জুন :** আসন্ন ডুরান্ড কাপে খেলবে ডায়মন্ড হারবার এফসি। আগেই উত্তরবঙ্গ সংবাদ-এর পাঠকদের জানানো হয়েছিল, কিবু ভিকুনার দলকে এই ঐতিহ্যশালী প্রতিযোগিতায় খেলতে দেখা যেতে পারে। সেই সংবাদেই সিলমোহর পড়ল। এদিকে ব্রাজিলিয়ান স্ট্রাইকার ক্লেইটন ডা সিলভেইরা ডা সিলভাকে দলে নিচ্ছে ডায়মন্ড হারবার।

# শেষ ষোলোয় ইন্টার ও ডর্টমুন্ড

**ওয়াশিংটন, ২৬ জুন :** ফিফা ক্লাব বিশ্বকাপের নক আউটে উঠল ইন্টার মিলান ও বরুসিয়া ডর্টমুন্ড। বুধবার গ্রুপ 'ই'-র শেষ ম্যাচে ইন্টার মিলান ২-০ গোলে হারিয়েছে আর্জেন্টাইন ক্লাব রিভারপ্লেটকে। ইতালির ক্লাবটির হয়ে গোল করেন ফ্রান্সেসকো পিও এসপোসিতো এবং আলেহান্দ্রো বাস্তোনি। দুইটি গোলই হয়েছে দ্বিতীয়ার্ধে। ম্যাচের পর ইন্টার কোচ ক্রিশ্চিয়ান চিভু বলেছেন, 'প্রথমার্ধে রিভারপ্লেট আমাদের বেশ চাপে রেখেছিল। কিন্তু দ্বিতীয়ার্ধে নিজেদের খেলায় বেশ উন্নতি করেছিলাম।'

এই ম্যাচে ইন্টারের কাছে পরাজিত হয়ে প্রতিযোগিতা থেকে বিদায় নিয়েছে রিভারপ্লেট। এর ফলে ক্লাব বিশ্বকাপের নক আউটে কোনও আর্জেন্টাইন দলকে দেখা যাবে না। এদিন গ্রুপের অপর ম্যাচে মেক্সিকান ক্লাব মন্তেরেই ৪-০ গোলে জাপানের উরাওয়া রেডস ডায়মন্ডসকে হারিয়েছে। মেক্সিকোর দলটির হয়ে জোড়া গোল করেন জার্মান বার্তেরামে। বাকি গোলগুলি করেন নেলসন ডেওসা ও জেসুস কোরোনা। আপাতত এই গ্রুপ থেকে ইন্টার মিলানের সঙ্গে নক আউটে উঠেছে মন্তেরেই।



*ইন্টার মিলানকে এগিয়ে দিয়ে উচ্ছ্বাস ফ্রান্সেসকো পিও এসপোসিতোর।*

এদিকে গ্রুপ 'এফ'-এর শেষ ম্যাচে বরুসিয়া ডর্টমুন্ড ১-০ গোলে হারিয়েছে দক্ষিণ কোরিয়ার উলসানকে। জার্মান দলটির হয়ে জয়সূচক গোল করেন ড্যানিয়েল সেভেনসন। গ্রুপের অপর ম্যাচে ফ্লুমিনেজ গোলশূন্য ড্র করেছে মেলোডি সানডাউনের সঙ্গে। গ্রুপ 'এফ' থেকে বরুসিয়ার সঙ্গে নক আউটে উঠেছে ফ্লুমিনেজ। আপাতত নক আউটে ইন্টারের প্রতিপক্ষ ব্রাজিলিয়ান ক্লাব ফ্লুমিনেজ। অন্যদিকে বরুসিয়া মুখোমুখি হবে মন্তেরেইয়ের।

> প্রথমার্ধে রিভারপ্লেট আমাদের বেশ চাপে রেখেছিল। কিন্তু দ্বিতীয়ার্ধে নিজেদের খেলায় বেশ উন্নতি করেছিলাম।
>
> **ক্রিশ্চিয়ান চিভু**
> *ইন্টার মিলানের কোচ*

# এবারও ঘোড়া ছোটাতে তৈরি ইস্টবেঙ্গল

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৬ জুন :** 'চ্যাম্পিয়ন' দলের মতোই আত্মবিশ্বাসী।

গতবারের কলকাতা ফুটবল লিগে অশ্বমেধের ঘোড়া ছুটিয়েছিল বিনো জর্জের ইস্টবেঙ্গল। তবে আদালতের হস্তক্ষেপে এখনও খেতাব ছোঁয়া হয়ে ওঠেনি। প্রিমিয়ার ডিভিশনে চ্যাম্পিয়ন দলের নাম ঘোষণা আটকে। এদিকে এবারের লিগে বল গড়িয়ে গিয়েছে। শুক্রবার অভিযান শুরু করছে লাল-হলুদ। প্রথম ম্যাচে প্রতিপক্ষ মেসারার্স।

মোটের ওপর গতবারের দলটাকেই ধরে রেখেছে ইস্টবেঙ্গল। নতুন মুখ বলতে সন্তোষ ট্রফি জয়ী দলের বিক্রম প্রধান, মনোতোষ মাঝি, উত্তরবঙ্গের সঞ্জয় ওরাওঁরা। যদিও এরমধ্যে মনোতোষ বাদে প্রথম ম্যাচে বাকিদের খেলার সম্ভাবনা ক্ষীণ। চোটের কবলে শ্যামল বেসরা। বৃহস্পতিবার গোটা দল যখন মেসারার্স ম্যাচের চূড়ান্ত মহড়ায় ব্যস্ত, তাঁকে তখন দেখা গেল রিহ্যাব সারতে। শুক্রবারের ম্যাচে প্রথম একাদশে ছয় বাঙালি হতে পারেন গোলের নীচে আদিত্য পাত্র, ডিফেন্সে চাকু মান্ডি, মনোতোষ চাকলাদার, সুমন দে, মাঝমাঠে তন্ময় দাস ও স্ট্রাইকারে সায়ন বন্দ্যোপাধ্যায়। শুরু থেকে দেখা যেতে পারে মনোতোষ মাঝিকেও। এর বাইরে জিজো জোসেফ, নসিব রহমান, ভানলালপেকা গুইতে, মহম্মদ রোশাল, জেসিন টিকেরা তো রয়েছেনই। সবমিলিয়ে আক্রমণাত্মক ফুটবলে ভর করে লিগের শুরু থেকেই ডানা মেলতে চাইছেন বিনো।

> গত মরশুমে কলকাতা লিগে আমরা কোনও ম্যাচ হারিনি। ডায়মন্ড হারবার এফসি-র চেয়ে দুই পয়েন্ট এগিয়েছিলাম। আমাদের জেসিন সর্বাধিক গোলদাতা। বাকিটা আইএফএ-র কোর্টে। এবারেও একইভাবে লড়াই করতে তৈরি আমরা।
>
> **বিনো জর্জ**

**কলকাতা লিগে আজ**
**ইস্টবেঙ্গল বনাম মেসারার্স**
ম্যাচ শুরু ঃ দুপুর ৩টা

ঘরোয়া লিগে অভিযান শুরুর আগে আত্মবিশ্বাস ঝরে পড়ল কোচ বিনোর গলায়। তাঁর স্পষ্ট বক্তব্য, ইস্টবেঙ্গলকে চ্যাম্পিয়ন ঘোষণা না করা হলেও গতবারের পারফরমেন্স আত্মবিশ্বাস জোগাবে। বলেছেন, 'গত মরশুমে কলকাতা লিগে আমরা কোনও ম্যাচ হারিনি। ডায়মন্ড হারবার এফসি-র চেয়ে দুই পয়েন্ট এগিয়েছিলাম। আমাদের জেসিন সর্বাধিক গোলদাতা। বাকিটা আইএফএ-র কোর্টে। এবারেও একইভাবে লড়াই করতে তৈরি আমরা।' ঘরোয়া লিগে প্রথম একাদশে ছয় ভূমিপুত্র খেলানো বাধ্যতামূলক করেছে আইএফএ। এব্যাপারে তাঁর মন্তব্য, 'বাংলার ফুটবলের উন্নতির স্বার্থে আইএফএ-র সিদ্ধান্ত। আমরা তা মানতে বাধ্য।' এতে কি কোথাও দলের ভারসাম্য নষ্ট হবে? তা অবশ্য সরাসরি স্বীকার করলেন না বিনো।

## মোহনবাগানের পথেই অভিষেক

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৬ জুন :** মোহনবাগান সুপার জায়েন্টে সই করতে চলেছেন অভিষেক সিং টেকচাম। শোনা যাচ্ছে, দুই পক্ষের মধ্যে কথাবার্তা চূড়ান্ত হয়ে গিয়েছে। তিন বছরের চুক্তিতে সবুজ-মেরুন শিবিরে যোগ দিচ্ছেন তিনি।

পাঞ্জাব এফসি-র এই ডিফেন্ডারকে নেওয়ার দৌড়ে ছিল ইস্টবেঙ্গল ও এফসি গোয়া। কিন্তু শেষ পর্যন্ত রেকর্ড অর্থে মোহনবাগানের জালে ধরা দিতে চলেছেন অভিষেক। সেইসঙ্গে মুম্বই সিটি এফসি-র ডিফেন্ডার মেহতাব সিংও প্রায় নিশ্চিত করে ফেলেছে বাগান শিবিরকে।

এদিকে, বেঙ্গালুরু এফসি আর্জেন্টাইন মিডিও ব্রায়ান স্যাঞ্চেজ ও মরোক্কান ডিফেন্ডার সালাহেদ্দিন বাহিকে দলে নিচ্ছে। এই মরশুমে এফসি গোয়া বোরহা হেরেরা ও ইকের গুয়ারেটেক্সেনাকে রেখে দিচ্ছে। মুম্বই এফসিও জন টোরাল, তিরি ও জর্জে ওর্টিজকে ধরে রাখছে। মহমেডান স্পোর্টিং ক্লাবে খেলা আর্জেন্টাইন মিডিও অ্যালেক্সিস স্যাঞ্চেজ ইন্দোনেশিয়ান লিগের দল পার্সিজাপ জেপারাতে যোগ দিয়েছেন।

# টেস্ট ক্রিকেটেও 'স্টপ ক্লক' সিস্টেম

**দুবাই, ২৬ জুন :** ক্রিকেটে ফের বড়সড়ো রদবদল করছে আইসিসি। বল পরিবর্তন সহ ইতিমধ্যে বেশ কিছু নিয়ম আনা হয়েছে। গত বছর সাদা বলের ফর্ম্যাটে 'স্টপ ক্লক' ব্যবহারও শুরু হয়ে গিয়েছে। পরিবর্তন ঘটেছে বাউন্ডারি লাইনে ক্যাচ নেওয়ার পদ্ধতিতেও।

এবার টেস্ট ক্রিকেটে আসছে একঝাঁক পরিবর্তন। যার মধ্যে উল্লেখযোগ্য 'স্টপ ক্লক' পদ্ধতি। মন্থর ওভার রেটের সমস্যা মেটাতেই মূলত এই ভাবনা। দুই ওভারের মধ্যেকার সময়সীমা বেঁধে দেওয়া হবে। তিনবার এই বিধি ভঙ্গ করলে পেনাল্টি রান।

### থুতু ব্যবহারে লাগাম



লালা ব্যবহারে বল পরিবর্তনের ক্ষেত্রে লাগাম টানা হচ্ছে। থাকছে রিভিউ সিস্টেম, নো বলে ক্যাচের ক্ষেত্রে তৃতীয় আম্পায়ারের এক্তিয়ারে পরিবর্তনও। একঝাঁক পরিবর্তনের মধ্যে উল্লেখযোগ্য নিয়মগুলি হল।

**ক্লক টাইম :** মন্থর ওভাররেট আটকাতে স্টপ ক্লক এবার টেস্টেও। ওভার শেষ হওয়ার পর পরবর্তী ওভার শুরু করতে হবে ১ মিনিটের মধ্যে। আম্পায়াররা বিধি ভাঙলে দুইবার সতর্ক করবেন। তৃতীয়বারে ৫ রান পেনাল্টি ফিল্ডিং দলের।

**বল বদল :** ইচ্ছাকৃত থুতু লাগিয়ে বল পরিবর্তনের অনৈতিক সুবিধা আদায়ে লাগাম টানা হচ্ছে। নিয়ম ভাঙলে এক্ষেত্রে ৫ রান পেনাল্টি। বল একমাত্র খেলার অযোগ্য হলে তবেই পরিবর্তনের ভাবনা।

**ডিআরএস :** ক্যাচের সিদ্ধান্তের বিরুদ্ধে ব্যাটাররা রিভিউ নিলে, ব্যাট-বলের সংযোগ দেখা হবে। বল ব্যাটে না লাগলে পাশাপাশি দেখা হবে অন্য কোনও ভাবে ওই বলে আউটের সম্ভাবনা আছে কিনা।

# এত ক্যাচ ফেলে জেতা যায় না : সামি

**নয়াদিল্লি, ২৬ জুন :** ইংল্যান্ড সফরে দলে নেই। কিন্তু মনেপ্রাণে দলের সঙ্গেই রয়েছেন মহম্মদ সামি।

লিডসে প্রথম টেস্টে পরাজয়ের পর ভারতীয় দলের বোলিং ও ফিল্ডিং নিয়ে মোটেই খুশি নন সামি। ভারতীয় দলের ক্যাচ ফেলার প্রবণতাই ম্যাচ হারিয়েছে বলে মনে করেন তিনি। সামি বলেছেন, 'আমরা প্রথম টেস্টে অনেকগুলি ক্যাচ ফেলেছি। এত ক্যাচ ফেললে ম্যাচ জেতা যায় না। আমাদের ফিল্ডিং নিয়ে আরও কাজ করতে হবে।'

বুমরাহকে দেখে প্রসিদ্ধ কৃষ্ণাদের শেখার কথা বলেছেন সামি। বলেছেন, 'ভারতীয় বোলারদের বুমরাহের থেকে কিছু শেখা উচিত। ওর সঙ্গে কথা বলে বোলিংয়ের পরিকল্পনা ঠিক করা দরকার। আমাদের বোলাররা যদি বুমরাহকে একটা প্রান্ত থেকে সমর্থন দেয়, তাহলে ম্যাচ জেতা অনেক সহজ হয়ে যাবে। তাই সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, বুমরাহকে একপ্রান্ত থেকে সমর্থন দিয়ে যাওয়া।' তিনি আরও যোগ করেছেন, 'সবাই বলে ইংল্যান্ডে ব্যাট করাটা কঠিন। কিন্তু আমাদের ব্যাটাররা ভালো পারফরমেন্স করেছে। ম্যাচ জিততে গেলে নতুন বলে উইকেট নেওয়াটা গুরুত্বপূর্ণ। ইংল্যান্ড ম্যাচ জিতেছে কারণ আমরা সহজে প্রচুর রান দিয়েছি।'



তবে প্রথম টেস্ট হেরে গেলেও আশা ছাড়ছেন না ভারতীয় পেসার। তিনি বলেছেন, 'এখনও সিরিজে অনেক কিছু বাকি আছে। আমাদের জিততে গেলে বোলিং ইউনিটকে আরও ভালো খেলতে হবে।'

## শুভেচ্ছা

**অন্নপ্রাশন**

☺ Karnika Das (অরবিন্দপল্লি) শুভ অন্নপ্রাশনে শুভেচ্ছা রইল। শুভ কামনায় ‘‘মাতঙ্গিনী ক্যাটারার’’ ও ‘‘চলো বাংলায় ফ্যামিলি রেস্টুরেন্ট’’ (Veg/N.Veg ) শিলিগুড়ি।

## এগিয়ে গেল ওয়েস্ট ইন্ডিজ

**ব্রিজটাউন, ২৬ জুন :** মিচেল স্টার্ক (৬৫/৩), প্যাট কামিন্স (৩৪/২) ও জোশ হ্যাজেলউডের (৪১/২) মরিয়া প্রয়াসের পরও প্রথম টেস্টের প্রথম ইনিংসে এগিয়ে গেল ওয়েস্ট ইন্ডিজ। বুধবার প্রথম ইনিংসে অস্ট্রেলিয়ার ১৮০ রানের জবাবে ৫৭ রানে ৪ উইকেট হারিয়ে ক্যারিবিয়ানরা চাপে পড়ে গিয়েছিল। বৃহস্পতিবারও তারা নিয়মিত ব্যবধানে উইকেট হারিয়েছে। তারই মাঝে নতুন অধিনায়ক রোস্টন চেজ (৪৪) ও শাই হোপের (৪৮) প্রতিরোধে তারা ১৯০ রানে প্রথম ইনিংস শেষ করে। শেষদিকে আলজারি জোসেফের অপরাজিত ২৩ রান তাদের ১০ রানের লিড এনে দেয়। জবাবে অস্ট্রেলিয়া দ্বিতীয় ইনিংসে শেষ খবর পাওয়া পর্যন্ত ১ উইকেটে ৩৩ রান তুলেছে। উসমান খোয়াজা আউট হন ১৫ রানে।

## সেমিতে ড্রিম, উইনার্স

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৬ জুন :** ডিএসইউ তরাই মর্নিং এফসি-র গণেশচন্দ্র সেন, নিতাই পোদ্দার ও মাঠের সাথি গ্রুপ ট্রফি অনূর্ধ্ব-১৫ ফুটবলে সেমিফাইনালে উঠল ড্রিম ফুটবল ক্লাব ও উইনার্স ফুটবল কোচিং সেন্টার। বৃহস্পতিবার ড্রিম ৩-১ গোলে বাপি স্মৃতি ফুটবল কোচিং ক্যাম্পকে হারিয়েছে। ড্রিমের গণেশ থাপা, সোকাল গুরিয়া ও ম্যাচের সেরা শুভম রায় গোল করে। বাপির গোলটি শ্রেয়ান গুরুংয়ের। উইনার্স ৩-০ গোলে মেডিকেল মর্নিং ফুটবল ক্যাম্পের বিরুদ্ধে জয় পায়। ম্যাচের সেরা আমন গোয়ালা জোড়া গোল করে। অন্যটি রিশান সাহার।



*ম্যাচের সেরার ট্রফি নিচ্ছে ড্রিম এফসি-র শুভম রায়।*

**ভারতীয় ক্রিকেটের ‘অভিশাপ’ এজবাস্টন**

# ২য় টেস্টে হয়তো বিশ্রামে বুমরাহ

**বার্মিংহাম, ২৬ জুন :** কেউ কফি শপে সময় কাটালেন। কেউ টিম হোটেলেই বিশ্রাম নিলেন। আবার কেউ কেউ বার্মিংহামের রাস্তায় ঘুরে বেড়ালেন।

লিডস থেকে গতকালই বার্মিংহাম পৌঁছে গিয়েছিল টিম ইন্ডিয়া। আজ পুরো দিনই বিশ্রাম ছিল ভারতীয় ক্রিকেটারদের। হেডিংলে টেস্টে হারের ধাক্কা সামলে সামনে তাকানোর লক্ষ্যে আজ টিম ইন্ডিয়ার ছিল ‘ফ্রি’ ডে। হঠাৎ পাওয়া সেই ছুটির দিনটাকে টিম ইন্ডিয়ার সদস্যরা দারুণভাবে উপভোগ করেছেন। আর সেই উপভোগ করার নেপথ্য কারণ হল, মানসিক চাপ কাটানো। হেডিংলে টেস্টে যেভাবে ফিল্ডিং ও লোয়ার অর্ডার ব্যাটিং ডুবিয়েছে টিম ইন্ডিয়াকে, সঙ্গে জসপ্রীত বুমরাহর উপর প্রবল নির্ভরতার বিষয়টা সামনে এসেছে। তারপর ২ জুলাই থেকে এজবাস্টনে শুরু হতে চলা সিরিজের দ্বিতীয় টেস্টে ফের শূন্য থেকে শুরু করতে হবে শুভমান গিলের ভারতকে।



*এজবাস্টনে পৌঁছে গেলেন জসপ্রীত বুমরাহ।*

এজবাস্টনের মাঠে শুক্রবার থেকে অনুশীলন শুরু করছে টিম ইন্ডিয়া। আগামীকাল ও পরশু, দুইদিনই রুদ্ধদ্বার অনুশীলন ভারতীয় দলের। সংবাদমাধ্যমের প্রবেশ নিষিদ্ধ শুভমানদের অনুশীলনে। টিম ইন্ডিয়ার তরফে আজ রাতেই স্পষ্টভাবে জানিয়ে দেওয়া হয়েছে বিষয়টি। হেডিংলে টেস্টের আগেও এমন ক্লোজডোর অনুশীলন করেছিল ভারতীয় দল। ফের সেই পথেই হাঁটতে চলেছে টিম ইন্ডিয়া। শুধু তাই নয়, ভারতীয় ক্রিকেটপ্রেমীদের দুশ্চিন্তা ও উদ্বেগ বাড়িয়ে আজ জানা গিয়েছে, এজবাস্টন টেস্টের প্রথম একাদশে হয়তো থাকবেন না বুমরাহ। ওয়ার্কলোড ম্যানেজমেন্টের কারণে তাঁকে বিশ্রাম দেওয়ার সিদ্ধান্ত প্রায় চূড়ান্ত করে ফেলেছে ভারতীয় টিম ম্যানেজমেন্ট। বুমরাহ শেষ পর্যন্ত এজবাস্টন টেস্টে না খেললে ভারতীয় বোলিংকে কে নেতৃত্ব দেবেন, কে তাঁর শূন্যস্থান পূরণ করবেন-চলছে জল্পনা। মনে করা হচ্ছে, এজবাস্টন টেস্টে খেলতে পারেন অর্শদীপ সিং। এসবের মধ্যেই হর্ষিত রানা লিডস থেকে ভারতীয় দলের সঙ্গে বার্মিংহামে পৌঁছাননি। ভারতীয় দলের অন্দরের খবর, কোচ গৌতম গম্ভীরের অতি প্রিয় হর্ষিতকে স্কোয়াড থেকে রিলিজ করে দেওয়া হয়েছে। কিন্তু কেন? তার কোনও ব্যাখ্যা দেওয়া হয়নি টিম ইন্ডিয়ার তরফে।

চলতি সিরিজে আপাতত ১-০ ব্যবধানে পিছিয়ে শুভমানের ভারত। ২ জুলাই থেকে শুরু সিরিজের দ্বিতীয় টেস্ট। বার্মিংহামের এজবাস্টনের মাঠে হবে দ্বিতীয় টেস্ট। এই মাঠ ভারতীয় ক্রিকেটের জন্য ‘অভিশাপ’। ইতিহাস ও পরিসংখ্যান বলছে, অতীতে কখনও এজবাস্টনের মাঠে টেস্ট জিততে পারেনি টিম ইন্ডিয়া। ৫৮ বছর আগে এজবাস্টনের মাঠে প্রথম টেস্ট খেলেছিল ভারত। মাঝে দীর্ঘসময় পার। আর দীর্ঘ এই সময়ে মোট আটটি টেস্ট এজবাস্টনে খেলেছে ভারত। হেরেছি সাতটি ম্যাচে। ড্র একটি টেস্টে। জয় আজও অধরা। এবার কি ছবিটা বদলাতে পারে? জবাব কারও জানা নেই। হেডিংলেতে লজ্জার হারের পর শুভমানের ভারতকে নিয়ে কেউই বাজি ধরতে চাইছেন না। সঙ্গে দলের কম্বিনেশনে বদল আনার কথাও বলে চলেছেন ক্রিকেট বিশেষজ্ঞরা। গম্ভীর-শুভমানরা কি সেসব শুনতে পাচ্ছেন? আদৌ কি টিম ইন্ডিয়া এজবাস্টন অভিশাপ কাটিয়ে সিরিজে ঘুরে দাঁড়াতে পারবেন?


জল্পনা ক্রমশ বাড়ছে। আর এই জল্পনার মধ্যেই সর্বভারতীয় এক সংবাদমাধ্যমে চলতি ইংল্যান্ড সিরিজ নিয়ে মুখ খুলেছেন লোকেশ রাহুল। ভারতীয় ওপেনার হেডিংলে টেস্টের প্রথম ইনিংসে ভালো শুরু করেছিলেন। দ্বিতীয় ইনিংসে শতরান করেছেন। এহেন রাহুল বার্মিংহামে পৌঁছানোর পর আজ বলেছেন, ‘পরিকল্পনা করেই আগে ইংল্যান্ডে হাজির হয়েছিলাম। উদ্দেশ্য ছিল সঠিক প্রস্তুতির। প্রথম টেস্টের পর বলতে পারি, প্রস্তুতির দিক থেকে সঠিক জায়গায় রয়েছি আমি।’ শেষ আইপিএলের সময় বাবা হয়েছেন রাহুল। ফলে তাঁর জন্য পরিবার ও সন্তানকে দেশে ফেলে রেখে দীর্ঘ বিলেত সফরে হাজির হওয়াটা সহজ ছিল না। কিন্তু নিজের ক্রিকেটীয় দর্শনের দিক থেকে পজিটিভ অবস্থান লোকেশের। তাঁর কথায়, ‘আমার কাছে দেশ সবকিছুর আগে। হ্যাঁ, পরিবারেরও আগে।’

এহেন রাহুল বাকি সিরিজে শুভমানের ভারতকে কতটা ভরসা দিতে পারেন, সেটাই এখন দেখার।

## ভারতে আসছেন না কার্লসেন

**নয়াদিল্লি, ২৬ জুন :** টুর্নামেন্ট হচ্ছে না। ফলে এই বছর ভারতে আসা হচ্ছে না ম্যাগনাস কার্লসেনের।

চলতি বছর সেপ্টেম্বরের ১৭ থেকে ২৪ তারিখ ফ্রি স্টাইল দাবা প্রতিযোগিতার আসর বসার কথা ছিল নয়াদিল্লিতে। তবে ফ্রি স্টাইল দাবা সংস্থার মুখ্য আধিকারিক জ্যান হেনরিক বুয়েটনার বলেছেন, ‘গত দেড় বছরে একাধিক ভারতীয় স্পনসরের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তবে কোনও সংস্থাই এখনও এগিয়ে আসেনি। যে কারণে একপ্রকার বাধ্য হয়েই প্রতিযোগিতা স্থানান্তরিত করার সিদ্ধান্ত নেওয়া হচ্ছে।’ এই মুহূর্তে ফ্রি স্টাইল চেজ চ্যাম্পিয়নশিপের ক্রমতালিকায় শীর্ষে রয়েছেন কার্লসেন। তাঁর পিছনেই রয়েছেন ফ্যাবিয়ানো কারুয়ানা, ভিনসেন্ট কেইমার, হিকারু নাকামুরারা। কাজেই ফ্রি স্টাইল দাবার আসর বসলে আরও একবার বিশ্বের সেরা দাবাড়ুদের লড়াইয়ের সাক্ষী হয়ে থাকতে পারত ভারত। দিল্লির দাবাপ্রেমীদের সেই আশা আপাতত পূরণ হচ্ছে না।



# ‘টেনশন’ বাড়িয়ে ইংল্যান্ড দলে জোফ্রা

**বার্মিংহাম, ২৬ জুন :** হওয়ারই ছিল। শেষ পর্যন্ত জল্পনাই সত্যি হল।

ফিট হয়ে ঘরোয়া ক্রিকেটে ম্যাচ খেলে ভারতের বিরুদ্ধে চলতি টেস্টের ইংল্যান্ড স্কোয়াডে ফিরলেন জোরে বোলার জোফ্রা আর্চার। বার্মিংহামের এজবাস্টনের মাঠে ২ জুলাই থেকে শুরু হচ্ছে চলেছে ভারত বনাম ইংল্যান্ডের দ্বিতীয় টেস্ট। সেই টেস্টের আগে বৃহস্পতিবারই বেন স্টোকসদের স্কোয়াডে যুক্ত করা হল জোফ্রাকে। ১৪ সদস্যের ইংল্যান্ড স্কোয়াডে ১৫ নম্বর হিসেবে যুক্ত হলেন জোফ্রা। কনুই ও পিঠের চোটের কারণে চার বছর ইংল্যান্ড দলের বাইরে ছিলেন জোফ্রা। চার বছর পর স্টোকসদের সংসারে আর্চার যুক্ত হতেই শুভমান গিলদের জন্য টেনশন বাড়ল।

লিডস টেস্টে হারের যন্ত্রণা এখনও কাটেনি টিম ইন্ডিয়ার। প্রথম ইনিংসে ৪৭১, দ্বিতীয় ইনিংসে ৩৬৪ রান। দুই ইনিংস মিলিয়ে পাঁচটি শতরান। প্রথম ইনিংসে জসপ্রীত বুমরাহর পাঁচ উইকেট। এমন ঘটনার ঘনঘটার পরও হেডিংলে টেস্টে হেরেছে টিম ইন্ডিয়া। ইংল্যান্ডের কার্যত দ্বিতীয় সারির বোলিং আক্রমণের সামনে হেডিংলে টেস্টে হারতে হয়েছে শুভমানদের। বার্মিংহাম টেস্টের প্রথম একাদশে জোফ্রা সুযোগ পাওয়ার পরই তাই প্রশ্ন উঠেছে, ধারাবাহিকভাবে ১৪৫-১৫০ কিলোমিটার গতিতে বল করা জোফ্রাকে এজবাস্টনে সামলাতে পারবে তো ভারতীয় ব্যাটাররা? জবাব সময় দেবে।

কিন্তু তার আগে নিশ্চিতভাবেই শক্তি অনেকটাই বেড়ে গেল স্টোকসদের। ২ জুলাই বার্মিংহাম টেস্ট শুরু হলেই বোঝা যাবে টিম ইন্ডিয়ার যন্ত্রণা কতটা বাড়ল। উল্লেখ্য, ২০২১ সালে ভারত সফরে শেষবার লাল বলের টেস্ট ম্যাচ খেলেছিলেন জোফ্রা। মাঝের সময়ে কনুই ও পিঠের চোট তাঁকে ক্রিকেট থেকে দূরে রেখেছিল। চলতি বছরে ভারতের মাটিতে আইপিএলে রাজস্থান রয়্যালসের হয়েও খেলেছিলেন আর্চার। ভারতীয় ব্যাটারদের সম্পর্কে ভালোরকম ওয়াকিবহাল তিনি।



*মিউনিখে স্পোর্টস হার্নিয়ার অপারেশনের পর সূর্যকুমার যাদব। হাসপাতালের বিছানায় শুয়ে তিনি সামাজিক মাধ্যমে লিখলেন, ‘অস্ত্রোপচার সফল হয়েছে। আমি এখন সুস্থ হয়ে ওঠার পথে। দ্রুত মাঠে ফিরতে মুখিয়ে রয়েছি।’*

## নিসাঙ্কার শতরানে সুবিধায় শ্রীলঙ্কা

**কলম্বো, ২৬ জুন :** বাংলাদেশের বিরুদ্ধে টেস্টের প্রথম দিনে দাপট দেখিয়েছিলেন শ্রীলঙ্কার বোলাররা। দ্বিতীয় দিনে ব্যাটাররা দায়িত্ব নিলেন। নিটফল দ্বিতীয়দিনের পর চালকের আসনে লঙ্কানরা। বৃহস্পতিবার দিনের শেষে শ্রীলঙ্কার স্কোর ২৯০/২। তাদের লিড ৪৩ রানের।

এদিন শ্রীলঙ্কার নায়ক ডানহাতি ওপেনার পাথুম নিসাঙ্কা। চতুর্থ টেস্ট শতরান করে দিনের শেষে তিনি অপরাজিত রয়েছেন ১৪৬ রানে। সারাদিন তাঁকে সংগত দিয়ে যান দীনেশ চাণ্ডিমল (৯৩)। ওপেনিং জুটিতে ৮৮ রানের পর চাণ্ডিমলকে সঙ্গে নিয়ে তৃতীয় উইকেটে ১৯৪ রান জোড়েন নিসাঙ্কা।

প্রথম বলে ব্যাকফুট পাঞ্চের বাউন্ডারিতেই ছন্দ ঠিক করে দেন নিসাঙ্কা। তারপর গোটা দিনই ম্যাচের রাশ আলগা হতে দেননি লঙ্কান ব্যাটাররা। দিনের শেষের দিকে চাণ্ডিমলকে ফেরান নঈম হাসান (৪৫/১)। নিসাঙ্কার সঙ্গে ক্রিজে নৈশপ্রহরী প্রভাত জয়সূর্য (৫)।




*শতরানের পর পাথুম নিসাঙ্কা।*












*চ্যাম্পিয়ন হওয়ার পর তরাই তারাপদ আদর্শ বিদ্যালয়।*

## দ্বিমুকুট তরাই তারাপদ স্কুলের

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৬ জুন :** শিলিগুড়ি জেলা বিদ্যালয় ক্রীড়া পর্ষদের দক্ষিণ জোনের খেলায় অনূর্ধ্ব-১৭ ও ১৫ ছেলেদের বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে তরাই তারাপদ আদর্শ বিদ্যালয়। বৃহস্পতিবার অনূর্ধ্ব-১৫ ফাইনালে তারা ২-০ গোলে হারিয়েছে শিলিগুড়ি বয়েজ হাইস্কুলকে। রাহুল রায় ও তেজস দে গোল করে। ফাইনালের সেরা ধৃতিমান দে। অনূর্ধ্ব-১৭ ফাইনালে একই স্কুলের বিরুদ্ধে তাদের জয় এসেছে ৪-০ গোলে। ফাইনালের সেরা প্রদীপ বর্মন। বিদ্যালয় ক্রীড়া পর্ষদের সভাপতি মদন ভট্টাচার্য বলেছেন, ‘চ্যাম্পিয়ন হয়ে তরাই যোগ্যতা অর্জন করল জেলা পর্যায়ে খেলার। জুলাইয়ের প্রথমদিকে জেলা পর্যায়ের খেলা শেষ করা হবে।’

## ৫ গোল কিশোর সংঘের



*ম্যাচের সেরার ট্রফি নিয়ে শিলিগুড়ি কিশোর সংঘের প্রাণেশ প্রধান।*

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৬ জুন :** মহকুমা ক্রীড়া পরিষদের গৌরচন্দ্র দত্ত, অমৃতকুমার চৌধুরী ও বিমলা পাল ট্রফি প্রথম ডিভিশন ফুটবল লিগে বৃহস্পতিবার গ্রুপ ‘এ’-তে শিলিগুড়ি কিশোর সংঘ ৫-২ গোলে রামকৃষ্ণ ব্যায়াম শিক্ষা সংঘকে হারিয়েছে। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে কিশোরের প্রাণেশ প্রধান, অভিষেক তামাং, আমন গুরুং, আয়ুষ ছেত্রী ও রাজীব মুন্ডা গোল করেন। রামকৃষ্ণর জোড়া গোল সন্দীপ ছেত্রীর। ম্যাচের সেরা হয়ে প্রাণেশ পেয়েছেন দেবলকৃষ্ণ মজুমদার ট্রফি। শুক্রবার গ্রুপ ‘বি’-তে খেলবে বিধান স্পোর্টিং ক্লাব ও নকশালবাড়ি ইউনাইটেড ক্লাব।

## ফাইনালে বিবাদী

**নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ২৬ জুন :** উইনার্স ফুটবল কোচিং সেন্টারের আন্তঃ কোচিং সেন্টার ফুটবলে বিনয়ভূষণ দাস, রেবতীরমন মিত্র, পদ্মরানি বসু ট্রফি অনূর্ধ্ব-১০ ছেলে ও মেয়েদের যৌথ ফুটবলে ফাইনালে উঠল বিবাদী ফুটবল অ্যাকাডেমি। বৃহস্পতিবার প্রথম সেমিফাইনালে তারা টাইব্রেকারে ৫-৩ গোলে বিবেকানন্দ ক্লাব মর্নিং সকারকে হারিয়েছে। এনআরআই ইনস্টিটিউট মাঠে নির্ধারিত সময়ে ম্যাচ গোলশূন্য ছিল। ম্যাচের সেরা বিবাদীর শুভম সাহা। শুক্রবার দ্বিতীয় সেমিফাইনালে আয়োজকদের বিরুদ্ধে খেলবে পুরনিগমের ফুটবল অ্যাকাডেমি।

অন্যদিকে সন্তোষকুমার সরকার, অনুজ ভৌমিক ও অরুণবরণ চট্টোপাধ্যায় ট্রফি অনূর্ধ্ব-১৩ ছেলেদের বিভাগে শুক্রবার দ্বিতীয় সেমিফাইনালে আয়োজকরা মুখোমুখি হবে বাগডোগরা জেপিএফসি-র।



*ম্যাচের সেরা বিবাদীর শুভম সাহা।*

## নেতাজির জয়

**জলপাইগুড়ি, ২৬ জুন :** জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ফুটবল লিগে বৃহস্পতিবার নেতাজি মর্ডান ২-১ গোলে হারিয়েছে আরওয়াইএ-কে। নেতাজির গোল করেন বিকি জমাদার ও বিশাল রায়। আরওয়াইএ-র গোলস্কোরার মানব দাস। ম্যাচের সেরা হয়েছেন বিকি।

## সেন্ট পলস স্কুলে শুরু রাজ্য দাবা প্রতিযোগিতা

**জলপাইগুড়ি, ২৬ জুন :** জেলা দাবা সংস্থার পরিচালনায় এবং সারা বাংলা দাবা সংস্থার তত্ত্বাবধানে শুরু হল চারদিন ব্যাপী অনূর্ধ্ব-১৫ রাজ্য দাবা প্রতিযোগিতা। বৃহস্পতিবার সেন্ট পলস স্কুলে ২২টি জেলার দাবাড়ুরা নেমেছে এই প্রতিযোগিতায়। প্রথম দিনে ওপেন বিভাগে দুই রাউন্ড শেষে এগিয়ে হাওড়ার ভেঙ্কটেশ দাস। দ্বিতীয় স্থানে নদিয়ার আরহান চট্টোপাধ্যায়। তৃতীয় স্থানে পশ্চিম মেদিনীপুরের আরোহণ দে আছে। মেয়েদের বিভাগে প্রথম তিন স্থানে রয়েছে উত্তর ২৪ পরগনার দক্ষা রুদ্র, অদৃজা দাস এবং সুনেত্রা দে।

